Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PRESENTED

নরদেবতা

বা

শ্রীরামকৃষ্ণ জীবন নাট্য

(প্রথম নাটক)

PRESENTED

LIBRARY
No. 3/308
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

শ্রীনীলমণি সান্যাল

কর্ত্তৃক

রচিত ও সম্পাদিত

শ্রীরামকৃষ্ণ-সারদা পীঠ, শ্রীরামপুর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীউমাশঙ্কর সরকার

নরদেবতা

বা

শ্রীরামকৃষ্ণ জীবন নাট্য

(পঞ্চমাঙ্ক নাটক)

3/308

শ্রীনীলমণি সান্যাল

কর্ত্তৃক

রচিত ও সম্পাদিত

মহেশ লাইব্রেরী।

[মূল্য দেড় টাকা]

শ্রীরামকৃষ্ণ-সারদা পীঠ, শ্রীরামপুর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কমলেশ্বরানন্দ আশ্রম পরিচালিত শ্রীরামকৃষ্ণ-সারদা পীঠের পক্ষে
গ্রন্থকার কর্ত্তৃক ১২নং কুমোরপটী লেন, টিন বাজার, শ্রীরামপুর
হইতে প্রকাশিত।

কমলেশ্বরানন্দ আশ্রমের অধ্যক্ষ
কর্ত্তৃক
সর্ব্বস্বত্ব সংরক্ষিত।

[শ্রীশ্রী৺জগন্নাথদেবের রথযাত্রা, ১৩৬১ সাল, শ্রীরামপুর।]

সমবায় প্রেস, শ্রীরামপুর হইতে শ্রীপ্রভাকর পাল
কর্ত্তৃক মুদ্রিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No.....
Shri Sri Anandamayee Ashram
BANARAS

গ্রন্থকারের নিবেদন

ভগবান শ্রীরামকৃষ্ণের মহাজীবন সমুদ্রের অতি ক্ষুদ্র বুদ্বুদ মাত্র এই নাটকখানি—অনন্ত ভাবময় ঠাকুরের কতটুকুই বা ইহাতে প্রকাশ পাইয়াছে? আমার ন্যায় মূঢ়ের পক্ষে যে ইহা চরম ধৃষ্টতা ও বামন হইয়া চাঁদে হাত দেওয়ার দুরাকাঙ্খা তাহা মর্ম্মে মর্ম্মে উপলব্ধি করিয়া সুধীগণের নিকট করযোড়ে ক্ষমা ভিক্ষা চাহিতেছি।

জানিয়া শুনিয়াও তবে এ ধৃষ্টতা কেন—? উত্তরে নিবেদন এই, বয়স তখন ১৬।১৭ বৎসর—এক দিবস চিত্তে উদিত হয় শ্রীশ্রীঠাকুর শ্রীরামকৃষ্ণের লীলা অভিনয় কেউ করে যদি বেশ হয়—যেমন কৃষ্ণলীলা, রামলীলা, চৈতন্যলীলা ইত্যাদি প্রদর্শিত হইয়া থাকে। তাহার পর মনে উদিত হয়, আমার দ্বারা কি হ'তে পারে না? কিন্তু তৎ মুহূর্ত্তেই ভাবিয়া দেখিলাম—হায় আমার সে বিদ্যাবুদ্ধি কোথায়! সেই অবধি নিরাশায় হৃদয় ভরিয়া থাকিল। কালের অবিশ্রান্ত গতি রুদ্ধ থাকিবার নয়। ইহার বহু বৎসর পরে শ্রীগুরুর আশীর্ব্বাদ লাভে ধন্য হইলাম। তিনি আশীর্ব্বাদ করিলেন, যদি লেখ, লিখতে পারবে। তদবধি কিছু বইটই লিখিবার ঝোঁক থাকিলেও সাহসেও কুলায় নাই, বুদ্ধিতেও কুলায় নাই। চেষ্টা করিতে যাইলেও মনে হইত—"কি জানি, যে বই লিখব—?" শ্রীগুরুর দেহাবসানের পর তাঁহার স্মৃতি তর্পণ করিলাম একটি প্রবন্ধ রচনা করিয়া—এইখানে আমার হাতেখড়ি হইল। এস্থলে বলিয়া রাখি, বাল্যকালে আমার আনুষ্ঠানিক কোন হাতেখড়ি হয় নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইহার পর শ্রীগুরুকৃপায় পত্রিকার সম্পাদনা, প্রবন্ধ ও গ্রন্থাদি রচনা হইয়াছে। এই নাটকখানি পুস্তক রচনার দিক দিয়া আমার চতুর্থ প্রচেষ্টা —কৈশোর স্বপ্নের সার্থকতা। শ্রীগুরুর কৃপায় চিরবাঞ্ছিত অভীষ্টদেবের গুণানুকীর্ত্তন, লীলাস্মরণ ও তাঁহার অনুধ্যান মানসে এই নাটকখানির উদ্ভব। বহু বাধা বিপত্তির মধ্যে ইহার রচনা ও প্রকাশ। অর্থলিপ্সা বা নাম যশের মোহ কাটাইয়া রচনার দীর্ঘ দেড় বৎসর কাল পরে প্রভুরই কৃপায় এই পুস্তকখানি প্রকাশ সম্ভব হইল এ কথা কেমন করিয়া জানাইব তাহার ভাষা আমি খুঁজিয়া পাইতেছিনা—শুধু এইটুকুই উপলব্ধি করিতেছি যে দয়াময় প্রভুর সকলই বিচিত্র! সুতরাং যদি নাটকখানির পাঠে কিংবা অভিনয়ে সুধী সমাজ প্রভুর যুগ লীলার আভাস পাইয়া কথঞ্চিতও পরিতৃপ্ত হন তাহা হইলে সে প্রভুরই আর এক মহিমা আমি শুধু দায়ী রহিলাম ইহার বিপরীতের জন্য।

এই নাটকখানি রচনার মূল উপাদান সংগৃহীত হইয়াছে বাল্যাবধি শ্রীশ্রীঠাকুর সম্বন্ধে যে সকল প্রামাণ্য প্রবন্ধ ও গ্রন্থাদি পাঠ করিয়াছি ও প্রভুর পার্ষদগণের ও তাঁহাদের অনুবর্ত্তী সাধুসজ্জনের শ্রীমুখে যে সকল বিবরণ শুনিয়াছি তাহা হইতে। বিশেষতঃ পূজ্যপাদ স্বামী সারদানন্দ মহারাজজীকৃত শ্রীরামকৃষ্ণ লীলা প্রসঙ্গ, শ্রীমাকথিত শ্রীরামকৃষ্ণ কথামৃত, পূজ্যপাদ শ্রীযুক্ত রামচন্দ্র দত্ত কৃত শ্রীরামকৃষ্ণ জীবনী ও পূজ্যপাদ শ্রীযুক্ত বৈকুণ্ঠনাথ সান্যাল কৃত শ্রীরামকৃষ্ণ লীলামৃত পাঠে ও অনুধ্যানে চিত্তে শ্রীশ্রীপ্রভুর যে চিত্র অঙ্কিত হইয়া আছে, তাহারই বাঙ্ময় রূপ এই ক্ষুদ্র নাটকখানি। অভিনয়ের সুবিধার্থে স্থানে স্থানে কল্পনার সাহায্য লইয়াছি। অবশ্য কল্পনা হইলেও বৃথা কল্পনা নহে। মূল ভাব ও ঐতিহাসিক ঘটনার সহিত যত দূর সম্ভব সামঞ্জস্য রক্ষা করিতে প্রয়াস পাইয়াছি। অভিজ্ঞ পাঠক ইহা উপলব্ধি করিবেন আশা আছে। সঙ্গীতগুলি বিভিন্ন সূত্রে সংগৃহীত। অবশ্য ইহার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

3/308

1/134

অধিকাংশগুলি শ্রীশ্রীঠাকুর বিভিন্ন সময়ে স্বয়ং গাহিয়াছিলেন অথবা ভক্তগণ গাহিয়া তাঁহাকে শুনাইয়া ছিলেন। প্রস্তাবনা সঙ্গীতটী ভক্তকবি গিরীশচন্দ্র কর্তৃক রচিত।

পরিশেষে, এই গ্রন্থ রচনায় যাঁহারা উৎসাহ ও নানাবিধ সাহায্য দানে আমাকে আপ্যায়িত করিয়াছেন ও যাঁহাদের রচনাদি হইতে প্রভূত সাহায্য পাইয়াছি এবং এতৎ সংশ্লিষ্ট সকলেরই নিকট এই অবসরে ক্ষমা প্রর্থনা করিতেছি এবং সকৃতজ্ঞ চিত্তে আন্তরিক নমস্কার জানাইতেছি।

অর্থাভাব বশতঃ বইখানির কাগজ ও ছাপা আশানুরূপ হইল না। এই গ্রন্থের উপস্বত্বে একটি শ্রীগুরুর নামে ও শ্রীশ্রীঠাকুরের নামে একটি প্রতিষ্ঠান পরিচালনায় সাহায্য হইবে, এই শুভ সঙ্কল্প নিবেদন করিয়া সকলের চরণে প্রণিপাত জানাইয়া এক্ষণে বিদায় লইলাম। হরি ওঁ তৎসৎ।

শ্রীরামপুর
১৭ই আষাঢ় ১৩৬১

লেখক—শ্রীনীলমণি সান্যাল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু মহারাজ শ্রীমৎ স্বামী কমলেশ্বরানন্দজীর স্মৃতি বন্দনা

হে সন্ন্যাসী !

পাত্র অপাত্র না করি বিচার
সবারে দানিলে প্রেম তোমার—
নির্ব্বিশেষ সকলে লয়ে বক্ষে টানি
নাহি মানি মিথ্যাচার লোকাচার (হে গুণী) !

যোগ ভোগ দুয়ের সমন্বয়
সাধিল যারা তারা তো তুচ্ছ নয় ;—
তাদেরি দেওয়া জ্ঞান বর্ত্তিকা
করে হাসিছ যেন শুভ্র চন্দ্রিকা !

মহা যজ্ঞে উত্থিত মহা অমৃত
পান তো তুমি করেছ হে ঋত—
তাই বন্দি তোমারে ধন্য মোরা
ধন্য মোদের তব জয় গান করা।

হৃদয় তন্ত্রে মোদের যে গান
প্রভু তুমি বাজায়ে ছিলে
সে গান আজিকে উঠুক বাজিয়ে
বাজিয়ে উঠুক তব বিজয় বিষাণ !—

হে চির বরণীয় তব প্রেম সে যে চির অতুলনীয় !
সে প্রেম স্নাত সকল ভকত
আজিকে গাহিছে তব জয়—
জয় জয় জয় গুরুজীকো জয়।

ওঁ তৎসৎ।

সেবক—শ্রীনীলমণি সান্যাল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No. 1/134
Sri Sri Anandamayee Ashram
BANARAS 3/308

উৎসর্গ

প্রভু রামকৃষ্ণ!

গঙ্গা জলে গঙ্গা পূজা করেছি মাত্র। তুমি ভাবগ্রাহী জনার্দ্দন—নিজেকে অকর্ত্তা জেনে কর্ত্তার মত কাজ করেছি কিনা তুমিই জান প্রভু! কাজেই শ্রীরামকৃষ্ণায় অর্পণমস্তু—তোমার জিনিষ তোমারই চরণে উৎসর্গ করে ধন্য হলাম। সকল অপরাধ, ত্রুটি-বিচ্যুতি ক্ষমা কর প্রভু! তোমার হাতে যন্ত্র হওয়ার আনন্দটুকুই আমার কাম্য। তাই বাল্যকাল থেকে যে কথা দিয়ে তোমার শ্রীচরণে আত্ম নিবেদন করে এসেছি, সেই কথাই এখানেও বলে তোমায় নমস্কার করি হে সনাতন পুরুষ!—

(প্রভু) যুগ যুগ ধরি ও চরণ বন্দিনু.
তবু কি তব তত্ত্ব কিছুমাত্র জানিনু!
নদী গিরি পর্ব্বত সাগর বনলতা—
রবি শশী তারকা নিকরে তব বারতা—
শুধাইনু, ভ্রমিনু কত সাধু সিদ্ধ স্থানে—
কেহ নারিল হায় তিরপিতে এ অকিঞ্চনে।
রাম, কৃষ্ণ এবে রামকৃষ্ণ সবে কহে—
নবযুগে নবভাবে নবলীলা বিস্তারিলে হে।—
আভাসে তাহা যদি বা পারি কিছু বুঝতে—
কোথায় লুকায়ে থাকো চাহ নাকো ধরা দিতে।
রাখো রাখো ওগো রাখো নিঠুর লুকোচুরি—
এবার নব নটবর বেশে দাও হে দেখা হরি!
তব দরশ পরশ পিয়াস আকুল পরাণ যে আমি
চির অশান্ত মোরে পরশে তব শান্ত কর হে স্বামী।

ওঁতৎসৎ।

শ্রীচরণাশ্রিত
শ্রীনীলমণি সান্যাল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুশীলবগণ

পুরুষ

ক্ষুদিরাম — শ্রীরামকৃষ্ণের পিতা
পণ্ডিত — গুরু মহাশয়
গদাই — বালক রামকৃষ্ণ
মথুর — রাণী রাসমণির জামাতা
রামেশ্বর — রামকৃষ্ণের ভ্রাতা
রামকুমার — ঐ জ্যেষ্ঠ ভ্রাতা
হৃদয় — ঐ ভাগিনেয়
মাষ্টার — ঐ ভক্ত
ডাক্তার — ঐ ভক্ত
নরেন্দ্র — ঐ ভক্ত
শরৎ — ঐ ভক্ত
লাটু — ঐ ভক্ত
খাজাঞ্চী — রাণী রাসমণির কর্ম্মচারী
বাচস্পতি — গ্রাম্য পণ্ডিত

শ্রীকৃষ্ণ, শ্রীরামকৃষ্ণ (পরিণত বয়স্ক), পড়ুয়াগণ, গ্রাম্য পণ্ডিতগণ, কর্ম্মচারীগণ, ডাক্তারদ্বয়, অন্যান্য ভক্তগণ, ষড়রিপুগণ, জ্ঞান, বিবেক, বৈরাগ্য, সন্ন্যাসীগণ, বৈষ্ণবগণ, পথচারীগণ, ভিখারীদ্বয়, মাতালদ্বয়, জনৈক বৃদ্ধ, জনৈক ব্যক্তি ও জনৈক ধনী মাড়োয়ারী প্রভৃতি।

স্ত্রী

চন্দ্রমণি — শ্রীরামকৃষ্ণের জননী
ভৈরবী — ঐ তন্ত্রগুরু
সারদাদেবী — ঐ সহধর্ম্মিনী
কামারিণী — ঐ ভিক্ষামাতা
রাণী রাসমণি — দক্ষিণেশ্বর কালী মন্দিরের প্রতিষ্ঠাত্রী
মাধুরী — বাচস্পতির স্ত্রী

প্রেম, ভক্তি, জনৈকা-ভৈরবী, প্রতিবেশিনীগণ ও কিশোরীগণ প্রভৃতি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

3/308



প্রস্তাবনা

"দুখিনী ব্রাহ্মণী কোলে কে শুয়েছ আলো ক'রে,
কে রে ওরে দিগম্বর এসেছ কুটীর—ঘরে।
মরি মরি রূপ হেরি নয়ন ফিরাতে নারি,
হৃদয় সন্তাপ হারী সাধ ধরি হৃদিপরে।
ভূতলে অতুল মণি কে এলি রে যাদুমণি,
তাপিতা হেরি অবনী এসেছ কি সকাতরে।
ব্যথিতে কি দিতে দেখা গোপনে এসেছ একা,
বদনে করুণা মাখা হাস কাঁদ কার তরে।"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PRESENTED

LIBRARY
No. 1/154
ওঁ নমো নটনাথায় ভগবতে শ্রীরামকৃষ্ণায় নমঃ॥ Shri Ramakrishna
BANARAS 3/308

নরদেবতা

বা

শ্রীরামকৃষ্ণ জীবন নাট্য।

১ম অঙ্ক

(১ম দৃশ্য)

কামার পুকুর—পাঠশালা কক্ষ।

[পাঠানিরত পড়ুয়াগণ উচ্চৈঃস্বরে পাঠাভ্যাস করিতেছে। প্রৌঢ় গুরুমহাশয় মধ্যে মধ্যে ছাত্রদের তাড়না করিতেছেন। তাঁহার অতি সন্নিকটে একটী সুদর্শন বালক উপবিষ্ট। বালকের চোখে স্বর্গীয় ভাব। গুরুমহাশয় সেই দেবদুর্লভ লক্ষণযুক্ত বালকটীর মুখের দিকে মাঝে মাঝে বিস্ময়চকিত দৃষ্টি নিক্ষেপ করিতেছেন। দেখিলে মনে হয় তাঁহার মনের মধ্যে কি এক তুমুল আলোড়ন উপস্থিত হইয়াছে। বালককে প্রহারোদ্যত হইয়া তাঁহার হস্ত শিথিল হইয়া যেন ফিরিয়া আসিতেছে। পুনরায় তাহাকে সস্নেহ স্পর্শ করিয়া দ্বিধাগ্রস্ত ভাবে সুমিষ্ট বচনে বলিতেছেন—]

গুরু। বাবা, পড়; কই, পড়ছ না? বল—"ক"। বল—"খ"। কই চুপ করে রৈলে যে? বল, বাবা বল। বল—'ক'। [স্বগত] নাঃ,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হলো না। কি করি? তাইত? এ ছেলে কে? একে ঠিক বুঝে উঠ্‌তে পারছি না। নাঃ একে পড়ান আমার সাধ্য নয়। আচ্ছা দেখি, আর একবার চেষ্টা করে। [পার্শ্বস্থ বেত্রদণ্ডটী হস্তে লইয়া খুব দৃঢ়তার সহিত রূঢ়কণ্ঠে বালকের সম্মুখে ধরিয়া দু'চার বার ঝাঁকুনি দিয়া, বলিলেন] ওরে গদাই, এতক্ষণ ভাল কথা অনেক বলেছি। দেখছিস্ ত এই বেত? এই বেত আজ তোর পিঠে ভাঙ্‌ব। শিগ্‌গির পড়। বল—'ক'।

[বালক সরল কচি মুখখানি গুরুমহাশয়ের মুখের উপর তুলিয়া ধরিল—যেন সে কিছুই বুঝিতে পারিতেছে না—গুরুমহাশয় কি বলিতেছেন। গুরুমহাশয় অত্যন্ত ক্রুদ্ধভাবে তর্জ্জন গর্জ্জন করিয়া বালকের পিঠে সপাৎ করিয়া একঘা বসাইয়া দিলেন। আঘাত করিয়াই তিনি অত্যন্ত বিহ্বল হইয়া থর থর কম্পিত হইতে লাগিলেন। অন্যান্য পড়ুয়ারা নিজ নিজ পাৎতাড়ি ছুঁড়িয়া ফেলিয়া দিয়া স্তব্ধ, ব্যথিত দৃষ্টিতে একবার গুরুমহাশয়ের একবার গদাইয়ের দিকে তাকাইতে লাগিল।]

গদাই ধীর স্থির অবিচলিতের ন্যায় স্মিতহাস্যে গুরুমহাশয়ের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিয়া সুমিষ্ট বচনে অথচ দৃপ্তকণ্ঠে বলিয়া বসিল—

গদাই। গুরুমশাই! এ বিদ্যে শিখে কি হবে? এতো চালকলা বাঁধা বিদ্যে। এমন বিদ্যে আমি শিখতে চাইনা।

[বালকের বাক্য শ্রবণে গুরুমহাশয়ের হস্তস্থিত বেত্রদণ্ড পড়িয়া গেল। তিনি বালককে সাদরে বক্ষে ধারণ করিয়া শিরচুম্বন করিতে লাগিলেন, এমন সময়ে বাহির হইতে 'পণ্ডিত, পণ্ডিত' বলিয়া হাঁক পড়িল। এইরূপ হাঁকিতে হাঁকিতে একজন প্রৌঢ় সেই কক্ষে প্রবেশ করিয়া চারিদিকে দৃষ্টি নিক্ষেপ করিয়া বলিলেন—]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রৌঢ়। পণ্ডিত! কি যেন একটা ব্যাপার হয়েছে বলে মনে হচ্ছে? ছেলেরা পড়ছেনা বুঝি? সব বদ্‌মায়েসি কর্‌ছে ত? আচ্ছা করে বেত লাগাও হে, আচ্ছা করে বেত লাগাও। যত সব কুষ্মাণ্ড জুটেছে? লেখাপড়া শিখ্‌বি নাত কি করে খাবি, কি করেরে বেটাচ্ছেলেরা? (বলিয়া বক্রদৃষ্টিতে সকলের প্রতি চাহিলেন)

[গুরুমহাশয় কিঞ্চিৎ অপ্রতিভ হইয়া গদাইকে ছাড়িয়া দিলেন। গদাই মুচ্‌কি মুচ্‌কি হাসিতে লাগিল। অন্যান্য ছাত্রেরা ভীত, চকিত ও চঞ্চল হইয়া উঠিল। পিতা ক্ষুদিরাম পণ্ডিতকে সম্বোধন করিয়া বলিলেন—]

ওহে পণ্ডিত! গদাইটা বল্‌ছে কি? ও ব্যাটাও কি এক গৈলের গরু নাকি? কি বুঝছ? ব্যাটার কিছু হবে টবে, না গবেট নীরেট হয়ে থাকবে? বর্ণপরিচয়টাতো এত দিনেও হল না।

গুরু। (অত্যন্ত অপ্রতিভ ভাবে) চ্যাটুজ্যে! চাটুজ্যে! একটু দাঁড়াও সব বল্‌ছি—খুব সময়ে এসে পড়েছ ভাই! (ছাত্রগণের প্রতি স্নেহ দৃষ্টিতে) যাও,—আজকে তোমাদের সব ছুটী! যাও, সব খেলা করগে যাও।

(গদাইয়ের পৃষ্ঠে সস্নেহে হাত বুলাইতে বুলাইতে সজল সঙ্গে) গদাই! যাও তোমারও ছুটী, তুমিও খেলা করতে যাও। যাও বাবা, যাও।

(গদাই আনন্দিত ও চপলভাবে পড়ুয়াদের সহিত প্রস্থান করিল)

ক্ষুদি। পণ্ডিত! তোমায় দেখে মনে বচ্ছে যেন কি একটা বিষম সমস্যার মধ্যে পড়ে গিয়েছ। বুড়ো বয়সে কি ছেলে পড়ান সুবিধা হচ্ছে না? বেটাচ্ছেলেরা টিকি ধরে টান মারছে না ত? (হাস্য)

পণ্ডিত। (অপ্রচ্ছ হাস্যে) ওহে চাটুজ্যে। সমস্যাই বটে! বড়ই কঠিন সমস্যা হে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্ষুদি। তা বিলক্ষণই আমি বুঝেছি সমস্যাটা যে একটু কঠিন। ছেলে পড়িয়ে আর সুবিধে হচ্ছে না কি বল? তবে এত বুড়ো বয়সে আর কি করবেই বা বল—?

পণ্ডিত। ওহে, না হে, না। জীবনটা পণ্ডিতি করেই এপর্য্যন্ত কাটল। বাকীটাও এইভাবে কেটে যাবে। সমস্যাটাত তা নয়। আমার এই সমগ্র জীবনে কত জজ ম্যাজিষ্ট্রেট হাকিম মোক্তার পার হয়ে গেল আজ তোমার শুনছ তোমারই ঐ—ঐ—গদাই আমার জীবনে কি যেন একটা ওলোট পালোট এনে দিয়েছে। সদা সর্ব্বদাই আমি ওর কথাই ভাবি। ওর কচি ঢলঢল দেব দুর্লভ মুখখানি সব সময় যেন আমার চোখের সামনে ভেসে ভেসে বেড়ায়। (ক্ষুদিরামের হাত ধরিয়া) চাটুজ্যে! চাটুজ্যে! গদাইকে আমি পড়াতে পারবো না ভাই! গদাই মানুষ নয়! চাটুজ্যে,— আমার কি মনে হয় জান?

ক্ষুদি। ওহে পণ্ডিত! তুমি অমন করছ কেন? স্থির হও স্থির হও।

গুরু। চাটুজ্যে! চাটুজ্যে! আমি স্থির ভাই হতে পারছি না। সব কথা খুলে বলি শোন। আজ ক' মাস ধরে গদাইকে দেখে আমার যা মনে হয়েছে গদাই সামান্য মানুষ নয়। তুমি ঠিক জেন ও সাক্ষাৎ ব্রহ্মণ্য দেব নররূপে অবতীর্ণ! ওকে আমি শেখাব কি! ওই আমাদের মত পণ্ডিতমূর্খদের কত শিক্ষা দেবে। চাটুজ্যে! দেখো—দেখো—তোমার ঐ ছেলে একদিন জগতের শীর্ষস্থান অধিকার করে দাঁড়িয়ে রয়েছে আর লক্ষ লক্ষ লোক তার চরণ প্রান্তে শিক্ষা নেবার জন্যে উদ্‌গ্রীব হয়ে বসে রয়েছে।

ক্ষুদি। তা হলে? তা হলে? পণ্ডিত! পণ্ডিত! তুমিও বলছ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গয়ায় আমি যে স্বপ্ন দেখেছি সে স্বপ্ন তা হলে সার্থক হবে? হ্যাঁ হবে?—হবে সার্থক? (পণ্ডিতকে আলিঙ্গন) [পট পরিবর্ত্তন]

(২য় দৃশ্য)

স্থান—চণ্ডীমণ্ডপ।

[ছয় সাত জন ব্রাহ্মণ পণ্ডিত হুকায় তামাক টানিতে টানিতে নানাবিধ গল্প করিতেছেন]।

[হুকা হস্তে বাচস্পতির প্রবেশ]—

চস্পতি। তোমাদেরও ব্যামো ধরল না কি হে, এই স্বপ্ন দেখার ব্যামো?—(একটু ঢোক গিলিয়া সামলাইয়া লইলেন)

ঙ্গাবিনোদ। কথাটা আর একটু পরিষ্কার করে বলনা হে। যত বয়স বাড়ছে ততই ছেলে মানুষ হচ্ছ দেখছি বাচস্পতি!

চস্পতি। না, না, এই বলছিলাম ওই গুয়োটা—ঐ যে গো গুয়োটা, গুয়োটা—

তিতীর্থ। আরে মোল গুয়টা, গুয়টা, গুয়টা—

ংখ্যতীর্থ। তিনবার বাচস্পতি বললে গুয়টা, স্মৃতিতীর্থও বললে তিনবার—

য়রত্ন। তুমিও একবার বোলেছ ভাই—এই নিয়ে সাতবার হোলো, অথচ ভাগ্যবান্‌টি কে—

র্কচঞ্চু। তার নির্ণয়ই নেই! কথাটা বলেই ফেলনা হে, তাহোলে তো—সব গোল চুকে যায় বাপু।

চ। ঐ ক্ষুদিরামের পেল্লাদে ছেলেটার কথা বলছিলাম হে। ভুতের বাপের পিণ্ডি দিতে যখন গয়ায় গিয়েছিল বেটা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তখন স্বপ্ন দেখেছিল, বিষ্ণু বলছে আমি তোর ছেলে হয়ে জন্মাব। তারপর দেশে ফিরে এসে স্বাথে মাগের ইয়ে হয়েছে, তার ফলে এই ছেলে—(সকলে উচ্চ হাস্য করিলেন)

স্মৃতিতীর্থ। বুজরুকি করবার জায়গা পেলেনা, কি বল হে বিদ্যা-বিনোদ ?

বিদ্যা। কেলেঙ্কারিটাতো ঢাকতে হবে কোন উপায়ে !

বাচ। মাগি মহলেও রটিয়েছে যে বুড়োশিব মন্দিরের পাশ দিয়ে যাচ্ছিল, হঠাৎ একটা ঘূর্ণী বাতাস উঠে মাগিকে আচ্ছন্ন করে ফেল্লে। তারপর মাগির মনে হোলো পেটের ভেতর কি একটা...

(হুকায় বন বন টান দিলেন। সকলে শুনিতেছিলেন কৌতূহল ভরা দৃষ্টি নিয়ে, এবার সকলে হঠাৎ বিকট হাসিতে লাগিলেন)

তর্ক। স্ত্রী চরিত্র কথায় বলে—দেবাঃ ন জানন্তি।—বুড়ো বয়সে মাগির নিশ্চয়ই ভীমরতি ধরেছিল হে। (পুনরায় সকলের উচ্চ হাস্য)

বাচ। তারপর আবার ছেলেটাকে শিক্ষে দিয়েছেও বেটা বেশ, বেটার বেটার নাকি আবার ভাবটাব হয়—যাত্রাটাত্রাও শেখাচ্ছে। দেখলে না সেদিন যাত্রায় শিব সাজিয়ে ছোঁড়াটাকে নামিয়ে ছিল—একেবারে আড়ষ্ট মেরে গেল হে, নড়েও না চড়েও না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PRESENTED

বিদ্যাবিনোদ— আহা ছেলে মানুষতো বটে—ভয়—ভয়ে ওমনি হয়ে গিয়েছিল।

বাচস্পতি— কিন্তু রটালে কি বলে জান? শিবের ভর হয়েছিল। দুটো পয়সা এবার তা'হোলে কোল্লে ক্ষুদিরাম। আর বল কেন হে। ছেলেটা দেখতে শুনতে নেহাৎ মন্দ নয়, নাচতে টাচতে শিখেছে, গানও দু'চারখানা গাইতে পারে। আর কি মাগি মন্দ সব ভুলে গেছে। কেও দিচ্ছে নূপুর গড়িয়ে, কেও দিচ্ছে হার গড়িয়ে। জমিদার বাবু নাকি একটি মুকুট গড়িয়ে দিয়েছে। ক্ষুদিরামের চৌদ্দপোয়া হে চৌদ্দপোয়া।

সাংখ্যতীর্থ— আহা তোমার যদি ঐ রকম একটী থাকত তাহলে ভায়া দেখতে রীতিমত তাকে কল্কী অবতার করে ছাড়তাম হে। মুকুট-ফুকুট নয়—স্রেফ একটী টাট্টু ঘোড়া আর একখানা তলোয়ার—দেখতে কি রকম বোঁ বোঁ করে লক্ষ্মী ঠাকুরুণকে তোমার ঘরে ছুটে আসতে হ'ত.....

বাচস্পতি— সে বরাত আর হ'ল কই ভাই! আমারি বরাতে শেষে কিনা মাগটা বাঁজা হ'ল। এত ঠাকুর দেবতার দোর ধরল, ওষুধ-টষুধ কতকি খেল কিছুতেই কিছু হ'ল না—

ন্যায়রত্ন— ওহে বাচস্পতি—পুত্রার্থে ক্রীয়তে ভার্য্যা—তুমি আর একটী বিয়ে কর।

স্মৃতিতীর্থ— তারপর শুনেছি নাকি, বেহায়া মুখরা যাকে বলে বিশ্বব্যাপিকা?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তর্কচঞ্চু— ওহে বিদ্যাবিনোদ, ওহে ন্যায়রত্ন ঐ বুঝি রাজা মাগিটা এই দিকেই আসছে হে।

সাংখ্যতীর্থ— তবেই সেরেছেরে, যঃ পলায়তি সঃ জীবতি, চল চল সরে পড়া যাক। বাচস্পতি তুমি রইলে ভাই, আমরা চল্লুম।

[বাচস্পতি ব্যতীত সকলের প্রস্থান]

[বাচস্পতির স্ত্রী মাধুরীর প্রবেশ]

মাধুরী— অমন কোরে বামুন গুলো পালাল কেনরে মিন্সে? একটা কিছু মতলব টতলব ভাঁজছিল নিশ্চয়ই?

বাচস্পতি— মতলব কি আবার, আমি আর একটা বিয়ে করব মাধুরি।

মাধুরী— কি বল্লি তবেরে মিন্সে দেখবি মজাটা একবার।

বাচ— তা, তা, তোমার তো আর ছেলে পিলে হ'লনা— ওরে মিন্সে, ছেলেপিলে হ'লনা—সেটা আমার দোষ? গাঁজা খা আর একটু, ছেলেপিলে কত হবে—পোড়ার-মুখো মিন্সে.....শিগ্‌গির যা বলছি, আজ সন্ধ্যা-বেলায় কীর্ত্তন হবে বাড়িতে, সন্ধে হলেই দল এসে হাজির হবে, তার আগে সব আয়জন, ব্যবস্থা ক'রে রাখগে। আমি পাড়ার সব মেয়েদের বলতে চল্লুম। আর হ্যাঁ, গদাইকে নিয়ে আসব-সেও নাচবে গাইবে। খবরদার একটাও কথা যদি মুখে শুনেছি, তাহলে বলে রাখছি মুখে এই নুড়ো জ্বেলে দেব।

[প্রস্থান]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi.

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাচস্পতি— তাইত গদাই নামের মাধুরী, মাধুরীকেও পেয়ে বসেছে! নাঃ যাই—কীর্ত্তনই হোক, গদাই আসুক আমার ঘরে—তারপর দেখা যাবে কোথাকার জল কোথায় গড়ায়।

[পট পরিবর্ত্তন]

৩য় দৃশ্য।

স্থান—আম্র কুঞ্জ। পাচ ছয়টী বালকের সহিত গান গাহিতে গাহিতে গদাই এর প্রবেশ।

গান

এই বেলা নে ঘর ছেয়ে।
এবারে বর্ষা ভারি, হও হুঁসিয়ারী, লাগো আদাজল খেয়ে।
যখন আসবে শ্রাবণা, দেখতে দেবে না।
বাঁশ বাখারী পচে যাবে, ঘর ছাওয়া হবে না।
যেমন আসবে ঝটকা, উড়বে মটকা, মটকা যাবে ফাঁক হয়ে।
(তুমিও যাবে হাঁ হয়ে।)

১ম বালক। গদাই আজকে কি পালা করবে ভাই?

২য় বালক। আজ নদের নিমাই হোক, কি বলিস গদাই?

৩য় বালক। না ভাই, আমি বিষ্ণুপ্রিয়ার পার্ট একদম ভুলে গেছি, লাহাদের বাড়ীতে আবার যে দিন হবে ভাল করে শুনে মুখস্থ করে নেব অখন—

৪র্থ বালক। তার চেয়ে আয় ভাই আমরা আজ শিবের গাজন গাই—

৫ম বালক। দূর ও পুরনো হয়ে গেছে। আজ নতুন কিছু একটা করতে হবে। দেখ্ আমাদের পণ্ডিত মশাইকে নিয়ে একটা পালা তৈরী করলে কেমন হয় বল দিকিন। গদাইকে মারতে গিয়ে বুড়ো কি রকম করছিল দেখিস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নি? আমার ভাই ভারী মজা লাগছিল দেখতে। দেখবি গদাই, পণ্ডিত মশাই কি রকম করছিল দেখাব একবার?

(সকল বালকের উচ্চ হাস্য)

সকলে। দেখাও, দেখাও।

৬ষ্ঠ বালক। দাঁড়া দাঁড়া আগে গদাইএর পিঠটা একবার দেখি, পিঠে দাগ পড়েছে কিনা? যে রকম জোরে বেতটা মারল! বাবা! আমার তো ভাই কান্না পেয়ে গিয়েছিল! গদাই তুই কিন্তু ভাই একটুও কাঁদলি না তো?

[গদাই এর পিঠ খুলিয়া সকল বালক এক এক করিয়া দেখিল গদাই এর পিঠে বেত্রাঘাতের সুস্পষ্ট চিহ্ন। সকলে বিমর্ষভাবে পরস্পরের দিকে তাকাইতে লাগিল। সকলকে চুপ করিয়া থাকিতে দেখিয়া গদাই কথা কহিল। এতক্ষণ যেন তার মন অন্য রাজ্যে বিচরণ করিতেছিল। অন্যমনস্ক ভাব কাটাইয়া ঈষৎ হাসিয়া বলিল]

গদাই। সব চুপ করে রইলি যে, তোদের কিরে শালারা? মেরেছে বেশ করেছে। ভয় হচ্ছে বুঝি পাছে তোদেরও ঐরকম মারে? না—তোদের কাউকে ও আর মারবে না। (একটু অন্যমনস্ক হইয়া) দেখিস ও মার ছেড়ে দেবে। দেখলি না আমাকে মেরেই নিজেই কেমন কেঁদে ফেল্লে?

১ম বালক। কিন্তু হে নটরাজ! গৃহে জননী শুধাইবেন যখন পৃষ্ঠে এ চিহ্ন কিসের বৎস উত্তর কি দিবে তাঁহারে তখন?

২য় বালক। গদাই এর হইয়ে উত্তর দিতেছি আমি, শুন শুন বন্ধুগণ! গুরু যবে বারবার 'কঃ' 'কঃ' কহিতে লাগিলেন বালক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়া গদাই কেমনে বলিবে সে কে ? অবশ্য এক্ষণে 'কঃ' অর্থে যদি বুঝ 'কে তুমি'।

[সকল বালকেরা আনন্দে করতালি দিয়া বলিয়া উঠিল]

সকলে। বাঃ ভাই, বেশ হচ্ছে, বেশ হচ্ছে—।

২য় বালক। আজকে এই তো বেশ একটা নতুন পালা সুরু হয়ে গেল।

সকলে। বাহবা কি মজা, বাহবা, বাহবা (গদাইকে বেরিয়া নাচিতে নাচিতে)

৪র্থ বালক। দাঁড়া ভাই আমারও মনের মধ্যে বলবার জন্যে কি যেন একটা কথা ঠেলে ঠেলে উঠছে (সকলে স্থির হইল) আর 'খ' অর্থে শুনিয়াছি সুধীগণে আকাশ বুঝিয়া থাকেন। তাই যদি হয় 'কঃ' এর পর 'খ' কি সঙ্গত উত্তর হয়—কে তুমি এ প্রশ্নের উত্তরে আমি আকাশ এ উক্তি তত্ত্ব সম্মত নহে কদাচন। অতএব কঃ খঃ বলিতে গুরু যবে কহিল

ব্যোমাতীত নিরঞ্জন গদাধর নারায়ণ হরি—নীরব থাকিল বিস্ময় ইথে কিবা আছে আর ? সংক্ষেপে—বুঝ কুশীলব।

৫ম বালক। মূঢ় পণ্ডিত মশাই কিন্তু বুঝিল না সে সব কিছু, আঘাত হানিল তাই—

৬ষ্ঠ বালক। চাল কলা বাঁধা বিদ্যা শিখিয়া হইবে কি ? যে বিদ্যা শিখিলে জীব হতে পারে পার ভব পারাবার সে বিদ্যা পণ্ডিতের যে জানা নাই।

গদাই। আমিও তাই লভিনু পৃষ্ঠে মোর মূর্খতার (হাসিতে হাসিতে)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চিহ্ন স্বরূপ এই বেত্রাঘাত। (পৃষ্ঠ প্রদর্শন) মুর্খের সর্দ্দার বলি চিহ্নিত করিল মোরে বিধি বুঝি এই অছিলায়। জননী শুধাইলে কহিব তাঁহারে পড়িতে বসিয়া বলি নাই পড়া, গুরু পুরস্কার দিয়াছেন যাহা তাহাই পৃষ্ঠে বহন করি এবে। কাঁদিও না মাতা, করিও না রোষ মোর গুরু পরে। কি দোষ তাঁহার তনয় তোমার বলিতে পারে নাই যে পাঠ!

[সকলে উচ্চ হাসিতে ফাটিয়া পড়িল, কেহ কেহ বা লুটোপুটী খাইতে লাগিল]

গদাই। অতিথিশালায় আজ অনেক সাধু এসেছে রে। ভাণ্ডারা হবে শুনেছি। চলনা—সবাই মিলে সেখানে গিয়ে জুটি; চল্ চল্ এগিয়ে পড়্।

[হাততালি দিয়া নাচিতে নাচিতে প্রস্থান। পশ্চাতে ছেলেরা গাহিতে গাহিতে অনুসরণ করিল]

গান

কেশব কুরু করুণা দীনে কুঞ্জকাননচারী
মাধব মনো মোহন মোহন মুরলীধারী॥
(হরি বোল হরি বোল হরি বোল মন আমার)
ব্রজ কিশোর কালীয় হর কাতর ভয় ভঞ্জন।
নয়ন বাঁকা বাঁকা শিখি পাখা রাধিকা হৃদিরঞ্জন
গোবর্দ্ধন ধারণ বন কুসুম ভূষণ
দামোদর কংসদর্পহারী শ্যাম রাস রস বিহারী
(হরি বোল হরি বোল হরি বোল মন আমার॥)

(পট পরিবর্ত্তন)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
প্রাঙ্গণেকন সরকার

(৪র্থ দৃশ্য)

(পথের পাশে বৃক্ষতল। গোপন স্থান হইতে পণ্ডিত ও ক্ষুদিরাম বাহির হইয়া ভূমিতে উপবিষ্ট হইলেন। উভয়ের প্রেম গদ গদ ভাব)।

পণ্ডিত। চক্ষু কর্ণের বিবাদ ভঞ্জন হ'ল তো এখন? নারায়ণ! নারায়ণ!! নারায়ণ!!! (করযোড়ে ভগবদুদ্দেশে প্রণাম)
মূকং করোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিম্।
যৎ কৃপা তমহং বন্দে পরমানন্দমাধবম্॥

ক্ষুদিরাম। ঐ সব কচি কচি ছেলেদের মুখে যেন খৈ ফুটে গেল হে! অপূর্ব্ব! অপূর্ব্ব!! কিন্তু পণ্ডিত এসব কথা গোপন রাখাই ভাল ভাই। কি জানি লোকে কি ভাবে নেবে। শেষে বুড়ো বয়সে আবার ভিটে ছেড়ে.....

পণ্ডিত। আচ্ছা চাটুয্যে দেখ দিকিন ও দিক পানে—বাচস্পতি যাচ্ছে বলে মনে হচ্ছে যেন?.....

ক্ষুদিরাম। হ্যাঁ হে তাইতো বটে, ডাকবো না কি? ওহে ও বাচস্পতি —ও বাচস্পতি (উচ্চৈস্বরে হাতছানি দিয়া) কিন্তু পণ্ডিত বাচস্পতিকে এসব কিছু বলে কাজ নেই.....

পণ্ডিত। আরে রাম, রাম! ও বামনা বেটা এসব বুঝবে কি? ঐ দেখনা, ব্যাপারটা দেখছো একবার?

(বাচস্পতির প্রবেশ। হাতে চাল কলা বাঁধা অনেকগুলি গামছার পুঁটুলি)

বাচস্পতি। দুর্গা! দুর্গা!! শ্রীহরি! শ্রীহরি!! কি বাবা অমন করে দেখছ কি—চোখ—টাটালো না তো—?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পণ্ডিত। তা একটু টাটাবে বৈকি—বিদায়টাতো ভালই হয়েছে দেখছি।

বাচ। হুঁ! এ আর ভাল কি হ'ল। চামার, চামার, একেবারে চামার! কম ঝগড়াটা করতে হয়েছে হে—তবে তো এই সামান্য কিছু—

ক্ষুদিরাম। ঐ তোমার সামান্য হ'ল—?

বাচ। ওহে দাঁড়াও, দাঁড়াও। দেখি লোকটা আবার ভেগে পড়ল না তো হে। ও দাসের পো (একটু আগাইয়া যাইয়া) বলি ও—এই, এই, আরে গুয়োটা গেল কোথায়? ওরে—ও……(বাহকের প্রবেশ)

বাহক। আজ্ঞে এই যে হেথায় দা ঠাকুর।

(বাহকের মাথায় একটা বড় ঝুড়িতে এক ঝুড়ি ডাব, কলা, ছোট বড় অনেকগুলি গামছার পুটুলি। এক হস্তে তদ্রূপ অনেকগুলি পুঁটুলি)

পণ্ডিত। (স্বগত) বিদ্যেটা শিখেছে ভালই (প্রকাশ্যে) আর নয় এই বেলা সরে পড় ভায়া—ছেলের দল দেখলে আবার……

বাচ। আর বোল না হে বোলনা। আচ্ছা পণ্ডিত ওঠত ভাই একবার। (পণ্ডিত উঠিলে) এই ট্যাঁকটাতে হাত দাও তো—নস্যির ডিবেটা আছে; বার কর—একটু আমার—নাকে ধর তো হে, তুমি নাও একটু আর (ক্ষুদিরামের দিকে বক্র দৃষ্টি নিক্ষেপ করিয়া) হুঁ-হুঁ,-হুঁ হুঁ ও ট্যাঁকে নয়, এই রে খেলোরে……তোমায় বলছি এই ট্যাঁকে এই ট্যাঁকে তা নয় তুমি (অনেকগুলি টাকা পয়সা ইতস্ততঃ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছড়াইয়া পড়িল) দুত্তোর দুত্তোর দেখ দেখি কি করলে? (ক্ষুদিরাম উঠিয়া টাকা পয়সাগুলি কুড়াইতে লাগিলেন) ওহে পণ্ডিত, ঐ, ঐ চেঙ্ড়ার দল এদিকেই আসছে। ক্ষুদিরাম ভায়া চট্‌পট্ তোল। তোমারই গুণধর পুত্রকে তো ভয় বেশী হে। এখনি এসে বলবে এত সব কি হবে জ্যাঠামশাই, দাও না সাধুদের ভাণ্ডারা দিয়ে আসি। ওখানে তো আবার কতকগুলো সাধু সন্ন্যাসী এসে জুটেছেও দেখে এলাম। এই বেলা সরে পড়ি। (পণ্ডিতের দ্বারা নস্য গ্রহণ ক্ষুদিরাম টাকা পয়সাগুলি একটি পুঁটলী ভিতর দিয়া দিলেন) ওহে ছেলেটাকে অত আদর দিও না। একটু শাসন টাসন কর—দিনদিন ছেলে তোমার যেন এক অবতার হচ্ছেন গাঁটা শুদ্ধ জ্বালিয়ে খেলে, যত সব অনাসৃষ্টি, অনাসৃষ্টি! (প্রস্থান)

ক্ষুদিরাম। চলো ভায়া এবার একটু কাজে যাওয়া যাক—কি দেখছো বল দিকিন পণ্ডিত?

পণ্ডিত। না, তেমন কিছু নয়, ঐ আঁটকুড়ো বামনা বেটাকেই দেখছিলাম, বেটার মুখ দেখলে হাঁড়ি ফাটে হে, হাঁড়ি ফাটে.....

(পট পরিবর্ত্তন)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫ম দৃশ্য)

শিব মন্দির। পুরোহিত আরতি শেষ করিয়া প্রণাম করিতেছেন—

ওঁ নমো শিবায় শান্তায় কারণত্রয় হেতবে নমঃ।
নিবেদয়ামি চাত্মানং ত্বং গতি পরমেশ্বরঃ॥

নানাবিধ সাধুর সমাগম হইয়াছে। মুণ্ডিত মস্তক দণ্ডী সন্ন্যাসী, জটাধারী ভস্মলেপিত সাধু, তিলক ফোঁটাধারী বৈষ্ণব, রক্তাম্বরধারী তান্ত্রিক সাধু। একজন ভৈরবীকেও দেখা যাইতেছে—ত্রিশূলধারিণী লাল পাড়যুক্তা পিতাম্বর পরিহিতা আলুলায়িতা কেশ। একধারে ঢাকিরা ঢাক ও কাঁসর বাজাইতেছে। মেয়ে পুরুষেরা পূজা দিয়া দলে দলে যাইতেছে। মাঝে মাঝে শিঙ্গা বাজার শব্দ উত্থিত হইতেছে। একটি অন্ধ এক পাশে বসিয়া একতারা বাজাইয়া শ্যামা সঙ্গীত গাহিতেছে। ভীড় ঠেলিয়া সঙ্গীগণ সহ গদাই সেখানে উপস্থিত হইল। নিবিষ্ট চিত্তে কোমরে হাত দিয়া গান শুনিতে লাগিল।

গান

ডুব দেরে মন কালী বলে, হৃদি রত্নাকরের অগাধ জলে।
রত্নাকর নয় শূন্য কখন দুচার ডুবে ধন না মেলে॥
কামাদি ছয় কুমীর আছে আহার লোভে সদাই চলে।
তুমি বিবেক হলদি গায়ে মেখে যাও ছোঁবেনা তার গন্ধ পেলে॥
তুমি দম সামর্থে এক ডুবে যাও কালী কুল কুণ্ডলিনী মূলে।
প্রসাদ বলে কুতুহলে সেথায় চতুর্ব্বর্গ রত্ন মেলে॥

[গান শেষ হইলে হাততালি দিয়া]

গদাই। বেশ গান, বেশ গান। দাদু—আর একখানা ওই রকম গান গাওনা। তোমার গান শুনতে আমার বড়ড় ভাল লাগছে—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[ইতিমধ্যে ভৈরবী আগাইয়া আসিয়া গদাই এর পশ্চাতে দাঁড়াইয়া মৃদু মৃদু হাসিতে হাসিতে গদাই এর পিঠে হাত বুলাইতে লাগিলেন ও গান শুনিতে লাগিলেন।]

অন্ধ। কে তুমি বাবা? বালকের গান শোনবার এত আগ্রহ কোথাও তো দেখিনি এত দিন। কত গানই এখানে বসে বসে গাইলাম—কৈ কেউ তো একটা কথা শুধাইনি গানের তারিফ করা তো দূরের কথা—গাইছি বাবা—গাইছি—তুমিই শোন বাবা, তুমিই শোন।

গান

সকলি তোমারই ইচ্ছা ইচ্ছাময়ী তারা তুমি।
তোমার কর্ম্ম তুমি কর মা লোকে বলে করি আমি॥
পঙ্কে বদ্ধ কর করি পঙ্গুরে মা লঙ্ঘাও গিরি।
কারে দাও মা ব্রহ্ম পদ কারে করো অধোগামী॥
আমি যন্ত্র তুমি যন্ত্রী যেমন চালাও তেমনি চলি।
যেমন বলাও তেমনি বলি যেমন করাও তেমনি করি॥

গান শুনিতে শুনিতে গদাই এর ভাবাবেশ। স্থির দৃষ্টিতে উর্দ্ধ দিকে তাকাইয়া রহিল। মুখখানি আনন্দে উদ্ভাসিত। গান শেষ হইলে বালক আর দাঁড়াইয়া থাকিতে পারিল না। ঢলিয়া পড়িল। পশ্চাতে ভৈরবী ত্রিশূল কমণ্ডলু উপস্থিত এক ব্যক্তির হাতে দিয়া বালককে কোলে লইয়া বসিয়া পড়িলেন। কি হ'ল কি হ'ল বলিয়া কতকগুলি লোক আগাইয়া আসিয়া বালককে অজ্ঞান দেখিয়া জল আন জল আন—শিগ্‌গির একখানা পাখা নিয়ে আয় ইত্যাদি বলিতে লাগিল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[একজন সঙ্গিনী সহ চন্দ্রমণির প্রবেশ।
ভৈরবীর কোলে গদাইকে দেখিয়া]

চন্দ্রমণি। এ যে আমার গদাই কামারিণী

কামারিণী। তাই তো মা, একি হ'ল ? সর সর তোমরা সর—

[ভিড় ঠেলিয়া ভৈরবীর পাশে বসিয়া আনিত একখানা পাখা লইয়া বাতাস করিতে লাগিল। চন্দ্রমণি জলের ঘটি হইতে জল লইয়া বালকের চোখে ও মাথায় দিতে লাগিলেন।]

চন্দ্রমণি। সেবার বৈশালীর মন্দিরে যাবার পথে—এই রকম হয়েছিল। আমি ভেবেই মরি—সকলে বলতে লাগল বৈশালী দেবীর ভর হয়েছে, মন্দিরে নিয়ে গেলে ভাল হয়ে যাবে। ছেলের সবই অদ্ভুত মা। ও যখন পেটে তখন কত কি দর্শন করতাম মা, কত দেব দেবীর দর্শন হত ; ও যখন ছমাসের ছেলে তখন এক দিন মা মশারী ফেলে শুইয়ে রেখেছিলাম। পরে ছেলেকে দুধ খাওয়াব বলে মশারী তুলে দেখি ছেলে যেখানে শুয়েছিল—সেখানে আর ছেলে নেই, একজন বিরাট পুরুষ শুয়ে ঘুমোচ্ছে। আমার ভয় হ'ল মা ছুটে গিয়ে কর্ত্তাকে খবর দিতে কর্ত্তা এসে দেখেন ছেলে ঠিকিই সেই জায়গায় ঘুমোচ্ছে—আমি তো ভেবেই মরি।

ভৈরবী। ভয় নেই মা, ছেলের ভাব সমাধি হয়েছে—ছেলের শরীরে দেব লক্ষণ প্রকাশ রয়েছে দেখছি মা—এ ছেলে সামান্য ছেলে নয়।

[পণ্ডিতের প্রবেশ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পণ্ডিত। আমিও বলি এ ছেলে সামান্য নয়। যাই চাটুজ্যেকে ডেকে আনি। [প্রস্থান]

[ভৈরবী ভাবাবেশে গান ধরিলেন]

গান

একতালা

তুমি আপন রচিত কানন মাঝে
আপনি রয়েছ ফুটিয়া।
চির মুখরিত আপন জ্ঞানে পুলকে
আছ হে ভাসিয়া॥
তুমি অনন্ত, তুমি মহান, তুমি হে আত্মা
তুমি হে প্রাণ॥
অনল অনিলে ভূধর সলিলে
বিবিধ প্রকারে প্রতীয়মান।
সর্ব্ব জনক নমঃ নমস্তে
পুরুষোত্তম নমঃ নমস্তে॥
মহিমা তোমারি গাহিতে বাসনা
তোমারই করুণা লইয়া
এসেছ শক্তি দিতে ক্ষুদ্র মানবে
সগুণে ক্ষুদ্র হইয়া॥

[গান শেষ হইলে ক্ষুদিরামের প্রবেশ]

ক্ষুদিরাম। দিন মা আমার কোলে দিন—আমি এর পিতা—উনি এর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[একজন সঙ্গিনী সহ চন্দ্রমণির প্রবেশ।
ভৈরবীর কোলে গদাইকে দেখিয়া]

চন্দ্রমণি। এ যে আমার গদাই কামারিণী

কামারিণী। তাই তো মা, একি হ'ল ? সর সর তোমরা সর—

[ভিড় ঠেলিয়া ভৈরবীর পাশে বসিয়া আনিত একখানা পাখা লইয়া বাতাস করিতে লাগিল। চন্দ্রমণি জলের ঘটি হইতে জল লইয়া বালকের চোখে ও মাথায় দিতে লাগিলেন।]

চন্দ্রমণি। সেবার বৈশালীর মন্দিরে যাবার পথে—এই রকম হয়েছিল। আমি ভেবেই মরি—সকলে বলতে লাগল বৈশালী দেবীর ভর হয়েছে, মন্দিরে নিয়ে গেলে ভাল হয়ে যাবে। ছেলের সবই অদ্ভুত মা। ও যখন পেটে তখন কত কি দর্শন করতাম মা, কত দেব দেবীর দর্শন হত ; ও যখন ছমাসের ছেলে তখন এক দিন মা মশারী ফেলে শুইয়ে রেখেছিলাম। পরে ছেলেকে দুধ খাওয়াব বলে মশারী তুলে দেখি ছেলে যেখানে শুয়েছিল—সেখানে আর ছেলে নেই, একজন বিরাট পুরুষ শুয়ে ঘুমোচ্ছে। আমার ভয় হ'ল মা ছুটে গিয়ে কর্ত্তাকে খবর দিতে কর্ত্তা এসে দেখেন ছেলে ঠিকিই সেই জায়গায় ঘুমোচ্ছে—আমি তো ভেবেই মরি।

ভৈরবী। ভয় নেই মা, ছেলের ভাব সমাধি হয়েছে—ছেলের শরীরে দেব লক্ষণ প্রকাশ রয়েছে দেখছি মা—এ ছেলে সামান্য ছেলে নয়।

[পণ্ডিতের প্রবেশ]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পণ্ডিত। আমিও বলি এ ছেলে সামান্য নয়। যাই চাটুজ্যেকে ডেকে আনি। [প্রস্থান]

[ভৈরবী ভাবাবেশে গান ধরিলেন]

গান

একতালা

তুমি আপন রচিত কানন মাঝে
আপনি রয়েছ ফুটিয়া।
চির মুখরিত আপন জ্ঞানে পুলকে
আছ হে ভাসিয়া॥
তুমি অনন্ত, তুমি মহান, তুমি হে আত্মা
তুমি হে প্রাণ॥
অনল অনিলে ভূধর সলিলে
বিবিধ প্রকারে প্রতীয়মান।
সর্ব্ব জনক নমঃ নমস্তে
পুরুষোত্তম নমঃ নমস্তে॥
মহিমা তোমারি গাহিতে বাসনা
তোমারই করুণা লইয়া
এসেছ শক্তি দিতে ক্ষুদ্র মানবে
সগুণে ক্ষুদ্র হইয়া॥

[গান শেষ হইলে ক্ষুদিরামের প্রবেশ]

ক্ষুদিরাম। দিন মা আমার কোলে দিন—আমি এর পিতা—উনি এর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গর্ভধারিণী—চলুন মা আমার গৃহে একটু পায়ের ধূলা দেবেন চলুন—

অন্ধ। মা আমি অন্ধ, কি ঘটে গেল কিছুই বুঝলাম না কি ব্যামো হ'ল মা বাছার ?

ভৈরবী। ব্যামো বড় সাংঘাতিক— [ঈষৎ হাস্য]

চন্দ্রমণি। এই নাও বাছা ভিক্ষা নাও— [কয়েকটি পয়সা দিলেন]

অন্ধ। না মা, আমি আর ভিক্ষা চাই না মা বাছার খবরটা আমাকে দিও মা, তাহলেই আমার ভিক্ষা পাওয়া হবে।

[ভৈরবীর কোল হইতে গদাইকে ক্ষুদিরাম স্কন্ধে তুলিয়া লইলেন]

ক্ষুদিরাম। জয় রঘুবীর ! জয় গদাধর !

[শিঙ্গা বাজিয়া উঠিল]

যবনিকা

২য় অঙ্ক

(১ম দৃশ্য)

স্থান—একটি সুসজ্জিত বাগান। তন্মধ্যে একটি বাঁধান ঘাটযুক্ত পুষ্করিণী। সঙ্গীগণ সহ গদাই এর গান গাহিতে গাহিতে প্রবেশ।

গান।

কেশব কুরু করুণা দীনে কুঞ্জ কাননচারী ইত্যাদি

গদাই। কেমন সুন্দর শোভা ? কত রকমারি ফুল ফুটে রয়েছে দেখ ভাই। কত ফলের গাছ ! ওটা কি পাখী বল দিকিন্ ?

[একজন সঙ্গীর গলা জড়াইয়া ধরিয়া একদিকে আঙ্গুল দেখাইয়া]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সকলে। কৈ ভাই, আমায় দেখাও, আমাকেও দেখাও।

[একে একে সকলকে ঐ রূপ ভাবে পাখী দেখান]

গদাই। আর ঐ দেখ ভাই একটা বক পুকুর পাড়ে চোখটি বুজে কেমন চুপটি করে বসে আছে, যেন কত লক্ষ্মী ছেলেটিরে!

(সকলের হাস্য)

১ম বালক। ও অমনি চুপটি করে বসে আছে কেন ভাই?

২য় বালক। দেখেছিস ভাই, আবার এক পায়ে ভর দিয়ে কেমন দাঁড়িয়ে আছে, যেমন গুরুমশাই আমাদের পাঠশালায় দাঁড় করিয়ে রাখে, পড়া বলতে না পারলে?

৩য় বালক। ও বোধ হয় পড়া বলতে পারেনি।

৪র্থ বালক। তাই ওর গুরুমশাই ওকে ঐ রকম শাস্তি দিয়ে দাঁড় করিয়ে রেখেছে, না রে?

৫ম বালক। দূর, ও মাছ ধরবে বলে অমনি করে চুপটি করে বসে আছে।

গদাই। সেদিন ভাই রাস্তার ধারে গাছতলায় ওমনি করে বসে ছিল একটা সাধু.....সামনে একটা গামছা পেতে রেখেছিল—রাস্তা দিয়ে যত লোক যাচ্ছে, কেউ চাল, কেউ পয়সা, সেই গামছায় ফেলে দিয়ে যাচ্ছে;—আর দেখলাম—ও ভাই এমনি করে মিট মিট করে মাঝে মাঝে দেখছিল, কত হ'ল, পাছে কেউ কিছু তুলে নিয়ে না পালায়, লোকে কিন্তু ভাই মনে করেছিল, কত বড় একজন সাধু—বসে বসে ভগবানের ধ্যান করছে—(সকলের হাস্য) ঐ দেখ্ ঐ দেখ্! দেখলি কেমন মাছটা ধরল—আর উড়ে গেল?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সকলে। কি মজা, বাহবা কি মজা (হাততালি দিয়া)

গদাই। দূর শালারা! তোদেরও যদি অমনি করে কেউ ঠকায়? তখন মজা বেরিয়ে যাবে!

(স্নানার্থিনী ৫।৬টি কিশোরীর ঘড়া কাঁকে প্রবেশ)

১ম বালক। ঐ দেখ্ গদাই, ওরা আবার কারা!

গদাই। শিগগির পালিয়ে চ, ছেলেধরার দল আসছে রে।

সকলে। তাইতো কি হবে, কি হবে, কোন্ দিক দিয়ে পালাই—

গদাই। সামনের দিক দিয়েই যেতে হবে (সভয়ে)। বুক ফুলিয়ে চলে যাব চল্…

(সকলে অগ্রসর হইল। একে একে সকলে চলিয়া গেল। কিন্তু একটি কিশোরী পলায়নপর বালকদের মধ্য হইতে গদাইকে ধরিয়া ফেলিল।)

১ম কিশোরী। বুক ফুলিয়ে কোথায় যাচ্ছ ঠাকুর?

(ধরা পড়িয়া গদাই এর সলজ্জ ভাব অথচ দুষ্ট হাসিতে মুখখানা ভরিয়া রহিয়াছে)

২য় ঐ। নাগরকে এবার বেঁধে রাখত সই।

গদাই। আমাকে ছেড়ে দাও, ছেড়ে দাও বলছি (কাঁদ কাঁদ ভাবে)

৩য় কিশোরী। ঠোঁটের কোণে চাপা হাসি দেখো—

৪র্থ ঐ লোক দেখান চোখের জল আবার—তবে রে দুষ্টু—

৫ম কিশোরী। একটা গান গাও আগে তবে ছাড়বো,— লক্ষ্মী! গদাই! গাও, গাও ভাই—

গদাই। তুমিও গাইবে বল?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫ম কিশোরী। হ্যাঁ নিশ্চয়ই গাইব, তুমি গাইবে আর আমি গাইব না? সে কি হতে পারে?

[গদাই গাহিতে লাগিল। একজন কিশোরী ফুল লইয়া আসিল। সকলে গান শুনিতে শুনিতে মালা গাঁথিতে লাগিল।]

গান

যমুনার তীরে কালায় বাজায় বাঁশরী
কেমনে মন পাশরি?
বাঁশী ডাকে—আয় আয় আয়
হ'ল কুল রাখা যে দায়
কি ছলে যাইলো জলে
ঘরে ভরা গাগরী॥
ননদী না ছাড়ে পাশ
গলে বেড়ী পায়ে ফাঁস,
যদি, মিলনে এতই বাধা কেন না মরি?
কত সয়লো নাগরী?

গদাই। এবার তুমি গাও। তখন বল্লে যে গাইবে?

৫ম কিশোরী। নিশ্চয়ই—

গান

তোমারি ফুলে সাজাব তোমারে সাধ মনে
তোমারি ফুলে গাঁথি মালা কত যতনে
তুমি নিখিল সুন্দরতম
দিয়াছি তোমারে নাথ
নবীন জীবন মম,—
তোমারি প্রণয় ইন্দু বিম্বিত হৃদি গগণে—
লীন প্রাণ মন সদা লুণ্ঠীত তব চরণে॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[গান গাহিতে গাহিতে কিশোরী গদাইকে ফুল সাজে সাজাইতে লাগিল। গান শেষ হইলে গদাইকে মোহনচূড়া পীতধরা শ্রীকৃষ্ণ রূপে দেখাইতে লাগিল। 'কু' বলিয়া গদাই চকিতে বৃক্ষের আড়ালে আত্মগোপন করিল। তখন কিশোরীগণ গাহিতে লাগিল।]

গান

দেখা দাও হে পরাণ সখা হরি।
যে রূপেতে গোপীদের মন করেছিলে চুরি॥
চরণে চরণ দিয়ে দাঁড়াও হরি বাঁকা হয়ে।
সদয় হয়ে হৃদয় মাঝে এস হে হৃদয় বিহারী॥
তোমার চরণে নুপুর কটীতে ধরা।
গলে গুঞ্জ বেড়া মোহন চূড়া॥
চূড়া দেখে সকল ছাড়া হয়েছেন কিশোরী।
তোমার বনফুল মালা দুলিছে গলে—
নাচিছে অধর কুতুহলে
জয় রাধে শ্রীরাধে বলে বাজায়ে বাঁশরী॥
মনের সাধ মিটাও চিকণ কালা—
মিছে কাঁদায়ো না দিওনা জ্বালা॥

[আকস্মিক ভাবে বৃক্ষান্তরাল হইতে কিশোর শ্রীকৃষ্ণের আবির্ভাব। জয় রাধে, শ্রীরাধে বাঁশীতে বাজিতে ছিল]

[পট পরিবর্ত্তন]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২য় দৃশ্য)

[গ্রামের পথ। পল্লীর যাবতীয় শোভা চতুর্দ্দিকে বিরাজ করিতেছে। ছোট ছোট পর্ণ কুটীর। আঁকাবাঁকা গ্রামের পথ। বসন্তের আবির্ভাবে সর্ব্বত্র সমুজ্জল। গলায় গামছা দিয়া একজন স্ত্রীলোক একজন পুরুষকে টানিতে টানিতে প্রবেশ করিল।]

পুরুষ। আরে ছাড়, ছাড় মাগী—

স্ত্রী। ছাড়বো! ওরে ও অলপ্পে মিন্সে, তোর জন্য যে পথে বেরিয়ে এসেছি স্বামী পুত্তুর ফেলে, আর এখন তুই কিনা পালিয়ে যাবি? সেটী হচ্ছে না চাঁদ—চল্ আজ তোকে কি করি দেখ্। দশ জনকে ডেকে তোর গুণের কথা বলছি।

পুরুষ। তোর পায়ে পড়ি, দশ জনকে আর ডাকিস নি—দশ জনই তো খেল আমাকে—

স্ত্রী। ডাকবো না? দশ জনে এর একটা ফসল্লা করুক। চল্ চল্ শিগগির চল্ (টানিতে টানিতে প্রস্থান)

[ষড় রিপুর একে একে প্রবেশ]

কাম। হাঃ হাঃ হাঃ। আমিকন্দর্প। ফুল শরে বিঁধি যবে কোন্ নর আছে হেন এ ভুবন মাঝে কোন্ নারীই বা হেন যেবা পারে নিবারিতে অব্যর্থ সন্ধান মম। কামনার জ্বালায় জ্বলি উঠি সব নিমেষ ফেলিতে, ধায় ধায় নরনারী যত আলিঙ্গিতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরস্পরে। পৃথিবী জুড়ে খেলা চলে মোর যুবক যুবতী লয়ে, বৃদ্ধ বৃদ্ধা নাহি পড়ে বাদ। বিশ্ব বিমোহিতে মম সম দ্বিতীয় না হেরি আর! কত ঢং কত রং বাহার কত রচিতেছি অবিরত পাতিতে ফাঁদ; সে ফাঁদে দেয় নাই পা এমন তো দেখিনা কাহারে। প্রেমের মালঞ্চ সাজাই কত উপচারে রূপে রসে গন্ধে গানে ভরে তুলি ডালি মোর দিতে উপহার মানব মিথুনে। রতি লোভাতুর ছুটে আসে লভিতে এ উপহার দলে দলে অগণিত নরনারীগণে। তারপর—তারপর! কুসুম সম্ভারে অতি সংগোপনে লুক্কায়িত কণ্টক যখন হাঃ হাঃ হাঃ—

[লোভের প্রবেশ]

লোভ। এত আনন্দ হেরি তব কি কারণ?

কাম। এস লোভ। এস সখা এস। দক্ষিণ হস্ত তুমি মোর। তোমারে লয়ে দিগ্বিজয় মোর সফল করিব নিশ্চয়; সকল নর-নারী হৃদয়ে আসন মোদের হইবে অচল—ক্রোধ কোথা গেল? তুমি, আমি, ক্রোধ— তিন জনে শাসিব ধরা। অপ্রতিহত শাসন মোদের বিশ্বে করিতে নিস্কণ্টক প্রয়োজন হবে কাজে নিয়োজিতে মোহ মদ আর মাৎসর্য্যে।

(ক্রোধের প্রবেশ)

ক্রোধ। এসেছি সখা। এমনি বহ্নি জ্বালায়ে এসেছি—পৃথ্বী করে টলমল—! ঐ, ঐ দেখ মেদিনী কাঁপাইয়া দন্তে দন্ত করিয়া ঘর্ষণ—ধায় সৈনিকগণ হানিতে পরস্পরে—ঐ, ঐ দেখ সুন্দরী রমণী বক্ষে ছুরিকাঘাত করে ব্যর্থ প্রেমিকগণ—হাঃ হাঃ হাঃ! আর ঐ, ঐ দেখ ভ্রাতৃঘাতক, পিতৃঘাতকদল সারি বেঁধে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PRESENTED
PRESENTED

যায় প্রভাবে আমার। নারীগণেও দিই নাই নিস্তার। এমনি প্রতাপ মোর বহ্নি সম জ্বলি উঠি যবে ত্রিভুবন ছারে খারে যায়। হাঃ হাঃ হাঃ—

মোহ। মানব হৃদয়ে বাঁধিয়াছি বাসা—খাসা—মোহের প্রভাব এড়ায় সাধ্য কার—মানবেরে লয়ে যাই ঘোর অন্ধকার মাঝে, শেষে ছিনিমিনি খেলি লয়ে জীবন তাহার। ভণ্ড সাধুজনে চাহে নাশিতে আমারে। নাশিবে আমারে! হাঃ হাঃ হাঃ—

মদ। হের পর্ব্বত শিখর সম অহঙ্কারে মাতিয়াছে মানবগণ; সামান্য পতঙ্গ হইয়ে চাহে রণ বহ্নি সহ—পঙ্গু করে গিরি লঙ্ঘনের আশ, বামন হইয়া সাধ চাঁদে দিতে হাত—দেখ, দেখ কিবা দুর্গতি করিয়াছি মানবের হাঃ হাঃ হাঃ—

মাৎসর্য্য। ঈর্ষার অনলে পুড়াইয়া মারিতেছি অহরহঃ—তিলে তিলে তুষানল সম পলে পলে মানব হৃদয় জ্বলিতেছে অনুক্ষণ—ব্যবস্থা করিয়াছি ভাল! হাঃ হাঃ হাঃ—

কাম। উত্তম! উত্তম!! কিন্তু এ নহে আত্মপ্রসাদের সময়; শুনিতেছি দেবগণ লিপ্ত ভীষণ ষড়যন্ত্রে উচ্ছেদিতে শাসন মোদের ধরাপৃষ্ঠ হতে। মন্ত্রণা আছে গুরুতর—চল যাই সবে ত্বরা ইন্দ্রিয় রাজ মনের দরবারে— (প্রস্থান ও পট পরিবর্ত্তন)

(৩য় দৃশ্য)

[বৃক্ষতলে আসীন এক দণ্ডী সন্ন্যাসী। তিনি মোহ মুদ্গর আবৃত্তি করিতেছেন]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মূঢ় জহীহি ধনাগম তৃষ্ণাং।
কুরু তনু বুদ্ধে মনসি বিতৃষ্ণাং॥
যল্লভসে নিজ কর্ম্ম পাত্তং।
বিত্তং তেন বিনোদয় চিত্তং॥

কা তব কান্তা কস্তে পুত্র।
সংসার অয়মতীব বিচিত্র॥
কস্য ত্বং বা কুত আয়াত।
স্তত্ত্বং চিন্তয় তদিদং ভ্রাতঃ॥

মা কুরু ধন জন যৌবন গর্ব্বং।
হরতি নিমেষাৎ কালঃ সর্ব্বং॥
মায়াময়মিদমখিলং হিত্বা।
ব্রহ্মপদং প্রবিশাশু বিদিত্বা॥

নলিনী দলগত জলমতি তরলং।
তদবৎ জীবনমতিশয় চপলং॥
বিদ্ধি ব্যাধি ব্যাল গ্রস্তং।
লোকং শোক হতঞ্চ সমস্তং॥

তত্ত্বং চিন্তয় সততং চিত্তে।
পরিহর চিন্তাং নশ্বর বিত্তে॥
ক্ষণমিহ সজ্জন সঙ্গতিরেকা।
ভবতি ভবার্ণব তরণে নৌকা॥

দিন যামিন্যৌ সায়ং প্রাতঃ।
শিশির বসন্তৌ পুনরায়তঃ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কালঃ ক্রীড়তি গচ্ছত্যায়ু।
স্তদপি ন মুঞ্চত্যাশা বায়ুঃ॥
অঙ্গং গলিতং পলিতং মুণ্ডং।
দন্ত বিহীনং জাতং তুণ্ডং॥
করধৃত-কম্পিত-শোভিত দণ্ডং।
তদপি ন মুঞ্চত্যাশা ভাণ্ডং॥

* * * * * * *

(বাচস্পতির প্রবেশ)

বাচস্পতি। তুমি আবার কে বাবা! অঙ্গং গৈরিকাবৃতং মস্তকং মুণ্ডিতং ক্ষুধয়া পীড়িতং করধৃত-কম্পিত-শোভিত ভিক্ষাপাত্রং—এঁ্যা! যত সব ভণ্ডের আড্ডা আমাদের এই কামারপুকুরেই? দিন রাত সাধু সন্ন্যাসীর ভীড় লেগেই আছে!

সন্ন্যাসী। আপনাদের এই গ্রাম ধন্য। এখানে নর-নারায়ণ রূপে ঈশ্বরের আবির্ভাব.....

(গদাই এর প্রবেশ সঙ্গীগণ সহ)

গদাই। ওরে কুশীলব—করিস কি গৌরব
ধরা না দিলে পারিস কি ধরতে.....

বাচস্পতি। ঐ নাও তোমার অবতার এসেছে—পালাই বাবা এখনি আবার কি আব্দার ধরবে, গিন্নিইতো ছেলেটাকে আদর দিয়ে মাথায় তুলেছেন। (প্রস্থান)

গদাই। আয় ভাই আজ এই গানটা গাই সবাই মিলে—ধর ওরে কুশীলব.....

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১ম বালক। ঐ দেখ গদাই একজন সাধু ওখানে বসে রয়েছে।

গদাই। কৈ? ও, তাইতো চল্ চল্ তাহলে আগে সাধুর কাছেই যাই..... (হাসিতে হাসিতে সাধুর নিকট গমন ও প্রণাম)

(৪র্থ দৃশ্য)

[গ্রামের দৃশ্য। পথ।
বিষণ্ণ মুখে প্রেমের প্রবেশ]

প্রেম। হৃদয়ে স্থান কেহ নাহি দেয় মোরে! কত করি আকিঞ্চন! রুদ্ধ দুয়ারে হানি করাঘাত বারংবার—তবু খোলে নাকো দ্বার। বাহির হইতে কান পাতি শুনি অন্তরে উঠে কোলাহল শত কামনার—সেথা না পারে প্রবেশিতে আহ্বান মোর—অমৃতের তনয় গণে দহে দুরন্ত কাম নিরন্তর! ক্ষণিক অবকাশ নাহি দেয় মোরে সিঞ্চিবারে শান্তি পীযুষ ধারা উধর হৃদয়ে তাদের— (ভক্তির প্রবেশ)

ভক্তি। কেন লো তোর হেরি বিরস বদন?
দেখিয়াছ কি দুহিতা মোর, কোন অশুভ লক্ষণ অথবা পূরে নাই মনোসাধ তব তাই পাইয়াছ ব্যাথা?—

প্রেম। যথার্থই কহিয়াছ মাতা। চল ফিরে যাই বৃন্দাবনে মোরা—সেথা ছিলাম ভাল—ব্রজবালক আর ব্রজবালাগণের ছিলাম কণ্ঠের ভূষণ—কৃষ্ণ মিলনের সাথী মোরেই করেছিল তারা—কালাচাঁদে ধরিয়া আমিই রাখিতাম—গোপগোপিনীর আনন্দ মাঝে। আর যেথা যাই হেরি নরনারী ডুবে আছে নিরানন্দে সবে—কাছে যাই ফোটাতে আনন্দ লালিমা যবে শুষ্ক মুখে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সবাকার—ফিরায়ে বদন যায় চলে যেন চিনে নাই মোরে কিংবা প্রেমেরে তাদের কোন প্রয়োজন নাই!

ভক্তি। ধৈর্য্য ধর কন্যা মোর—প্রতিটি হৃদয়ে যে রচিতে হবে বৃন্দাবন মোদের—! নারায়ণ প্রচ্ছন্ন ভাবে অবতীর্ণ ধরাধামে—পুনঃ প্রচারি তোমারে আমারে উদ্ধারিবেন কলির জীবেরে। দেবগণও অবনী তলে নরকলেবরে হবেন উদয়। দেবাসুর দ্বন্দ্ব এবার নবরূপ করিবে ধারণ—বিস্ময় মানিবেন যত সিদ্ধ মুনি-গণ—পূর্ব্বাপর লীলা যত প্রভু এক দেহে সে সবে দেখাইবেন বিধিমত—ভোগ জর্জ্জরিত কামনা কলুষিত জীবেরে শিখাইতে তোমার আমার মূল্য—আপনি প্রভু করিবেন বিবিধ তপঃ আচরণ—অদ্ভুত সে লীলা হেরিবে জগৎবাসী হইবে স্তম্ভিত! দ্বন্দ্ব যাবে দূরে, ছুটিবে হৃদয় আঁধার, জলদ মন্দ্রে গর্জ্জিয়া উঠিবে মহা সমন্বয় বাণী, ঝলসি উঠিবে দিকমণ্ডল শাশ্বত জ্ঞানের তীব্র আলোকে—

জ্ঞান। সত্য বলেছ ভক্তি ভগিনী মোর। তুমি যেথা আমিও সেথা—হাতে হাত মিলাইয়া দুই ভাই ভগিনী মোরা ভ্রমিব মানব কুলে—আমি পুড়াইয়া ফিরিব যত ভ্রান্ত সংস্কার আর তুমি দানিবে শান্তির প্রলেপ লয়ে সাথে কন্যারে তোমার। বিবেক বৈরাগ্যেরে করিব মোদের উত্তম দোসর।

বিবেক বৈরাগ্য। সাধু! সাধু!! অতী সাধু প্রস্তাব!

বিবেক। সৎ অসৎ বিচার হারায়ে মানব পড়িতেছে মহাভ্রমে অবিরত! অবশ্য পালন করিব কর্ত্তব্য মোর সেবিতে ভ্রান্ত মানবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৈরাগ্য। যদ্যপি নিষ্ঠুর প্রতীয়মান হয় মোর কর্ত্তব্য তথাপি অক্লান্ত যুঝিব নিশ্চয় দুর্দ্দান্ত রিপু ও ইন্দ্রিয়গণ সনে উদ্ধারিতে ভয়াল বিষয় কান্তার হতে মনুর সন্তানগণে! রহিব সতর্ক প্রহরী যাহাতে না পারে দংশিতে যোষীদ কালভুজঙ্গিনী মোদের আশ্রিত জনে।

ভক্তি। এস জ্ঞান ধর মোর হাত। এস প্রেম তুমিও ধর মোর হাত—চল যাই সবে মিলি গিয়া সেথা যেথা নারায়ণ হরি বিরাজিছেন এবে নররূপ ধরি। (হস্তধারণ)

জ্ঞান। এস বিবেক (ঐ)

বিবেক। এস বৈরাগ্য (ঐ)

সকলে। হরে মুরারে মধুকৈটভারে
গোপাল গোবিন্দ মুকুন্দ সৌরে। (প্রস্থান)

পট পরিবর্ত্তন

(৫ম দৃশ্য)

[ক্ষুদিরামে বাটী। চন্দ্রমণি বৃদ্ধ ক্ষুদিরামের পদ সংবাহন করিতেছেন। পণ্ডিত রামকুমার ৺রঘুবীরের পূজায় রত। রামেশ্বর গীতা পাঠ করিতেছেন। রামেশ্বরের স্ত্রী গদাইকে শ্রীকৃষ্ণ বেশে সাজাইতেছেন। সাজান শেষ হইবার পর রামেশ্বরের স্ত্রীর প্রস্থান ও সঙ্গে সঙ্গে গদাইএর পশ্চাৎ ভাগে কিশোর শ্রীকৃষ্ণের আবির্ভাব ও অন্তর্দ্ধান।]

রামেশ্বর। অবজানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতম্।
পরমংভাবং অজানন্তো মম অব্যয়ম্ সর্ব্বলোক মহেশ্বরম্॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমার সর্ব্বলোক মহেশ্বর অব্যয় পরম ভাব না বুঝে মূঢ় ব্যক্তিরা, মূর্খেরা মনুষ্য দেহধারী আমাকে সামান্য মনুষ্য জ্ঞানে উপেক্ষা করে—

(শ্রীকৃষ্ণ বেশ পরিয়া গদাই হাত তালি দিয়া বলিয়া উঠিল)

গদাই। ঠিক, ঠিক! (মুচকি, মুচকি হাসি)

(রামেশ্বর সহাস্য বদনে স্নেহপূর্ণ দৃষ্টি গদাইএর প্রতি তুলিয়া ধরিলেন এবং ভৎর্সনা ছলে হাসিতে হাসিতে বলিলেন)

রামেশ্বর। দেখছ দুষ্ট ছেলের কাজ? তুই এসব কি বুঝবি, মূর্খ কোথাকার? যাও নেচে গেয়ে বেড়িয়ে বেড়াওগে। বামুনের ঘরের ছেলে লেখাপড়া তো কিছু শিখছ না?

ক্ষুদিরাম। না, ওকথা বলো না, গদাই আয় আমার কাছে আয়।

গদাই। যাই বাবা—

(নিকটে যাইয়া পিতার গলসংলগ্ন হইয়া বলিল)

কিন্তু মেজদা মূঢ় মানে বলছেন পুঁথি পড়া বিদ্যে যাদের নেই তারা মূঢ়, তারাই মূর্খ। আমি বলব—(রামেশ্বরের দিকে ফিরিয়া) বিষয় আসক্ত যাদের মন তাদেরই এখানে মূঢ় বলা হয়েছে।

ঠিক না বাবা? (পিতার দিকে ফিরিয়া)

ঈশ্বর ভাব বুঝতে হলে মনে এতটুকু বিষয় মালিন্য থাকলে চলবে না। (পিতাকে ছাড়িয়া রামেশ্বরের গলা জড়াইয়া ধরিয়া)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রেম, ভক্তি, বিবেক, বৈরাগ্য, জ্ঞান এই সব থাকলে তবে ভগবানকে জানা যায়।

(রামেশ্বরকে ছাড়িয়া পুনঃ পিতার গলসংলগ্ন হইয়া)

(পিতাকে ছাড়িয়া উঠানে নামিয়া একটা ঘুরপাক খাইয়া) পুঁথিগত বিদ্যার কাজ নয়—

(পণ্ডিতের সহসা প্রবেশ ও গদাইকে তৎক্ষণাৎ কোলে তুলিয়া লওয়া)

পাঁজিতে লিখছে বিশ আড়া জল হবে কিন্তু পাঁজি নেঙড়াও এক ফোঁটাও জল পাবে না।

(পণ্ডিতের কোলে চড়িয়া)

পণ্ডিত। অতি সত্য কথা! চাল কলা বাঁধা বিদ্যের কাজ নয় তোমার বুঝা ঠাকুর!

(সহাস্যে গদাইএর চিবুক নাড়িয়া আদর পূর্ব্বক)

(সকলে এতক্ষণ যুগপৎ বিস্ময় ও আনন্দে গদাইকে লক্ষ্য করিতেছিল ও তাহার কথা শুনিতেছিল। পণ্ডিতের আগমনে চন্দ্রমণি স্বামী পদ সংবাহনে বিরত হইলেন)

ক্ষুদিরাম। আরে এস, এস, পণ্ডিত এস (আনন্দ সহকারে) ওরে গদাই পণ্ডিতকে আসন দে—দে, দে শিগগির দে—এ তোর চাল কলা বাঁধা পণ্ডিত নয়, বাচস্পতি নয়—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(ক্ষুদিরামের ও পণ্ডিতের উচ্চ হাসি ; গদাই কোল হইতে নামিয়া ছুটিয়া যাইয়া আসন আনিয়া দিলে পণ্ডিতের উপবেশন)

পণ্ডিত। তারপর চাটুয্যে কেমন আছো ভায়া।
তা এখন হচ্ছিল কি ? পাঠ হচ্ছিল নাকি।
(রামেশ্বরের দিকে লক্ষ্য করিয়া)

ক্ষুদিরাম। হ্যাঁ, এই ছেলেদের কথা শুনছিলাম দুই ভায়ে গীতা ব্যাখ্যা করছিলেন।

পণ্ডিত। বটে ! গদাই কি বলছে ?

ক্ষুদিরাম। গদাই বলে বেশ হে—! (সহাস্যে)

পণ্ডিত। গরব যে আর ধরে না--? (হাস্য)

ক্ষুদিরাম। তা লেখাপড়া করলে না বটে তবে—

পণ্ডিত। দাঁড়াও, দাঁড়াও গুড়ুকে একটা টান দিয়ে নিই আগে—
(গদাইএর হাত হইতে হুকা লইয়া যেন কত আনন্দে টানিতে লাগিলেন)

[হৃদয়ের প্রবেশ। ফুটফুটে সাত আট বছরের একটি ছেলে পীত বসন পরা, গলায় একটি ফুলের মালা]

হৃদয়। মামা আছো গো ও মামা—?
দাদু, মামা কোথায় ?

গদাই। আয় হৃদে আয় (আগাইয়া আসিয়া সহাস্যে হাত ধরিল)
কি মনে করে এ সময় ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হৃদয়। দয়াময়, স্মরণ করাইয়া দিতে
আসিনু ভাগবত পাঠ শুনিতে
যাইবে বলিয়াছিলে এ দাসেরে
সে কথা কি গিয়াছ ভুলে বেমালুম ?

ক্ষুদিরাম। এ শালাও কম যায় না দেখছি! সবই অদ্ভুত কাণ্ড যে পণ্ডিত!

(উভয়ের আনন্দ প্রকাশ)

হৃদয়। হাসিও না দাদামহাশয় (গদাইএর হাত ধরিয়া দুজনে ঘুরিতে ঘুরিতে)

হৃদে বিনা মামা এক পাও
না পারে চলিতে, ছায়া সম
তাই ফিরে এ কিঙ্কর প্রভুর
চরণ সেবার লাগি।

ক্ষুধা পেলে
মামা জিজ্ঞাসে
মোরে কহ বৎস ক্ষুধার
সময় হয়েছে কি ?
তৃষ্ণা পেলে
বলে গলাটা সুখায়

(একটি রেকাবীতে দুটী সন্দেশ এক গেলাস জল লইয়া চন্দ্রমণি নিকটে আসিলেন।)

(একটি সন্দেশ তুলিয়া গদাই এর মুখে দিল)

কেন তৃষ্ণা পাইল কি ?
নিদ্রার সময় পুছেন
ঘুম পাইল কিনা দেখত হৃদে।

(জলের গেলাস মুখে ধরিল গদাই জল খাইতে লাগিল)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্ষুধা, তৃষ্ণা, নিদ্রার সময়
খেয়াল থাকে না
মাতুলের মোর— (জল পান হইলে এক হাতে
হৃদয় না থাকিলে গেলাস ধরিয়া অন্য হাতে আর
মামাটী একেবারেই অচল! একটি সন্দেশ তুলিতে তুলিতে)
হোঃ হোঃ—হোঃ দেখলে
তো দিদিমা কেমন যাত্রা
করতে পারি? (সন্দেশ ভক্ষণ ও জলপান)

গদাই। এদিকেও সময় হ'ল এবার
যাত্রা করি চল— (উভয়ের হাত ধরাধরি করিয়া প্রস্থান)

পণ্ডিত। আহা! যেন হরিহর আত্মা!

ক্ষুদিরাম। হ্যাঁ দুটিতে খুব মিল। এক সঙ্গে ওঠে বসে, খায় বেড়ায়—কোথায় রামায়ণ পাঠ হচ্ছে, কোথায় মহাভারত পাঠ হচ্ছে, কোথায় যাত্রা হচ্ছে, কোথায় সাধুসন্ন্যাসী এসেছে দুটিতে দলবল নিয়ে ঠিক জুটেছেন সেখানে।

পণ্ডিত। বুঝছোনা ভায়া—লীলা সহচর—লীলা সহচর!
(উল্লাস প্রকাশ ও ক্ষুদিরামের হাতে হুঁকা দেওয়া)

যবনিকা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩য় অঙ্ক

(১ম দৃশ্য)

[স্থান—দক্ষিণেশ্বর কালী মন্দির]

রাণী রাসমণি। কেবলি শুনি শূদ্র আর শূদ্র! শূদ্রের মন্দিরে পূজা ব্রাহ্মণে করিবে না! কি আশ্চর্য্য! সারা ভারতে মিলিল না পূজারী একজন! মন্দির স্থাপনা করাইলি যদি মা—নিজের পূজারী তুমি নিজেই কর তবে নির্ব্বাচন। অন্ন ভোগ দিতে তোরে চিতে মোর সাধ কিন্তু ঘটিল প্রমাদ আমার নাহি সে অধিকার শূদ্র যে আমি। হাসি পায় কথা শুনি। শূদ্রের জননী তুমি জগন্মাতা ভবতারিণী তবু নাহি পার অন্ন তাহার করিতে গ্রহণ? অপূর্ব্ব বিধান শুনি দুঃখ বা যত হয় কৌতুক মানি তত। বিধির বিধান নিশ্চয় এ নহে। হেন ব্রাহ্মণ কে আছে—বিদ্রোহী ব্রাহ্মণ? স্বার্থোদ্ধত কুটিল লোকাচারে করি মস্তকে পদাঘাত ভবতারিণীর পৌরোহিত্য হাসিতে হাসিতে লবে স্কন্ধে তুলি? তোমারি লইনু শরণ দেবী! পূজারী বিহনে পূজা তব দীর্ঘ দিন রয়েছে বন্ধ,—অপরাধ তুই যে শূদ্রা রাসমণির মা! মন্দিরে প্রতিষ্ঠা তোরে করি নাই এত দিন সেই মোর ছিল ভাল! মা-মা তুমি ছাড়া কে ঘুচাবে মোর মরম ব্যাথা? পূজারী তোমার লহ নির্ব্বাচিয়া শীঘ্র—জননী আমার!

(মথুরের প্রবেশ)

মথুর। লহ প্রণাম মাতা আছে শুভ বারতা। শ্রম মোর এত দিনে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইল সার্থক। ঝামাপুকুর অঞ্চলে পাইয়াছি সন্ধান এক ব্রাহ্মণের, অতি সুপণ্ডিত তিনি। রামকুমার চট্টোপাধ্যায় নাম। সাক্ষাৎ করিয়া তাঁরে সকল কথা নিবেদিনু যবে বহু শাস্ত্র করিয়া মন্থন অবশেষে দিয়াছেন তিনি বিধান—অন্ন ভোগের বিধান। পূজারীর পদ বরিতে তাঁহারেই আমি করিনু অনুরোধ। তিনি সম্মত হইলেন বটে কিন্তু কনিষ্ঠ ভ্রাতার সহিত বাঁধিল বিরোধ। ভ্রাতা তাঁর তুলিল আপত্তি ঘোরতর—তেজস্বী যুবক বাক্য কহে চমৎকার, সুতীক্ষ্ণ যুক্তি তার খণ্ডে সাধ্য কার! তুমুল তর্ক চলিল দুজনার—তর্কের শেষ নাহি হেরি অবশেষে ধর্ম্মপত্রের সিদ্ধান্ত মানিতে যুবক হইল সম্মত। অবশ্য জগন্মাতার কৃপায় পরাজয় ঘটিয়াছে তাহারই।

রাণী। কি কহিলে—পরাজয় ঘটিয়াছে তাহারই—? তারপর, তার পর?

মথুর। পণ্ডিত রামকুমারে পূজারীর পদে নিয়োগ করেছি—শীঘ্রই আসিবেন তিনি লইতে পূজার ভার।

রাণী। চমৎকার! চমৎকার! অতি চমৎকার!!
বাজারে নবত বাজা! ধ্বনিয়া উঠুক শঙ্খ ঘণ্টা রোল—মাতৃ পূজার এবার হয়েছে সময়।
জগৎ মানিবে বিস্ময়—
তিমির বারিতে তিমির বরণী—
পুনঃ বুঝি হ'ল কলিতে উদয়

(নেপথ্যে মহবৎ বাজিয়া উঠিল।) পট পরিবর্ত্তন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২য় দৃশ্য)

[দক্ষিণেশ্বর কালীবাড়ী। নহবৎ বাজিতেছে।

গঙ্গার ধার। পোস্তায় গদাই একাকী—প্রথম যৌবন। স্বগত উক্তি]

গদাই। নিখুত রচনা!—মন্দির, প্রাঙ্গণ, উদ্যান, পুষ্করিণী, উপবন শোভিত অতি মনোরম স্থান। কলতানে সুরধুনী প্রবাহমান! গাম্ভীর্য্যে, মাধুর্য্যে পরিপূর্ণ এস্থান সাধনার অনুকূল বটে। দ্বাদশ বর্ষ কঠোর তপস্যা করিতে এর চেয়ে উপযুক্ত স্থান দেখি না আর। কামিনী কাঞ্চনে ডুবিয়া রয়েছে দেখিলাম মহানগরী—সে নহে সাধনার স্থান বিলাস ব্যাসনে সদামত্ত সেথা নরনারী। অবশ্য বিশ্বের লোক ভিড়িয়াছে এক স্থানে এ বড় চমৎকার কিন্তু হেরিতেছি পরস্পরে করে বিদ্বেষ—হীন স্বার্থ সিদ্ধি তরে পারে না নাহি হেন কাজ—ভেদ বুদ্ধি সদা জাগ্রত। সুখ অন্বেষণে সদা করে অভিলাষ কিন্তু পরিণামে করে শুধু হা হুতাশ। কি ভীষণ অন্ধকার অন্তরে জমেছে সবার। ভাল, ভাল তার চেয়ে এই স্থানেই রহিয়া অতি সন্নিকটে তাহাদের আচরিব তপস্যা মোর করিতে তাদের দৃষ্টি আকর্ষণ। এক দিকে প্রবল ভোগের অন্যদিকে ভক্তি প্রেমের স্রোত বহিবে পাশাপাশি। ত্যাগের আদর্শে গড়িয়া তুলিতে হইবে নূতন মানুষ, নূতন সমাজ, নূতন দেশ। জড়ের চিন্তায় জড় হয়েছে মানুষ—ছুটিতেছে অহরহ ভোগ আহরণে—অভিমানে ভরা—নাহি ঊর্দ্ধ দৃষ্টি—দৃষ্টি সদা নিম্নগামী। চৈতন্য ফিরাইয়া আনিব সবাকার যদ্যপি এ কার্য্য সুকঠিন অতি বিশেষ এই কলিতে। সেই হেতু করিব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কঠোর তপস্যা দীর্ঘ দ্বাদশ বর্ষ কাল—সে তপস্যা হইবে বিরামহীন, উদ্দাম, ঘোর, ভয়ঙ্কর, কোথা দিয়া যাইবে নিশি যাইবে দিন নিরূপণ না রহিবে তাহার। মুক্তি পথের সূক্তি রচিয়া বিশ্ব মাঝে গড়িয়া তুলিব—সাধনার নব মঠ। নাশিব মায়ার অন্ধ কুহক, ঘুচাব ভ্রান্ত জীবের ব্যথা—এই হ'ল সত্য সঙ্কল্প আজি হতে মোর!

[হৃদয়ের প্রবেশ]

হৃদয়। মামা! কি বিড় বিড় করছিলে আপন মনে?

গদাই। কৈ, না তো—? বারে আমি তো এই সব বিল্ডিং দেখছিলাম।

হৃদয়। এই নাও, আমি স্বচক্ষে দেখলাম, স্বকর্ণে শুনলাম তুমি বলছ—এই হল সত্য সঙ্কল্প আজি হতে মোর—সঙ্কল্পটা কি শুনি—?

গদাই। তোকে একটা মামী এনে দেব ভাবছি তাহলে আর মামার পোঁদে লাগবি না—এই সঙ্কল্প করেছি। (হাস্য)
নে, নে, চল, সিধেটা নিয়ে ঝামাপুকুরে ফিরতে হবে তো? বেলা হ'ল—আজ আর এখানে নয়—

হৃদয়। বড় মামা তো তোমায় এখানে খেতে বলে তুমি খাওনা কেন—? এই রদ্দুরে এত বেলায় গিয়ে কখন রাঁধবে আর কখন খাবেই বা বল দিকিন?

গদাই। দূর শালা, তোর বড় মামার আর কি? শুদ্দুরের অন্ন খেয়ে এত সাধের জাতটা খোয়াব শেষকালে? (ঈষৎ হাসি)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হৃদয়। তুমি আমায় শালাটালা বোলনি বাপু—লোকে শুনলে বলবে কি? এটা তোমার আর কামারপুকুর নয়। এখানে বাবুরা সব কত সভ্য ভব্য; কত ভদ্দর!

গদাই। তোর সভ্যতার মুখে মুতে দিই শালা— (মৃদু হাসিয়া)

হৃদয়। চল—চল মামা সিধে নিয়ে কলকাতায় ফিরে যাই চল—তোমার ক্ষিদে পেয়েছে বেশ বুঝতে পারছি কিন্তু মামা রোজ এতটা করে হাঁটতে পারবো না—তার চেয়ে এখানেই থাকবার একটা বন্দোবস্ত করে নিলে তো বেশ হয় বাপু—?

গদাই। অত ব্যাস্ত হচ্ছিস কেন? চল্ চল্ শিগগির চল্ ঐ বুঝি এলোরে!—

[উভয়ের দ্রুত প্রস্থান ও মথুরের দ্রুত প্রবেশ]

মথুর। চতুর, চতুর, অতীব চতুর! কিছুতেই নাহি দিবে ধরা। দেখিলেই মোরে দূরে সরে যায়। দুটি কথা কহিবার তরে প্রাণ হয় উচাটন কিন্তু ধরিয়াও ধরিতে পারি না। কিবা সুন্দর সুঠাম মূর্ত্তি, ধ্যান গম্ভীর, সৌম্য প্রশান্ত অথচ কিবা তেজস্বী যেন সাক্ষাৎ ব্রহ্মণ্য দেব—মরি মরি। অহরহ চিন্তা করি ঐ রূপ—কে ঐ যুবক! প্রাণ মন করিল হরণ মোর প্রথম দরশনেই। নাঃ, ছাড়িব না কিছুতে। ছায়া সম সঙ্গ লব—দেখি ধ্যান তব পারি কিনা ভাঙ্গিতে হে দেব মানব! অন্তর কহিছে মম নিশ্চয় তুমি সামান্য নহ। (প্রস্থান)

পট পরিবর্ত্তন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩য় দৃশ্য)

[কামারপুকুর। ক্ষুদিরামের বাটী। চন্দ্রমণি বিধবা বেশে গৃহ হইতে উঠানে বাহির হইয়া আসিলেন কয়েকজন প্রতিবাসিনীর সাড়া পাইয়া]

১ম প্রতিবাসিনী। কৈ গো রামের মা কোথায় গেলে ?—

২য় ঐ। আহা অমন সোনার চাঁদ ছেলে! কৈ গো গদাইএর মা কৈ ?—

৩য় ঐ। ভাল কবিরাজ দেখাও তাহলে ভাল হয়ে যাবে, ভাল হয়ে যাবে —বাছাকে এখানে নিয়ে এস মা নিয়ে এস—দেশের ছেলে দেশে ফিরে আসুক।

কামারিণী। গদাই বিনে সারা গাঁটাই যেন অন্ধকার হয়ে গেছে—কি ছেলে বুড়ো কি মেয়ে মদ্দ সকলকেই আনেন্দ ভরিয়ে রাখতো গো ভরিয়ে রাখতো—কি কুক্ষণেই বাছাকে কলকাতায় পাঠালে মা ?

চন্দ্রমণি। দিবা রাত্র বাছা আমার মা মা বলে ডাকছে—মা দেখা দাও, মা দেখা দাও! আমার যে বুক ফেটে যাচ্ছে! ঐ, ঐ শুনছি বাছা আমার মা মা বলে ডাকছে—কামারিণী আর যে আমি থাকতে পারছি না!

কামারাণী। আমিও যে তার আর এক মা। পৈতের সময় ভিক্ষামাতা করে আমাকে জানিয়ে দিল সত্যই আমি তার মা। সেই অবধি বাছা আমার বুকখানা জুড়ে রয়েছে মা। আমারও বুকখানা আটু-পাটু করছে বাছার অসুখ শুনে অবধি—।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[রামেশ্বরের প্রবেশ]

রামেশ্বর। মা, আজ আমি কলকাতায় যাচ্ছি গদাইকে নিয়ে আসতে। তুমি ভেব না। গাঁয়ের প্রবীণরা সকলেই বলছেন গদাইয়ের বিয়ে দিতে। তুমি বরং একটি পাত্রীর খোঁজ কর--সংসারী হলে গদাই আর ওসব সাধনা টাধনার দিকে ঝুঁকবে না—শান্ত ছেলেটি হয়ে বৌমাকে সঙ্গে নিয়ে দুজনে তোমার সেবা করবে অখন কি বল মা—সেই ভাল হবে না—? ওঠ লক্ষীটি, কান্নাকাটি কোর না। ওঃ কেঁদে কেঁদে চোখ দুটো ফুলিয়ে ফেলেছ দেখছি—

চন্দ্রমণি। হ্যাঁ বাবা—সেই ভাল, সেই ভাল তুই আজই যা বাছাকে নিয়ে আয়। তার বিয়ে দিয়ে আমি লক্ষী ঘরে তুলব—লক্ষী ঘরে তুলব! (আনন্দোল্লাস)

[পট পরিবর্ত্তন।]

(৪র্থ দৃশ্য)

[দক্ষিণেশ্বর কালীবাড়ী। পোস্তা। গান গাহিতে গাহিতে গদাইএর প্রবেশ]

গান

আয় মন বেড়াতে যাবি কালীকল্পতরু মূলে।
(রে মন চারি ফল কুড়ায়ে পাবি)
প্রবৃত্তি নিবৃত্তি জায়া তার নিবৃত্তিরে সঙ্গে লবি—
বিবেক নামে তার বেটা তত্ত্ব কথা তায় শুধাবি।
প্রথম ভার্য্যার সন্তানেরে দূর হতে বুঝাইবি—
যদি না মানে প্রবোধ জ্ঞান সিন্ধু-মাঝে রে ডুবাইবি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধর্ম্মাধর্ম্ম দুটা অজা তুচ্ছ খোঁটায় বেধে থুবি—
যদি না মানে নিষেধ জ্ঞান খড়্গে বলি দিবি।
অবিদ্যা অহঙ্কার পিতামাতায় তোর তাড়ায়ে দিবি।
যদি মোহ গর্ত্তে টেনে লয় ধৈর্য্য খোঁটা ধরে রবি
শুচি অশুচিরে লয়ে করে দিব্য ঘরে শুবি—
যখন দুই সতীনে পিরীত হবে তখন শ্যামা মাকে পাবি।
প্রসাদ বলে এমন হলে কালের কাছে জবাব দিবি—
তবে বাপু বাছা বাপের ঠাকুর মনের মতন মন হবি।

[গান শেষ হইলে স্বগত উক্তি]

গদাই। পাটে বসেছেন দিনমণি ঐ!—আরও একদিন বৃথা গেল মোর! ওগো ঠাকুর তুমি তো চলিলে আজিকার মত—আমার কি করিয়া গেলে কহতো?—জগন্মাতার দরশন আজও ঘটিল না ভাগ্যে মোর—?

ওঃ! বক্ষপিঞ্জর বুঝি এখনি ভাঙ্গিবে। তীব্র ব্যাকুলতা কালীর দরশন লাগি দহিছে মোরে নিরন্তর। নিঙারী অন্তর কেবলই উঠিছে মা—মা ধ্বনি।

মা—মা দেখা দাও! দেখা দাও!! দেখা দাও!!! সচ্চিদানন্দময়ী মা দেখা দাও! দেখা দাও এ অধম সন্তানে তোমার—যেমন দিয়াছিলে দেখা রামপ্রসাদেরে দিয়াছিলে কমলাকান্তেরে। বঞ্চনা কোরো না গো মোরে। দেখা দাও দয়াময়ী মা—কৃপা কর—দেখা দাও! দেখা দাও!! মা—মা—মা—দেখা দাও, দেখা দাও, দেখা দাও [মাটিতে মুখ ঘর্ষন ও ক্রন্দন] মা, মা, মা, মা, মা, মা— (পট পরিবর্ত্তন)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫ম দৃশ্য)

[দক্ষিণেশ্বর কালীমন্দির। নহবৎ বাজিতেছে। পূজার আয়োজন হইয়া রহিয়াছে। খাজাঞ্চীর প্রবেশ।]

খাজাঞ্চী। কৈ ছোট ভট্‌চায এখনও পূজায় বসল না? কি যে সব হচ্ছে বুঝতে পারি না—ঐ আসছেন বুঝি? [প্রস্থান]

[ভাবোন্মাদ অবস্থায় গদাইএর প্রবেশ। হৃদয় সাবধানে ধরিয়া আনিতেছে। পূজার আসনে উপবেশন ও সামান্য ভাবে পূজা করণ।]

গদাই। জয় মা ভবতারিণী!—সত্যই কি তুমি ভবতারিণী—? জগন্মাতা বলে সত্য সত্যই একজন আছে—না এ শুধু পাষাণ? এই বিগ্রহের পশ্চাতে সত্যই কি একজন আছে? —যদি তুমি সত্যই জগতের মা আমাকে তবে দেখা দিচ্ছনা কেন—আমি কি জগৎ ছাড়া—তুমি কি আমারও মা নও? আমি জ্ঞানহীন ভক্তিহীন ভাবহীন অজ্ঞ মূর্খ—আমি মন্ত্র জানি না তন্ত্র জানি না—আমি ক্রিয়া-হীন কর্ম্ম-হীন সাধন-হীন, ভজন হীন, পূজা-হীন তবু তো তুমি আমার মা? মা তুমি যদি সত্য হও আমাকে দেখা দাও—দেখা দাও! মা-গো আমি যে আর থাকতে পারছি না! দেখা দাও, দেখা দাও! কৈ দেখা দিলি না, মা এখনও দেখা দিলি না?

[দ্রুত উঠিয়া দাঁড়াইয়া দেবীর খড়্গ গ্রহণে উদ্যত হইয়া]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৃথা তবে জীবন ধারণ সত্য দরশন যদি নাহি ঘটে জীবন ধারণ তবে কি কারণ? এখনই এই খড়্গে নিজেরে বলি দিব—লুণ্ঠিত হোক মস্তক মোর দেবীর চরণতলে—মা লহ মোরে বলি যদি নাহি দিবে দরশন!

[খড়্গ উত্তোলন মাত্র সংজ্ঞাহীন হইয়া পতন। পাদ-পীঠের আলো নিভিয়া গেল। গর্ভ মন্দিরে তীব্র আলো জলিয়া উঠিল।)

[হৃদয়ের প্রবেশ]

হৃদয়। একি! একি! মাতুলের একি দশা হেরি? মরিমরি কিবা অপরূপ জ্যোতি ফুটিয়াছে বদন কমলে; স্থির নেত্র—পলক নাহি পড়ে! বিম্বাধরে শোভিছে কিবা মঞ্জুল হাসি! উঠ, উঠ, হে প্রিয় মাতুল মোর (গদাইকে উঠাইয়া বসাইলেন)

গদাই। মা—মা—মা!

পরমা জ্যোতি তুমি মা! হেমকান্তিনিভ আলোক তরঙ্গ হেরি চারিভিতে! যত দূর দেখা যায় দেখি শুধু জ্যোতির তরঙ্গ—ডুবে যায় তাহে একে একে মনস্তত্ত্ব, অহংতত্ত্ব, বুদ্ধিতত্ত্ব! ধ্বনি এক শুনিতেছি উঠিছে সেই উত্তাল জ্যোতি তরঙ্গ ভেদি—সাম ঝঙ্কারে উঠিছে ঐ গভীর ওঁকার ধ্বনি! সে ধ্বনি ভেদি বাহিরিছে আরও এক ধ্বনি—সে ধ্বনি শুনিতেছি—মা—মা ধ্বনি! ঐ! ঐ!! বুঝি মা দাঁড়ায়ে রয়েছ ওঙ্কার রূপিণী জ্যোতির্ময়ী ভবতারিণী? ঐ, ঐ যে মা আমার দাঁড়ায়ে—মা নহ তুমি মৃন্ময়ী—চিন্ময়ী তুমি বুঝিলাম আজি। হেরিতেছি পাষাণ বিগ্রহ নহে পাষাণ! সহসা পাষাণে কেমনে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইল প্রাণের সঞ্চার বুঝিতে নাহি পারি! আহা মরি মরি পাষাণে চৈতন্যময়ী মা আমার হাসিতেছে ঐ!—দেখি দেখি পড়ে কিনা নিশ্বাস তোর—? (নাসিকায় তুলা ধরিয়া পরীক্ষা) হের হের পড়িছে নিশ্বাস!

দেখি নেত্রপাতে পলক আছে কিনা—?

হ্যাঁ, হ্যাঁ পড়িছে পলক!

দাঁড়া, দাঁড়া মা মন্ত্র পড়ি পরে করিবি ভোজন—আঃ মন্ত্র পড়িতে দিবি না? বেশ, বেশ, খা, খা—

(ফল মূলাদি দেবীর মুখে তুলিয়া ধরিতে লাগিলেন একে একে)

ছিঃ ছিঃ আমি কি করে খাই বল—

তুই খা, তুইই খা—কি বলিতেছিস? খাইতে হইবে? আচ্ছা, আচ্ছা খাইতেছি— (স্বীয় মুখে ফলাদি গ্রহণ)

ও কি? আবার বিড়াল সাজিয়াছ দেখি! আয় মা আয় খা, খা। কি কহিছ—গান শুনাইব? বেশ গাহিতেছি, তোরে শুনাইতে—শোন মা শোন! (গান ধরিলেন)

গান।

আমার মা ত্বং হি তারা
তুমি ত্রিগুণধরা পরাৎপরা।
আমি জানি মা গো দীনদয়াময়ী তুমি দুর্গমেতে দুঃখহরা—
তুমি সন্ধ্যা তুমি গায়ত্রী তুমি জগদ্ধাত্রী গো মা—
তুমি অকুলের ত্রাণকর্ত্রী সদাশিবের মনোরমা।
তুমি জলে তুমি স্থলে তুমি আদ্য মূলে গো মা—
আছ সর্ব্বঘটে অক্ষপুটে সাকার আকার নিরাকারা।

যবনিকা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪র্থ অঙ্ক

(১ম দৃশ্য)

[জানবাজারে রাণী রাসমণির বাড়ীর একটি কক্ষ]

রাণী। একি উন্মাদ রোগ! না, না কখন তা হতে পারে না—মাকে জাগ্রতা করতে এমনিই পূজারীর দরকার ছিল—মা নিজের পূজারী নিজেই বেছে নিয়েছেন। না, না আমি কার কোন কথা শুনব না— [খাজাঞ্চীর প্রবেশ]

খাজাঞ্চী। রাণী মা, ছোট ভট্‌চাযের দ্বারা মায়ের পূজা আর চলছে না। যা খুসী তাই করছেন—আরতি করছেন তো আরতিই করে যাচ্ছেন—মায়ের পায়ে ফুল দিতে গিয়ে নিজের পায়েই ফুল দিয়ে বসছেন—নিজেকেই পূজা করছেন—বিড় বিড় করে কি বলছেন—মন্ত্র তন্ত্র কিছুই আর বলেন না—মাকে খাওয়াতে গিয়ে নিজেই খাচ্ছেন আবার নিজের উচ্ছিষ্ট মাকে খাওয়াচ্ছেন।

রাণী। হ্যাঁ আপনি বলবার আগে আমি শুনেছি কিছু কিছু—এস বাবা এস— [মথুরের প্রবেশ]

মথুর। কলকাতার বড় বড় কবিরাজ দিয়ে পরীক্ষা করালাম—তাঁরা সকলেই বলছেন এ ব্যাধি ঔষধে আরোগ্য হবার নয়—এ ব্যাধি ক'জনেরই বা হয়—এরূপ ভাবোন্মাদ অবস্থা সাধক-দেরই হয়ে থাকে শুনেছি—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাণী। ভাবোন্মাদ অবস্থা! সাধকদেরই হয়ে থাকে—? আচ্ছা বেশ, তারপর—?

মথুর। ঠাণ্ডা তেল, আর ঔষধেরও কিছু ব্যবস্থা অবশ্য করেছেন তাঁরা……

রাণী। আমি মন্দিরে নিজে গিয়ে বাবাকে দেখব—তারপর পূজারীর ব্যবস্থা—সে পরে যা হয় কোরব, হাঁ তার আগে মথুর, তুমি বাবা, মন্দিরে গিয়ে সকলকে বলে দিও ছোট ভট্টচাযকে কেউ যেন জ্বালাতন না করে—কেউ যেন কিছু না বলে। তিনি যেমনই ইচ্ছা পূজা করুন—তাঁর ওপর নজর রাখতে হৃদয়কে বলবে।

মথুর। আমি এখনই যাচ্ছি— (প্রস্থান)

রাণী। কৈ দেখি আপনার ফর্দ্দ খাজাঞ্চী মশাই—

খাজাঞ্চী। এই যে রাণী মা, এবার সদাব্রতের খরচটা একটু বাড়াতে হয়েছে— সাধু সন্ন্যাসীর ভিড়টা ক্রমশই বাড়ছে মা—

রাণী। তা বাড়বে বৈকি—(ঈষৎ হাসিয়া) আচ্ছা আপনি একটু বসুন—আমি টাকা নিয়ে আসছি (প্রস্থান)

খাজাঞ্চী। কি জানি বাপু, বড় লোকদের কাণ্ডই আলাদা !

(পট পরিবর্ত্তন)

(২য় দৃশ্য)

[দক্ষিণেশ্বর কালী মন্দির। গান গাহিতে গাহিতে ফুলের সাজি হাতে গদাই এর প্রবেশ]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গান।

আমায় দে মা পাগল ক'রে (ব্রহ্মময়ী)
আর কাজ নাই জ্ঞান বিচারে।

তোমার প্রেমের সুরা পানে কর মাতোয়ারা,
ওমা ভক্ত চিত্তহরা ডুবাও প্রেম সাগরে।

তোমার এ পাগলা গারদে, কেহ হাসে কেহ কাঁদে,
কেহ নাচে আনন্দ ভরে,

ঈশা মুসা শ্রীচৈতন্য, ওমা প্রেমের ভরে অচৈতন্য,
হায় কবে হব মা ধন্য (ওমা) মিশে তার ভিতরে।

স্বর্গেতে পাগলের মেলা, যেমন গুরু তেমনি চেলা,
প্রেমের খেলা কে বুঝতে পারে।

তুই প্রেমে উন্মাদিনী, ওমা পাগলের শিরোমণি,
প্রেমধনে কর মা ধনী, কাঙ্গাল প্রেম দাসেরে।

[গান শেষ হইলে পূজার আসনে উপবেশন। সামান্য ভাবে পূজা করিলেন। মথুরের প্রবেশ ও অন্তরালে দাঁড়াইয়া পূজাদর্শন]

গদাই! এই নে মা তোর ধর্ম্ম এই নে মা তোর অধর্ম্ম আমায় শুদ্ধা ভক্তি দে মা—এই নে মা তোর জ্ঞান এই নে মা তোর অজ্ঞান আমায় শুদ্ধা ভক্তি দে মা!—এই নে মা তোর বিদ্যা এই নে মা তোর অবিদ্যা আমায় শুদ্ধা অহৈতুকী নির্ম্মলা অমলা ভক্তি দে মা! মা আমি লোক মান্য হতে চাই না—দেহ সুখ চাই না মা; অষ্ট সিদ্ধি চাইনা—শত সিদ্ধিও চাই না মা—আমায় তোর পাদপদ্মে অটলা অচলা ভক্তি বিশ্বাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দে মা—এই নে মা তোর মিথ্যা এই নে মা তোর স·····
—মা—মা—মা (ধ্যানস্থ হইলেন)

[মন্দিরের কয়েকজন কর্ম্মচারীর প্রবেশ]

১ম। চলো হে চলো ছোট ভট্‌চাযের পাগলামোটা একবার দেখে আসা যাক—মা এবার জাগ্রত না হয়ে যাবেন কোথা—?

২য়। এমন আদুরে গোপাল পূজারী—বাপের জন্মে কেউ দেখেছে কখনও—মার ভোগ দেবার আগে নিজেই পেট্টায় নমঃ (সকলের উচ্চ হাস্য)

৩য়। তারপর কিনা মুখের এঁটোটা মাকে খেতে দেয় হে—ছিঃ, ছিঃ, একি ম্লেচ্ছ কাণ্ড কারখানা বল দিকিন—?

৪র্থ। আমি হ'লে ভায়া অমন বামনাকে টিকি ধরে—এই—এই রকম করে ফটকের বাইরে রেখে আসতাম্—ভণ্ডামির জায়গা পাওনি শালা—বাবুদের বশ করতে চায় আর কি হে—বশ করতে চায়, তাই এত সব রং ঢং করছে—বুঝছ না হে বুঝছ না? (সকলের উচ্চ হাস্য)

সকলে। ঠিক্ ঠিক্,

১ম। ঐ দেখ, আজকে আবার কি ঢং হচ্ছে?

২য়। একেবারে সমাধিস্থ!

৩য়। গিয়ে দোব নাকি একটা ঠেলা—?

[অন্তরাল হইতে মথুর হঠাৎ বাহির হইলেন।
সকলে থতমত খাইয়া গেল।]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মথুর। খবরদার! ছোট ভট্‌চায্‌কে যদি কেউ কিছু বলেছে তো তার ঘাড়ে আর গর্দ্দান থাকবে না, বলে গেলাম। (প্রস্থান)

সকলে। (একটু সামলাইয়া লইয়া) চলো ভায়া চলো—দরকার নেই কিছু বলে—বড় লোকদের ব্যাপারই আলাদা—আমাদের কি দরকার—কি দরকার?

[একটি মূল্যবান শাল হস্তে রাণীর প্রবেশ
গদাইএর ধ্যান ভঙ্গ ও গান]

গান।

গো আনন্দময়ী হয়ে মা,
আমায় নিরানন্দ করো না।
(ওমা) ও দুটি চরণ বিনে আমার মন,
অন্য কিছু আর জানে না;
তপন তনয় আমায় মন্দ কয়,
কি বলিব তায় বল না।
ভবানী বলিয়ে ভবে যাব চলে,
মনে ছিল এই বাসনা,
অকুল পাথারে ডুবাবি আমারে
(ওমা) স্বপনেও তাতো জানি না।
অহর্নিশি শ্রীদুর্গা নামে ভাসি
তবু দুঃখ রাশি গেল না,
এবার যদি মরি ও হর সুন্দরী,
তোর দুর্গা নাম আর কেও লবে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[গান শেষ হইলে রাণী আর একখানা
গান গাহিতে অনুরোধ করিলেন]

রাণী। বাবা, আর একখানা ঐ রকম গান গাও তো—

গদাই। ও, এসো মা এসো—বোস—

গান।

শিব সঙ্গে সদা রঙ্গে আনন্দে মগনা,
সুধা পানে ঢল ঢল ঢলে কিন্তু পড়ে না (মা)।
বিপরীত রতা তুরা, পদভরে কাঁপে ধরা,
উভয়ে পাগলের পারা, লজ্জা ভয় আর মানে না মা।

[গান গাহিতে গাহিতে গদাই ভাবাবিষ্ট হইয়া রাসমণির
গালে একটি চড় মারিয়া বসিল]

গদাই। এখানেও ঐ চিন্তা—বিষয় চিন্তা ?

(মৃদু মৃদু হাসিতে লাগিলেন)

রাণী। তাইতো মামলার কথাই ভাবছিলাম তো বটে! কিন্তু বাবা সে কথা জানলে কি করে ?

(স্বগত ও মাথা হেঁট করিয়া)

কর্ম্মচারীগণ। না—না, এ আমরা কিছুতেই সহ্য করবো না—যতবড় নয় ততবড় স্পর্দ্ধা—রাণীমার গায়ে হাত তোলা!

১ম। ব্যাটা বম্বেটে! ডাক ডাক দরোয়ানদের ডাক—

২য়। এই, এই ডাক দরোয়ান ডাক! শিগ্‌গির ডাক—

৩য়। এ রাম তেওয়ারী হো, এ রাম তেওয়ারী হো, জলদি আও।

সকলে। জলদি—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[চার পাঁচজন দরোয়ান লাঠি লইয়া দ্রুত প্রবেশ]

দরোয়ানগণ। কেয়া হুয়া, কেয়া হুয়া, কেয়া হুয়া—?

১ম। উতার দেও য়হ পাগল কো মন্দির সে,

সকলে। রাণী মাইকো মার ডালা শালা—

দরোয়ান। এ ভট্‌চায এ তুম্ বহুৎ বুরা কাম কিয়া—

[এতক্ষণ উভয়ে স্থির ছিলেন। গদাই বালকের ন্যায় মৃদু হাসিতেছে, যেন কিছুই হয় নাই।]

রাণী। যাও তোমরা সকলে এখান থেকে — খবরদার — ছোট ভট্‌চাযকে কেউ কিছু বলবে না—

(কর্ম্মচারী ও দরোয়ান সকলের প্রস্থান)

বাবা, আমি এই শালখানা এনেছি তুমি গায়ে দেবে বলে। বড্ড ঠাণ্ডা পড়েছে—খালি গায়ে বেড়াও শুনেছি—আর এই পাঁচটি টাকা রেখে দাও, কিছু খেয়ো—শরীরটা মাটী কোরনা। তুমি কিছু ভেবনা বাবা—। একটা মস্ত বড় মামলায় জড়িয়ে পড়েছি—মনটা খুবই খারাপ—মামলারই কথা ভাবছিলাম। তুমি ঠিকই বলেছ—মা যে আমার এখানে জাগ্রতা বুঝতে পারলাম—আজ আমার জন্ম সার্থক—তোমার হাত দিয়ে—মা-ইই আমাকে শাসন করেছেন বাবা, এখানে মায়ের কাছে এসে যদি মামলা মকোদ্দমার চিন্তাই কোরব তাহলে শান্তি কোথায় পাব আর ? এখানে একটু সংসার থেকে দূরে সরে এসে—জুড়তে চাই—তাই তো তোমায় গান শোনাতে বলেছিলাম—বাবা, এমনি অদৃষ্ট শোনবার কি জো আছে—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সতের রকম চিন্তা এসে জুটল—আচ্ছা বাবা বিষ্ণু ঘরে একবার হয়ে আসি—হ্যাঁ তুমি কিন্তু বাবা কিছু ভেবনা—তোমার কাজ তুমি করে যাও কোন বিঘ্ন হবে না—জয় মা কালী—জয় মা ভবতারিণী! (দেবী প্রণাম)

পট পরিবর্ত্তন।

(৩য় দৃশ্য)

[দক্ষিণেশ্বর কালীবাড়ী গঙ্গার ধার। একজন ভৈরবী পদাচরণ করিতেছেন ও এদিক ওদিক তাকাইয়া দেখিতেছেন।]

ভৈরবী। (স্বগত) একে একে দুজনকে তো তন্ত্র সাধনা করালাম। আর একজনকে, কোথায় খুঁজে পাব। স্বপ্নে যেমন দেখেছিলাম এই স্থানের সঙ্গে কিছু মিল যেন রয়েছে মনে হচ্ছে—তাই তো! ঐ কে আসছে এদিকে—যেন কোথায়—দেখেছি মনে হচ্ছে! ও এবার বুঝেছি—এইই তো! যাকে খুঁজে বেড়াচ্ছি সেই তো আসছে! ভাবে গর্গর মাতোয়ারা আহা কি ভাব!

[গান গাহিতে গাহিতে গদাইএর প্রবেশ]

গান।

শ্যামা মা উড়াচ্ছো ঘুড়ি (ভব সংসার বাজার মাঝে)
আশা বায়ু ভরে উড়ে বাঁধা তায় মায়া দড়ী॥
কাক গণ্ডি মণ্ডী গাথা পঞ্জরাদি নানা নাড়ী।
ঘুড়ি স্বগুণে নির্ম্মাণ করা, কারিগিরি বাড়াবাড়ী॥
বিষয়ে মেজেছ মাঞ্জা, কর্কশা হয়েছে দড়ী।
ঘুড়ি লক্ষের দুটা একটা কাটে, হেসে দাও মা হাত চাপড়ি॥
প্রসাদ বলে দক্ষিণা বাতাসে ঘুড়ি যাবে উড়ি।
ভব সংসার সমুদ্র পারে পড়বে গিয়ে তাড়াতাড়ি॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[গান শেষ হইলে]

গদাই। মা, তুমি কে ?

ভৈরবী। আমি ভৈরবী, ব্রাহ্মণী বাবা।

[গদাই প্রণাম করিল]

গদাই। মা, একটা কথা ব'লব ?

ভৈরবী। বলবে বৈকি, বল বাছা, কি বলবে বল—অকপটে বল।—

গদাই। মা আমার একি ব্যাধি হ'ল ? সদা সর্ব্বদা গা পুড়ে যাচ্ছে, যেন আগুন বেরুচ্ছে। গঙ্গায় ডুব দিয়ে বসে থাকি—ঘণ্টার পর ঘণ্টা, কিন্তু কিছুতে ঠাণ্ডা হয় না—দিন রাত মা মা বলে কাঁদি—মার চিন্তা ছাড়া আর কিছু ভাল লাগে না। পূজা সন্ধ্যাও আর করতে পারছি না—কত কি সব দর্শন হয়, লোকে বলছে ও সব মাথার ভুল—আমার মাথা নাকি খারাপ হয়েছে—মাথাটা ভাল হয় এমন কোন ওষুধ আছে কি না জিজ্ঞাসা করি কত লোককে—যে যা বলছে তাই করছি মা—কত ওষুধই না খেলাম—কিন্তু কিছুতেই কিছু হচ্ছে না—হ্যাঁগা মা তুমি আমার রোগটা ভাল করে দিতে পার—? শরীরের তাপটা যাতে কমে যায়—?

ভৈরবী। হ্যাঁ পারি বাবা। সাধনার উচ্চ অবস্থায় শরীরে এ রকম তাপ বৃদ্ধি হয় শাস্ত্রে আছে। তোমার খুব উচ্চ অবস্থা বাবা—ভাবনা করবার কিছু নেই, কিছু ভেবনা। সমস্ত শরীরে চন্দন লেপন করে জবা ফুলের মালা ধারণ করলে এ তাপ মৃদু হয়ে আসবে। আমি তোমার জন্যই এখানে এসেছি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাবা—তোমার সাধনায় সাহায্য করতে ; চৌষট্টি খানা তন্ত্র একে একে সাধন করাব বাবা। আমার ওপর জগদম্বার স্বপ্নাদেশ হয়েছে। তোমাকেই আমি খুঁজে বেড়াচ্ছি—আজ দেখা পেলাম। চল বাবা, সকল ব্যবস্থাই হয়ে যাবে—

গদাই। আমি মাকে জিজ্ঞাসা করে তোমায় বলব তন্ত্র সাধনা করব কিনা—তন্ত্র সাধনা! সাধনা!! সাধনা!!!

(ভাবাবিষ্ট হইয়া গান ধরিলেন)

গান।

আয় মা সাধন সমরে—
দেখি মা হারে কি পুত্র হারে।
দৈত্যরণে বারে বারে হও মা তুমি গো দৈত্য জয়ী,
এবার আমার রণে এস ব্রহ্মময়ী।
আরোহণ করি মহাপুণ্য রথে—
সাধন ভজন দুটি অশ্ব জুড়ি তাতে,
দিয়ে জ্ঞান ধনুকে টান, জুড়ি ভক্তি ব্রহ্মবাণ
বসে আছি মা ধরে।
গুরুর কৃপায় তোমারি শক্তিতে
আজ জিনিব মা তোমায় সমরে।

(গান শেষ হইলে আনন্দ করিতে করিতে)

চল মা, তোমাকে আমার পঞ্চবটী দেখিয়ে আনি—আর বেলতলায় পঞ্চমুণ্ডীর আসন— সাধনার ভারী অনুকূল স্থান—

ভৈরবা। তুমি মহাসাধক বাবা, শাস্ত্রোক্ত সাধনা করবে বলে আমি এসেছি—

[পট পরিবর্ত্তন]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৪র্থ দৃশ্য)

[জয়রাম বাটী। রামচন্দ্র মুখোপাধ্যায়ের গৃহ। তুলসীমঞ্চে জল ও প্রদীপ দিয়া প্রণামান্তে সারদামণির স্বগত উক্তি।]

সারদাদেবী। স্বামী মোর উন্মাদ! এই কি ছিল বিধিলিপি মোর?—
তবে যে সেদিন জ্যোতিষী এক কহি গেল জননীরে করিয়া
কুষ্ঠী বিচার কন্যা তব ভাগ্যবতী, অতি সুলক্ষণা, করিও না
কিছু মাত্র ভাবনা। হা অদৃষ্ট! পতি মোর পাগল আর
আমি ভাগ্যবতী! শুনিয়া পায় ক্রন্দন, বিদরিয়া যায় বক্ষ!
লোকে বলে কত কথা—কেহ করে ব্যাঙ্গ—কেহ বা বলে
আহা। কত আর সহিব! পারি না যাইতে কোথা—
যেথা যাই সেথা হেরি শত করুণ আঁখি রহিয়াছে চাহি
মোর পরে যেন কহিতেছে সবে স্বামী এর পাগল;—স্বামী
মোর পাগল শুনিতে শুনিতে চিত্ত মোর হয়েছে বিকল!
সত্যই কি স্বামী মোর পাগল? লোকে নানাবিধ বলে—
সকলে কি বলে ঠিক ঠিক? এ কথাও তো বলে কেহ
কেহ যে তিনি সদা হরি নামে মত্ত, এমন ভক্ত দেখে নাই
কেহ! মা—মা বলিতে বলিতে জ্ঞান নাহি রয়—কভু বা
ধুলায় লুণ্ঠিত দেহ! ধ্যানস্থ হইয়া রহেন কত দিবস রজনী—
জড় মনে করি পক্ষীগণ বসে শিরোপরে অকুতোভয়ে—
মরি মরি কিবা অপূর্ব্ব কথা! তারপর কত ডাকা ডাকি
হাঁকা হাঁকি তবু নাহি ভঙ্গ হয় ধ্যান—মস্তকে বারি দিয়া
কিছু জ্ঞান ফিরাইয়া আনি সাধু এক শুনিয়াছি—আহার
দেয় মুখে ঠেলিয়া, কোন মতে রাখে তাঁরে বাঁচাইয়া!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুনিয়া অদ্ভুত কাহিনী মনে বিস্ময় মানি—বড় সাধ হয় গিয়া দেখি স্বচক্ষে একবার প্রকৃত অবস্থা তাঁহার ; সত্যই যদি এই অবস্থা হয়—কর্ত্তব্য মোর এ সময় নিকটে থাকিয়া সেবা করা তাঁর ! যাই জননীর কাছে, গিয়া বলিব মনের কথা—জননী নিশ্চয় বুঝিবে মোর মরম ব্যাথা—শুনিতেছি গঙ্গা স্নানে কলিকাতায় যাইবে গ্রামের বহু নরনারী—তাহাদের সনে আমারেও দাও পাঠায়ে জননী — হেরিব স্বচক্ষে অবস্থা জামাতার তোর বলিব এ কথা, দুটি হাতে ধরি মাতারে মোর ! যাই, যাই এখনি যাই—মধুসূদন ! মধুসূদন ! অভাগিনীরে কোর না বঞ্চনা !

(নেপথ্যে) সারদা, সারদা ও সারদা !

সারদাদেবী। ঐ ডাকিছেন মাতা ! যাই, যাই ত্বরা করি—যাই মা যাই—

(প্রস্থান)

[বেহালা বাজাইয়া গাহিতে গাহিতে এক ভিখারীর প্রবেশ।]

গান।

কি আনন্দের কথা উমে !
লোকের মুখে শুনি, সত্য বল শিবানি
অন্নপূর্ণা নাম তোর কি কাশী ধামে ?
অপর্ণে যখন তোমায় অর্পণ করি,
ভোলানাথ ছিলেন মুষ্টির ভিখারী।
আজ কি কথা শুনি শুভঙ্করী,
বিশ্বেশ্বরী তুই কি বিশ্বেশ্বরের বামে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

খ্যাপা খ্যাপা সবাই বলত দিগম্বরে
যন্ত্রণা সয়েছি কত ঘরে পরে।
এখন দ্বারী নাকি আছে বিশ্বেশ্বরের দ্বারে
দরশন পায় না ইন্দ্র চন্দ্র যমে॥

[সারদামণির প্রবেশ ও ভিক্ষাদান]

পট পরিবর্ত্তন।

(৫ম দৃশ্য)

[দক্ষিণেশ্বর কালীবাড়ী। পঞ্চবটী।]

ব্রাহ্মণী। বাবা, তোতাপুরীর সঙ্গে অত মিশনা—ওদের শুষ্ক জ্ঞান মার্গ—ওদের সঙ্গ করলে ভাবভক্তি নষ্ট হয়ে যাবে—তা'ছাড়া ওরা তো শক্তি মানে না--

গদাধর। মানবে বৈকি মা, মানবে বৈকি—শক্তি ছাড়া ব্রহ্মের জগৎ কর্ত্তৃত্ব কোথায়? ওরা যারে ব্রহ্ম বলে আমি তারেই বলি কালী। কালী ব্রহ্ম অভেদ- যিনিই কালী তিনিই ব্রহ্ম—যেমন অগ্নি আর অগ্নির দাহিকা শক্তি আলাদা করে ভাবা যায় না। আমি দেখি মাইই আমার চাদর মুড়ি দিয়ে এক এক রকম হয়েছেন জীব, জন্তু, মানুষ গাছপালা চন্দ্র সূর্য্য. গ্রহ তারা সব তিনিই হয়েছেন—সকলের মধ্যে মাকেই দেখি—

ব্রাহ্মণী। অপূর্ব্ব সমন্বয় সাধন করে চলেছ বাবা। তোমার মত শক্তি সাধক—বর্ত্তমান জগতে দুর্লভ। বেদান্তের উচ্চ অধিকারী দেখে তোতাপুরী তোমাকে অদ্বৈত মতে দীক্ষিত করতে ইচ্ছা করে। এ দিকে শ্রীরাধার অষ্টাদশ মহাভাব তোমাতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরিপূর্ণরূপে বর্ত্তমান ; শ্রীগৌরাঙ্গের পর অষ্টাদশ মহাভাবের প্রকাশ তোমাতেই দেখা যায়—তোমার বহুমুখী সাধনায় জগৎ স্তম্ভিত হবে। জগতের কল্যাণ করতেই তুমি এসেছ—আমি বুঝতে পেরেছি। আমি তোমাকে কি আর বলতে পারি। তবে মনে করছি মথুরকে দিয়ে শ্রেষ্ঠ পণ্ডিত ও সাধকদের এক মহতী সভা আহ্বান করে তোমার মধ্যে অবতারের সকল লক্ষণই বর্ত্তমান সে কথা বিচার প্রমাণ দিয়ে জানিয়ে দিই জগতকে---এবার এক দেহে রাধা, কৃষ্ণ ও নিত্যানন্দ। পদ্মলোচন, বৈষ্ণবচরণ তোমার সম্বন্ধে যা বুঝেছে, আমিও তাই বুঝেছি—তুমি জগতে আজ হতে 'রামকৃষ্ণ' বলে খ্যাত হও, এই আমার অভিমত.....

শ্রীরামকৃষ্ণ। কি জানি বাপু, কি জানি, সব মা জানেন। [সমাধিস্থ]

[ভৈরবী গদাধরের গলে মাল্য দান করিয়া শঙ্খধ্বনি করিলেন।]

ভৈরবী। জয় ভগবান শ্রীরামকৃষ্ণ জয় ! [নেপথ্যে শঙ্খধ্বনি]

যবনিকা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫ম অঙ্ক

(১ম দৃশ্য)

[দক্ষিণেশ্বর কালীবাড়ী। শ্রীরামকৃষ্ণের ঘর। তক্তপোষে শয্যাপরি শ্রীরামকৃষ্ণ অর্দ্ধশয়ান। সারদাদেবী পদ সংবাহন করিতেছেন। শ্রীরামকৃষ্ণের গান ও উভয়ের কথোপকথন হইতেছে।]

গান।

গৌর হে আমি সাধন ভজন হীন।
পরশে পবিত্র কোরো আমি দীনহীন।
চরণ পাবো পাবো বলে বলে হে
(চরণ তো আর পেলাম না, গৌর!)
আমার আশায় আশায় গেল দিন!

গান।

আমি গেরুয়া বসন অঙ্গেতে পরিব
শঙ্খের কুণ্ডল পরি।
আমি যোগিনীর বেশে যাব সেই দেশে,
যেখানে নিঠুর হরি।

শ্রীরামকৃষ্ণ। তারপর—? আচ্ছা তোমার ডাকাত বাবার গল্পটি আর একবার বলতো শুনি—ঘটনাটি বেশ। কাছে যখন এল গয়নাগুলো খুলে তার হাতে দিয়ে কি বল্লে তুমি—?

সারদাদেবী। বললাম—বাবা, আমার সঙ্গীরা সব এগিয়ে গেছে—আমিই পিছিয়ে পড়েছি। মাঠের মাঝখানে পথ হারিয়ে ফেলেছি—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একলা আমার বড্ড ভয় হচ্ছে বাবা, তুমি এই গয়নাগুলো রেখে দাওনা বাবা—তোমার জামাই দক্ষিণেশ্বরে থাকে—আমাকে সেখানে পৌঁছে দেবে বাবা। (ঠাকুরের হাস্য)

শ্রীরামকৃষ্ণ। তুমি তো খুব সরল দেখছি—অনেক তপস্যা করলে তবে লোক সরল হয়—তোমার বুদ্ধিও বেশ! যেন সাক্ষাৎ সরস্বতী!

(হাসিলেন)

সারদাদেবী। কি বিপদেই পড়েছিলাম—নারায়ণই রক্ষা করেছেন। [ঠাকুরের মুচকি মুচকি হাসি]...আচ্ছা—আমাকে তোমার কি মনে হচ্ছে এখন?

শ্রীরামকৃষ্ণ। মনে হচ্ছে, যে মা মন্দিরে সেই মা নবত ঘরে আবার সেই মাইই এখন স্ত্রীরূপে পা টিপে দিচ্ছেন—নবত ঘরে বুড়ি শাশুড়ীকে নিয়ে বাস করতে ভাল লাগছে তো—বড় অল্প জায়গা এই যা—থাকতো যদি আমার সেজবাবু, তা'হলে তোমাদের এত কষ্ট হত না। এখানকার তো এই অবস্থা পোঁদের কাপড়েরই ঠিক নেই—তাই ভাবি আবার বৌ হ'ল কেন একটা?

সারদাদেবী। তা না হলে তোমাকে রেঁধে খাওয়াবে কে? তোমার পেটে তো সব সয় না—কি সয়, না সয়, আমি যেমন বুঝি আর কেউ সে রকম বোঝে?—ঠিক কি না তুমিই বল।

(হাসিতে হাসিতে)

শ্রীরামকৃষ্ণ। ঠিক বলেছ তুমি, ঠিক বলেছ (সহাস্যে) আচ্ছা আজকে তোমায় সমাধির কথা বলব বলেছিলাম, না? ভাল করে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
প্রতিমাশিকর সরকার

শোন—সব মনে রেখো কিন্তু। কখন কি রকম সমাধি হলে কোন নাম আমার কানে শোনাবে সব শিখিয়ে দিচ্ছি। সমাধি হ'লে ভয় পেয়ো না—ঐ সব নাম করলে বাহ্য জ্ঞান ফিরে আসবে আস্তে আস্তে—

সারদাদেবী। আচ্ছা বল শুনি, কিন্তু হ্যাঁ, তার আগে একটা কথা বলব ?

শ্রীরামকৃষ্ণ। বেশ তো, বলো না—

সারদাদেবী। তাইতো কি করে বলি (স্বগত)। না—না—আমি কিছু বলতে চাই না—এই ওঁরাই বলতে বলছিলেন—

শ্রীরামকৃষ্ণ। বেশতো—বলই না—

সারদাদেবী। এই—এই বলছিলাম কি, আমাদের অন্ততঃ একটি সন্তান……

শ্রীরামকৃষ্ণ। মাত্র একটি—? একটি সন্তান নিয়ে কি হবে—পেটের সন্তান ছাড়া কি সন্তান হয় না ? লক্ষ লক্ষ সন্তান তোমায় মা বলে ডাকবে—তুমি জগতের মা হবে, সেই ভাল নয়—? মা দেখিয়ে দিয়েছেন—ভক্তরা সব আসবে। তারাই তোমার সন্তান—তুমি তাদের মা হবে—এখানকার এমন সব ভক্ত আছে, যাদের আমি চিনি না, তাদের ভাষাও জানি না—তুমিই তাদের মা হবে—

সারদাদেবী। আমাদের লক্ষ লক্ষ সন্তান! হ্যাঁ সেই ভাল—অমন কথা আর কখনও আমি তোমায় বলব না—যা বলে ফেলেছি তার জন্যে আমায় ক্ষমা করো—

শ্রীরামকৃষ্ণ। তুমি কি আমায় সংসারে বন্ধন করতে চাও ? দেখ জগতের সকল নারীকেই আমি মা বলতে শিখেছি—তবুও তুমি যদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংসার করতে বল তা'হলে আমি তা করতে বাধ্য—তুমি যা করতে বলবে আমি তাইই ক'রব। (করজোড়ে)

সারদাদেবী। না, না আমি তোমায় সংসারে বদ্ধ করতে আসি নি—আমি তোমার সাধনায় সাহায্য ক'রব বলে এসেছি। তুমি ভেবোনা কিছু। যে কথা বলেছি বলতে শিখিয়ে দিয়েছিল তাই বলেছি।—

শ্রীরামকৃষ্ণ। তাইতো বলি, তাইতো বলি (সমাধিস্থ হইলেন)

[সারদাদেবী পায়ে হাত বুলাইতে লাগিলেন। পরে ঘুমাইয়া পড়িলেন ধীরে ধীরে সামধি ভঙ্গ হইল]

শ্রীরামকৃষ্ণ। জয় মা, জয় মা—জয় মা— (বলিতে বলিতে সমাধি ভঙ্গ) হের মন সম্মুখে—ইহাই নারী দেহ—ভোগের বস্তু বটে, ভোগ তরে লালায়িত জগত জনে; সত্য কহ কি চাহ তুমি—? সম্মুখে রয়েছে তোমার—সম্পূর্ণ আয়ত্বে তব—কেহ নাহি হেথা কিছু বলিবার;—সত্য কহ সচ্চিদানন্দ চাহ কিংবা চাহ ভুঞ্জিবারে নারী দেহ? অবশ্য, ভুঞ্জিবে যদি এ নারী দেহ—দেহেই আবদ্ধ থাকিতে হইবে চিরকাল নিশ্চয় জানিহ। সত্য বল মন কি চাহ তুমি? জয় মা সচ্চিদানন্দময়ী! জয় মা সচ্চিদানন্দময়ী!! জয় মা সচ্চিদানন্দময়ী!!!

[গান গাহিতে লাগিলেন]

গান।

চিদানন্দ সিন্ধুনীরে প্রেমানন্দ লহরী।
মহাভাব রাসলীলা কি মাধুরী মরি মরি—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিবিধ বিলাস রঙ্গ প্রসঙ্গ, কত অভিনব ভাব তরঙ্গ,
ডুবিছে, উঠিছে করিছে রঙ্গ নবীন নবীন রূপ ধরি—
(হরি হরি ব'লে)
মহাযোগে সমুদায় একাকার হইল, দেশ, কাল,
ব্যবধান, ভেদাভেদ ঘুচিল (আশা পুরিল রে,)
আমার সকল সাধ মিটে গেল এখন আনন্দে
মাতিয়া দু'বাহু তুলিয়া বল রে মন হরি হরি।
[গান শেষে সমাধিস্থ]

[সারদাদেবীর নিদ্রা ভঙ্গ। প্রভুকে সমাধিস্থ দেখিয়া হরি ওঁ এই নাম শুনাইতে লাগিলেন।]

সারদাদেবী। এরূপ গভীর সমাধি তো প্রভুর দেখি নাই কভু— নাম শুনাইয়া দেখিলাম তো! (পুনঃ নাম শুনাইতে যাইয়া)—নাঃ নাঃ বড় ভয় হয় মনে—যাই বরং সংবাদ দিই হৃদয় ও রামলালে।
(প্রস্থান)
পট পরিবর্ত্তন।

(২য় দৃশ্য)

[কলিকাতার রাজপথ। একটি ভদ্রলোকের এক চেঁড়া জিলিপি হস্তে প্রবেশ। এক ভিখারী বালক পিছন লইয়াছে।]

ভিক্ষু বালক। বাবু আমায় একখানা দাও, দাও বাবু একখানা— পায়ে পড়ি বাবু—

ভদ্রলোক। যাঃ—যাঃ; জ্বালাতন করিস নি—
[২য় ভদ্রলোকের প্রবেশ]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২য় ভদ্রলোক। আরে ম্যান তুমি, তা কোথায় চলেছ হে খাবার দাবার নিয়ে—?

১ম ভদ্রলোক।—এই ভাই যাব একটু দক্ষিণেশ্বরে।

২য় ঐ । হঠাৎ দক্ষিণেশ্বরে—?

১ম ঐ । পরমহংসদেবকে দেখতে—

২য় ঐ । এ চ্যাঙড়া কি ওঁরই জন্যে—?

১ম ঐ । হ্যাঁ ভাই, খালি হাতে সাধু দর্শন করতে যেতে নেই—তাই কিছু জিলিপি—

২য় ঐ । তা বিলক্ষণ—সাধুদের তা না হলে চলবে কি করে—? শুনছি বটে রামকৃষ্ণ পরমহংস বলে একজন কেষ্ট বিষ্টু উদয় হয়েছেন—চল আমিও তাহলে একবার দেখে আসি—ও হে দাওনা ছোঁড়াটাকে দু'খানা জিলিপি—আহা চেঁচাচ্ছে অত ?

১ম ঐ । না ভাই, না—ঠাকুরের নাম করে নিয়ে যাচ্ছি—এ থেকে কাউকে দিতে নেই।

[ভিখারী বালক পূর্ব্ববৎ চেঁচাইতে লাগিল]

ভিক্ষু বালক। বাবু দাওনা—দাওনা বাবু—

২য় ভদ্রলোক। আরে রেখে দাও তোমার ঠাকুর—দাও দু'খানা ওকে।

[নিজেই দু'খানা তুলিয়া ভিখারীকে দান করিল]

১ম ঐ । আরে কর কি, কর কি ?—

২য় ঐ । নাও চল, তোমার পরমহংসের কাছে—আমার কিন্তু অত বিশ্বাস টিশ্বাস নেই ভাই—এমনি একবার দেখে আসব লোকটা কেমন—অনেকের মুখেই নামটা শোনা যাচ্ছে বটে।

(প্রস্থান)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[পুনরায় চার পাঁচজনের প্রবেশ। একখানি খবরের কাগজ দেখাইয়া একজন বলিতেছে—]

১ম ব্যক্তি। ওহে দেখেছ, কাগজে একটা খবর দেখেছ—দক্ষিণেশ্বরে রামকৃষ্ণ পরমহংস বলে একজন অদ্ভুত সাধু আছেন—তিনি নাকি ভগবানের অবতার—বহু দর্শনাকাঙ্খীর ভিড় নিত্য লেগে রয়েছে—

২য় ব্যক্তি। চল না হে, রগড়টা কি একবার দেখেই আসা যাক—

৩য় ব্যক্তি। চলো—চলো—দক্ষিণেশ্বরেই যাওয়া যাক—আজ একটু নতুন রকমই হ'ক না কেন—

সকলে। চলো—চলো। (প্রস্থান)

[একটি কীর্ত্তনের দল গাহিতে গাহিতে প্রবেশ করিল]

গান।

এসেছে কাঙ্গালের ঠাকুর কাঙ্গালের তরে
আয় ভিখারী ত্বরা করি প্রেম নিবি আয় প্রাণ ভ'রে॥
দীনের মাঝে দীননাথ দীনে নাম বিলায়—
দীনের ব্যথা প্রাণে প্রাণে মুখের পানে চায়॥
পাপী তাপী কে আছিস রে আয়—
বলে ভয় কিরে আর আমারি ভায়
বকলমা দে আমারে।

[গান শেষ হইলে একজন ডাক্তার ও শিক্ষকের প্রবেশ]

ডাক্তার। ওহে, তোমরা সব কোথায় চলেছ—দলবল বেঁধে—

কীর্ত্তনীয়া। আজ্ঞে; দক্ষিণেশ্বরে পরমহংস মশাইকে কীর্ত্তন শোনাতে যাচ্ছি। (প্রস্থান)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাষ্টার । দেখেছ ডাক্তার, পরমহংসদেবের নাম ক্রমশই কেমন ছড়িয়ে পড়ছে, যেন ডঙ্কামারা নাম—

ডাক্তার । আরে মাষ্টার রাখ তোমার পরমহংস—অমন ভাল লোকটাকে ভগবান ভগবান বলে তোমরা খারাপ করে দেবে দেখছি—

(হাস্য ও প্রস্থান)

[কথা কহিতে কহিতে দুই ভদ্র লোকের প্রবেশ]

১ম ভদ্রলোক । একবার দক্ষিণেশ্বরে পরমহংস দেবকে দেখে তার পর যা ইচ্ছা হয় কোরো—আমার বিশ্বাস তাঁর দর্শনে তোমার শান্তি লাভ হবেই হবে—

২য় ঐ । অনেক হংসই দেখলাম ভাই—আচ্ছা তোমার হংসই আর বাকি থাকে কেন—তবে ভাই বলে রাখছি কিন্তু, যদি আমার চিত্তে তোমার পরমহংস শান্তি দিতে না পারেন তাহলে তাঁর কান মলে দিয়ে আসব—। (হাস্য ও প্রস্থান)

[দুইটি মাতালের প্রবেশ। দুই জনেরই বগলে মদের বোতল। এক জন আর এক জনকে টানাটানি করিতেছে—]

১ম মাতাল । চল্—চল্ বলছি—দক্ষিণেশ্বরে—কি! যাবি না শালা?

২য় ঐ । নাঃ—নাঃ যাবো না—যদি মদ খাওয়ায় তবে যাব—

১ম ঐ । চল্ চল্—খাওয়াবে—হ্যাঁ খাওয়াবে—এমন সুরা পান করাবে এ সুরা হ্যাক থু হয়ে যাবে (বোতল দেখাইয়া)। মদের বোতল দেখলেই তার নেশা হয়ে যায়—আর তাথেইয়া তাথেইয়া নাচ—অমন প্রাণের ইয়ার মাইরী আর দেখিনি কখনও—চল—চল্। [উভয়ের প্রস্থান ও পট পরিবর্ত্তন।]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩য় দৃশ্য)

[দক্ষিণেশ্বরে শ্রীরামকৃষ্ণের ঘর। ভক্ত সঙ্গে শ্রীরামকৃষ্ণ। সদানন্দ ঠাকুর একটি ছোট খাটে উপবিষ্ট। ভক্তেরা মাদুরে বসিয়া ঠাকুরের গান শুনিতেছেন।]

গান।

কখন কি রঙ্গে থাক মা, শ্যামা-সুধা-তরঙ্গিনী—।
তুমি রঙ্গে ভঙ্গে অপাঙ্গে অনঙ্গে ভঙ্গ দাও জননী॥
ও তোর লম্ফে ঝম্পে কম্পে ধরা, অসিধরা করালিনি;
তুমি ত্রিগুণা ত্রিপুরা তারা, ভয়ঙ্করা কাল কামিনী॥
সাধকের বাঞ্ছা পূর্ণ কর নানা রূপধারিনী।
কভু কমলের কমলে নাচ মা, পূর্ণব্রহ্ম সনাতনী (ওমা)॥

[গান শেষ হইলে ঠাকুর ভাবস্থ হইলেন। ভক্তেরা অবাক হইয়া দেখিতে লাগিল। কিছুক্ষণ পরে আস্তে আস্তে বাহ্যজ্ঞান ফিরিয়া আসিতেছে।]

শ্রীরামকৃষ্ণ। আ—মি—তা—মা—ক—খাব! জল—খাব— তামাক সাজনা রে—তামাক সাজনা।

[রামলালের প্রবেশ ও হুঁকা কলিকা লইয়া বাহিরে গমন]

শ্রীরামকৃষ্ণ। একটু টেনে মেনে দিস—(রামলালকে লক্ষ্য করিয়া পরে ভক্তদের প্রতি) আমার গলার অসুখটা কেন হ'ল—বলতে পারিস তোরা—? এ শরীরে ভোগ তো কিছু হয় নি, তবে এ রোগ কেন?

একজন ভক্ত। মাকে একবার বলুন না মশাই—তিনিই ভাল করে দেবেন—।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরামকৃষ্ণ । তাকি হয় ? এই ভাড় মাসের খাঁচাটা একবার তাঁকে দিয়ে দিয়েছি, আর কি এর জন্যে বলতে পারি—? সেদিন দেখলাম—সূক্ষ্ম শরীরটা ঘুরে বেড়াচ্ছে—পিঠ ময় ঘা—
[রামলাল তামাক দিলে টানিতে লাগিলেন]

২য় ভক্ত । কেন মশাই—অত ঘা কেন ?—

শ্রীরামকৃষ্ণ । কি জানিস—তোরা কত রকম কি করে আসিস—এসে পা ছুঁস—দয়া হয়—তোদের কর্ম্মফল নিতে হয়—সবটা ভুগতে হলে বাঁচতিস কি তোরা—? দেখ সব কর, বদমাইশিটা কেরল করিসনি। পাটোয়ারী বুদ্ধি ছাড়। মন মুখ এক কর ভাবের ঘরে চুরি করিসনি—[তামাক টানিতে লাগিলেন] মেয়ে জগত দিল খেয়ে—দেখছি কামিণী কাঞ্চন নিয়ে জগত মেতে রয়েছে—। আমি মাকে বলেছিলাম—মা আমাকে কাম দাও যদি তবে গলায় ছুরী দোব। কাম ক্রোধ সহজে যায় কিরে ঈশ্বর দর্শন না হলে যায় না—তাও কি যায়—? এক দিন পঞ্চবটীতে বসে ভাবছি আর কিছু না হোক কামটা তো জয় করেছি—সঙ্গে সঙ্গে কোথা থেকে কামের তোড় এলো—ভাগ্যিস কাছে তেমন কেউ ছিল না—আমি অমনি মাটিতে মুখ রগড়াতে রগড়াতে মা মা বলে ডাকতে লাগলাম, আর কাঁদতে লাগলাম—সচ্চিদানন্দময়ী মা রক্ষা কর—রক্ষা কর। বলতে লাগলাম আর মুখ রগড়াতে লাগলাম। মাটিতে মুখ ঘসতে ঘসতে মুখের ছাল চামড়া সব উঠে গিয়েছিল—রক্ত পড়তে লাগল। মাকে বললাম মা আর কখনও এমন ভাববো না—তবে যায়। তোদেরই বা দোষ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কি—চারদিকে কত প্রলোভন সে সব কাটিয়ে ওঠা কি সহজ কথা! (তামাকে একটা টান দিয়া গান ধরিলেন)

গান।

মহামায়ার এমনি মায়া রেখেছে কি কুহক করে—
ব্রহ্মা বিষ্ণু অচৈতন্য, জীব কি জানিতে পারে।
বিল করে ঘুর্ণী পেতে মীন ধরে—
দুয়ার রয়েছে তাতে, মীন পালালেও পালাতে পারে,
কিন্তু মীন পালাতে নারে।

৩য় ভক্ত। মশাই, ঈশ্বরকে দর্শন করা যায়—

শ্রীরামকৃষ্ণ। হ্যাঁ নিশ্চয়ই যায়—তাঁকে দর্শন করা যায়—তাঁর সঙ্গে কথা হয়—এই আমি যেমন তোদের দেখছি—তোদের সঙ্গে কথা বলছি—মাইরী বলছি—সত্যি বলছি। তাঁকে দর্শন করা যায়—তবে তাঁর জন্যে ব্যাকুল হতে হবে।.....(ভাবাবেশে যেন কাহার সহিত কথা বলিতেছেন).....যাও ঠাকরুণ যাও—এখন সর—এখন আমি তামাক খাব—কথা কইব—জীবে দয়া—জীবে দয়া। দুর শালা—জীবে দয়া কে করতে পারে—সেবা—সেবা! জীব সেবা—শিব জ্ঞানে জীব সেবা—যত জীব তত শিব—পাশ বদ্ধ জীব—পাশ মুক্ত শিব। তামাক সাজনা রে তামাক সাজনা—

[সকলকে লক্ষ্য করিয়া]

একঘেয়েমি ভাব ভাল নয়। এখানকার ভাব হচ্ছে ঝালে খাব, ঝোলে খাব, ভাজায় খাব, অম্বলে খাব, (সকলের হাস্য)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভগবানকে নানাভাবে উপভোগ ক'রব। তবে প্রথম অবস্থায় একটা ভাব পাকা ক'রে ধরতে হয়—ষোল আনা মন দিয়ে যে ভাবেই ডাকো তাঁকে পাবে। তামাক সাজনা রে·····

[চেঙড়া হস্তে একজন সঙ্গী সহ একজন ভক্তের প্রবেশ। ঠাকুরের সম্মুখে চেঙড়া রাখিয়া ঠাকুরকে প্রণাম। সঙ্গীটি প্রণাম করিল না। ঠাকুর লক্ষ্য করিলেন]

শ্রীরামকৃষ্ণ। কি গো কেমন আছ?—সেদিন এলে না যে বড়—আসবে বলে গেলে? বৌ বুঝি কাপড়ের খোঁটে বেঁধে রেখেছিল? (সকলের হাস্য) নতুন অনুরাগ—একটু বেশী বেশী প্রথমটা আসতে হয়।—তা ওতে আবার কি এনেছ?—

ভক্ত। আজ্ঞে কিছু জিলিপি নিয়ে এসেছি আপনি ভাল বাসেন বলে—

শ্রীরামকৃষ্ণ। হ্যাঁ পাকে পাকে রস আছে কিনা (সকলের হাস্য) আহা! মানুষ রসে বশে থাকেনা কেন! তা বেশ করেছ—এই সরিয়ে রাখলাম—কাউকে দোবনা কিন্তু,—দোবনা—দোবনা (বালকের ন্যায় আনন্দ করিতে করিতে পিছন দিকে সরাইয়া রাখিয়া ভাবাবেশে বলিলেন) তবে আগ তোলা জিনিষ ঠাকুর দেবতাকে দিতে নেই—

[সঙ্গীভক্তটি প্রণাম করিল]

সেকি এতক্ষণ কিছু করলে না আর এখন আবার কি হল? এতভক্তি কেন? তোমার বুঝি একটু দেরীতে হয়? (সকলের হাস্য।—রামলাল তামাক আনিয়া দিল)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সঙ্গীভক্ত। আজ্ঞে, আমি বুঝতে পারিনি আমাকে ক্ষমা করুন—

[ডাক্তার ও মাষ্টারের প্রবেশ]

শ্রীরামকৃষ্ণ। এসো এসো ডাক্তার এসো মাষ্টারও এসো—

ডাক্তার। আগে বলুন গলার ব্যথাটা আজ কি রকম ?

[দুটি ভদ্রলোকের প্রবেশ। সকলের উপবেশন।]

শ্রীরামকৃষ্ণ। তার আগে কানটা দেখ, কে যেন আচ্ছাকরে কষে মূলে দিয়েছে—বড্ড ব্যথা হয়েছে····· [কান এগিয়ে দিলেন সকলে অবাক। ডাক্তার ও মাষ্টার সবিস্ময়ে পরস্পরের দিকে তাকাইতে লাগিলেন।]·····ডাক্তার, নরেন ব'লে যে ছোকরাটি এখানে আসে, তাকে চেনো? আলাপ কোরো তার সঙ্গে। যেন খাপ খোলা তলোয়ার—লিখতে পড়তে গাইতে বাজাতে বলতে কইতে সবদিকে চৌকস্—। আবার জিতেন্দ্রিয়—বলছে বিয়ে কোরব না। আর সকলকে দেখি কেউ একটা তারা বড়জোর একটা বড় তারা কিন্তু নরেন আমার সূর্য্য ওকে পেলে আর কাউকে চাই না (ভাবাবেশ) সেদিন কেশবকে বল্লাম কেশব, তোমার একটা বক্তৃতা দেবার শক্তি আছে, আমার নরেনের অমন আঠরটা শক্তি আছে। কেশব হাসতে লাগল আর বলতে লাগল বেশ তো, বেশ তো। মাকে বলেছিলাম মা এমন একজন দাও যে এখানকার ভাব বুঝবে। তার পরই ও এলো। নরেন জগৎকে শিক্ষা দেবে—ও জগৎ জয় করবে। মাষ্টার তুমি সব কি লিখছ টিকছ ডাক্তারকে—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেখিয়েছ? ডাক্তার উনি এখানকার কথা সব লিখে রাখেন—তামাক সাজনারে তামাক সাজনা।

ডাক্তার। খুব ভাল, আপনার অমৃত তুল্য কথা ডায়রীতে লিখে রাখছেন—

শ্রীরামকৃষ্ণ। মাষ্টার এতে জিলিপি আছে সকলকে ভাগ করে দাও তো

(নিজে একটু ভাঙ্গিয়া মুখে দিলেন)

মাষ্টার। চলুন আপনারা সকলে, উত্তর দিকের বারাণ্ডায়

(ডাক্তার ব্যতীত সকলের প্রস্থান)

(একজন বৃদ্ধ লোকের প্রবেশ)

বৃদ্ধ। কৈ দেখি ; কেমন পরমহংস—? ও বাব্‌বা এই পরমহংস—ভেবেছিলাম মাথায় এইয়া বড়া জটা থাকবে, সর্ব্বাঙ্গ ছাই মাখা লোটা চিমটে ধারী দেখব কোথায়—কোথায় দেখব এমনি করে বোম্‌ বোম্‌ করে গাঁজার কলকেয় দম্‌ মারছে! তা নয়, সে সব কিছু নয়? তার বদলে দুগ্ধ ফেননিভ শয্যা, খাট, মশারী (ঠাকুর যেমন যেমন দেখাইতে লাগিলেন) ও বাবা আবার বার্ণিশ করা চটী, ও বাবা, ও বাবা মলিদার আবার। কোট, শাল, মোজা, টুপি আবার বটুয়াও রয়েছে একটা! একি পরমহংস রে বাবা। ছিঃ ছিঃ এতটা কষ্ট করে এই দেখতে এলাম! নাঃ যাই তার চেয়ে গঙ্গার ধারে গিয়ে খানিকটা বসিগে— (প্রস্থান)

শ্রীরামকৃষ্ণ। দেখ ডাক্তার গিরীশ, সুরেশ, রাম, সুরেন্দ্র, এদের এই সব কীর্ত্তি হচ্ছে—(সহাস্যে) কাগজে আবার কি সব লিখেছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমি কি তোদের কাগজে বিজ্ঞাপন দেওয়া সাধু?—অবতার তত্ত্বের কি বুঝিস তোরা—? শালারা কেউ একটা হেড্ মাষ্টার কেউ একটা প্রফেসার, কেউ একটা ডাক্তার, কেউ একটা উকিল, কেউ একটা ব্যারিষ্টার না হয় বড় জোর একটা জজ্—তোরা শালারা অবতারের কি বুঝিস? তোরা আর এখানকার বাড়াবি কি—? সূর্য্য উদয় হলে তখন আর বলতে হয় না সূর্য্য উঠেছে—হৃদয় পদ্ম ফুটলে ভ্রমর আপনি এসে জোটে—। আগে দেখ্ বোঝ্ তা নয় দেখ দিকিন এর মধ্যে কাগজে টাগজে লেখালেখি কেন বাপু? তামাক সাজ-নারে—আচ্ছা ডাক্তার, ওরা সব কি বলছে টলছে তোমার কি মনে হয়? রাম অবতারে কৃষ্ণ অবতারে কত ঐশ্বর্য্য ছিল, শক্তি ছিল, রূপ ছিল, বিদ্যা ছিল; চৈতন্য অবতারে কত পাণ্ডিত্য ছিল এখানে ও সব তো কিছুই নেই, রূপও নেই, পাণ্ডিত্যও নেই—

ডাক্তার। আজ্ঞে এবার রাজার ছদ্মবেশে রাজ্য পরিদর্শন যে—(হাসিতে হাসিতে)

[ঠাকুরের সলজ্জভাব। ভক্তেরা পুনরায় আসিয়া বসিল।]

শ্রীরামকৃষ্ণ। সেদিন এই খোলটাকে দেখলাম। এটা ঈশ্বরেরই রূপ, এ ঘরে ঘরে পূজা পাবে। মা দেখালেন এর ভেতর যে আছে সে সচ্চিদানন্দের পূর্ণ অবতার—তবে সত্ত্ব গুণের (দণ্ডয়ামন হইয়া ভাবাবিষ্ট হইলেন। মুখে অপূর্ব্ব হাসি ফুটিয়া উঠিল) মা বলেছেন তুই আর আমি অভেদ—তবে তুই ভাবের মুখে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

থাক—। যখন লোকে ভগবান বলে মানতে আরম্ভ করবে পূজা করবে তখন এ শরীরটা আর থাকবে না। যাইরি বলছি বাবুরা, এখানে যারা আসবে তাদের হবে, তাদের ধর্ম-লাভ হবে ঈশ্বর দর্শন হবে। (রামলাল তামাক আনিয়া দিল)

[কিছুক্ষণ পরে প্রকৃতস্থ হইয়া পুনরায় উপবেশন করিলেন]

আমি ষোল টাং করে গেলাম। তোরা এক টাং করলেই ভেসে যাবে। তোরা বাড়া ভাতে বসে যা। তোমাদের আর কি বলব তোমাদের সকলের চৈতন্য হ'ক।—

গান

শ্যামা মা কি কল করেছে, কালী মা কি কল করেছে
চেল্লাপোয়া কলের ভিতরি, কত রঙ্গ দেখাতেছে।
আপনি থাকি কলের ভিতরি, কত রঙ্গ দেখাতেছে।
আপনি থাকি কলের ভিতরি, কল ঘুরায় ধরে কল ডুরি।
কল বলে আপনি ঘুরি, জানেনা কে ঘোরাতেছে॥
যে কলে জেনেছে তারে, কল হতে হবে না তারে,
কোন কলের ভক্তি ডোরে আপনি শ্যামা বাঁধা আছে॥

[একজন মাড়োয়ারীর প্রবেশ। প্রণামান্তে উপবেশন ও এদিক ওদিক চাহিয়া দেখিতে লাগিল।]

মাড়োয়ারী। আপনার বিছানার চাদর টাদর গুলা ফেটে গ্যাছে বহুৎ ময়লা ভি হয়েছে। মশারীটাতো ছিঁড়িয়ে গেছে অনেক-গুলো তালি লাগিয়েছেন তো দেখছি—

(পূর্ব্বোক্ত বৃদ্ধ ফিরিয়া আসিলেন ঠাকুর তাঁহাকে লক্ষ্য করিলেন)

শ্রীরামকৃষ্ণ। আবার কি মনে করে (হাস্য)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৃদ্ধ। নাঃ, মনটা বড়ই খারাপ হয়ে গেছে। গঙ্গার ধারে বসেছিলাম। কেবল তোমার কথাই মনে হতে লাগল। তাই ভাবলাম যাই কাছে গিয়ে একটু বসি—

মাড়োয়ারী। আপনার তো ঔরৎ ভি আছে শুনেছি—

বৃদ্ধ। এ্যাঁ, আবার ঔরৎ জেনানা?

মাড়োয়ারী। তা—আপনার চলে কি করিয়া?

শ্রীরামকৃষ্ণ। মা চালিয়ে দিচ্ছেন এক রকম করে—।

মাড়োয়ারী। হামার একটা বাত শুনুন, আমি দশ হাজার টাকা লিয়ে এসেছি আপনাকে দেবে বলে—এই টাকাটা লিন (নোট বাহির করিল) কিছু কিছু খরচ করবেন ফুরালে আবার দিব।

শ্রীরামকৃষ্ণ। বাবা (হাত জোড় করিয়া) আমি টাকা পয়সা ছুঁতে পারি না—ছুঁলে মাগুর মাছের কাঁটা বেঁধার মত হাতে যন্ত্রণা হয়, হাত বেঁকে যায়। কোন ধাতুর জিনিষই ছুঁতে পারি না। গাড়ুটাও গামছা দিয়ে ধরে শৌচে যেতে হয়। তাছাড়া অত টাকায় কি দরকার? মা তো চালিয়ে দিচ্ছেন একরকম।

মাড়োয়ারী। আপনি টাকাটা রাখিয়া লন। অনেক কাজে লাগবে। হামার বাতঠো শুনুন। আপনি ছুঁতে পারেন না তো ব্যাঙ্কে আপনার নামে জমা করিয়ে দিচ্ছি।

শ্রীরামকৃষ্ণ। (একটু ভাবিত ও চিন্তিত হইয়া) তা'হলেও তো মনে হবে ও আমারই টাকা। না, বাপু আমি ওসব পারবো না। যে থুথু একবার ফেলে দিয়েছি, সে থুথু আবার চাটা কেন? টাকা মাটী মাটী টাকা টাকাই মাটী মাটীই টাকা বলে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এক হাতে একটা টাকা আর এক হাতে একটু মাটি নিয়ে অনেকক্ষণ ধরে বিচার করে গঙ্গার জলে ফেলে দিয়েছিলাম। ফেলে দিয়ে ভয় হ'ল মা লক্ষ্মী যদি খাঁটি বন্ধ করে দেন, তা'হলে কি হবে অমনি মার কাছে ছুটলাম— মাকে বললাম মা আমি তো এই করেছি, এখন লক্ষ্মী যদি খাঁটি বন্ধ করে দেয়—? মা বললেন—তা দিকগে, আমি তো আছি..... (সকলের হাস্য)

মাড়োয়ারী। তা'হলে আপনার ইস্ত্রিকে এই টাকাটা নিতে বলুন।

শ্রীরামকৃষ্ণ। তা সে যদি নেয়—তাকে জিজ্ঞেস করগে যাও।

মাড়োয়ারী। মা ঠাকরুণকে একবার ডাকিয়া দেন তবে—

[রামলালের প্রবেশ]

শ্রীরামকৃষ্ণ। ওরে রামলাল—রামলাল!

রামলাল। এই যে, কি বলছ খুড়ো—?

শ্রীরামকৃষ্ণ। ওরে তোর খুড়ীকে একবার ডেকে আনতে পারিস—আসবে কি—তার আবার বড্ড লজ্জা— (রামলালের প্রস্থান)

মাড়োয়ারী। আপনি এখনও একটু কাঁচা আছেন

শ্রীরামকৃষ্ণ। কেন—? (সকৌতুকে)

মাড়োয়ারী। এই পরমহংস যাঁরা তাঁরা নির্ব্বিকার হন তাদের কেউ কিছু দিলেইবা কি আর না দিলেইবা কি—দুই বরাবর তাঁদের কাছে—আপনি কিন্তু টাকাটা নিতে পারছেন না—তাহলেই একটু কাঁচা রয়েছেন কিনা? (সকলের হাস্য)

[রামলালের প্রবেশ]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রামলাল। খুড়িমা আড়ালে দাঁড়িয়ে আছেন—কি বলবে বল—

শ্রীরামকৃষ্ণ। তোর খুড়িকে জিজ্ঞেস কর—এই মাড়োয়ারী ভদ্রলোক দশ হাজার টাকা দিতে চাচ্ছে—আমি তো বাপু নিতে পারবনা—তবে ওদের তো বড় কষ্ট যদি এ টাকাটা নেয়—

রামলাল। খুড়িমা বলছেন তিনি ওটাকা নিলে ওটাকা তোমারই নেওয়া হবে কাজেই তিনি নিতে পারবেন না--

শ্রীরামকৃষ্ণ। বেশ, বেশ, বাঁচলুম বাবা (আনন্দিত হইয়া) আচ্ছা যেতে বলে দাও। (মাড়োয়ারীর প্রতি) শুনলে তো উনি কি বল্লেন—?

মাড়োয়ারী। আরে মশায় আপনিই রেখে লন—এই নিন, এই নিন। (টাকা দিতে যাইল)

শ্রীরামকৃষ্ণ। তবে রে শালা, শিগ্‌গির ওঠ এখান থেকে। মা, মা—এই সব লোককে (দ্রুত দণ্ডায়মান হইয়া) এখানে নিয়ে আসিস্ কেন? এরা আমাকে লোভ দেখাতে আসে—এরকম লোককে এখান থেকে দূর করে দে মা—এখনি দূর করে দে—

মাড়োয়ারী। আমাকে ক্ষমা করুন— (হাতযোড় করিয়া)

পট পরিবর্ত্তন

(৪র্থ দৃশ্য)

[দক্ষিণেশ্বর। পঞ্চবটী। কয়েকজন ভক্ত উদ্বিগ্ন চিত্তে একজন কর্ম্মচারীর সঙ্গে কথা কহিতেছেন।]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১ম ভক্ত। পরমহংস মশাই কত দিন হ'ল কলকাতায় শ্যামপুকুরে গেছেন ?

কর্ম্মচারী। এই মাস চারেক হ'ল প্রায়। অসুখটা বেড়ে গেল। তাঁর চিকিৎসার সুবিধা হবে বলে ভক্তরা বিশেষ করে নরেন্দ্র, গিরীশবাবু, মাষ্টার মশাই এঁরাই পাঁচজনে উঠে পড়ে লেগে একটু নির্জন জায়গায় সরিয়ে নিয়ে গেলেন—এখানে তো অনবরত তাঁর কাছে লোকের ভিড় লেগে থাকতো—চব্বিশ ঘণ্টাই ভক্ত সঙ্গে ঈশ্বর আনন্দে মেতে থাকতেন—ডাক্তাররা একেবারেই কথা বলতে নিষেধ করেছিল—কিন্তু সে কথা শোনে কে—

২য় ভক্ত। এখানে বসে বুঝি তিনি সাধনা করতেন—?

কর্ম্মচারী। হ্যাঁ, এই পঞ্চবটী তিনি নিজেই তৈরী করেছিলেন—

৩য় ভক্ত। হ্যাঁ মশাই, তা শ্যামপুকুরে গিয়ে তিনি কেমন আছেন—আপনারা খবর টপর রাখেন কিছু ? ওখানে গেলে তাঁর দেখা পাওয়া যাবে ?

কর্ম্মচারী। তা গিয়ে দেখতে পারেন। তবে অন্তরঙ্গ ভক্তরা খুব কড়া পাহারা রেখেছে—যাতে বেশী লোক তাঁকে বিরক্ত করতে না পারে। গলার ঘা-টা নাকি শুনছি খুবই বেড়ে গেছে—এফোঁড় ওফোঁড় ফুট হয়ে গেছে—যা খান অবশ্য তরল জিনিষই এখন খাচ্ছেন, সব ঐ ফুট দিয়েই বেরিয়ে যায়। একদিন এত বড় বালতির এক বালতি রক্ত পড়ে—আর বোধ হয় বেশী দিন থাক্‌বেন না। দেশশুদ্ধ লোকের পাপ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাপ নিয়েই তো এত বড় অসুখটা হ'ল ওঁর—এ এসে বলে আমায় ছুঁয়ে দাও ও এসে বলে আমায় ছুঁয়ে দাও। ইদানীং রাজ্যের লোক এসে বলতে লাগল আমায় কৃপা কর, আমায় উদ্ধার কর, আমার কি হবে উপায়—

৪র্থ ভক্ত। আমাদেরও কি উপায় হবে মশাই—অনেক দূর থেকে এসেছি—একবার তাঁর দর্শনটাও যদি দয়া করে করিয়ে দিতে পারেন—চলুন না দাদা আমাদের সঙ্গে শ্যামপুকুরে একবার।—

কর্ম্মচারী। তা বলছেন যখন চলুন। আপনারা এখানে একটু অপেক্ষা করুন, আমি ম্যানেজারকে একটু বলে আসি, এখনই আসব। (প্রস্থান)

[একজন ভক্তের গান গাহিতে গাহিতে প্রবেশ]

গান।

নির্ব্বাক বিস্ময়ে শুধু চেয়ে আছি মূর্ত্তিপানে তব—
অন্তরীক্ষ হতে দেব নিরখি ধর্ম্মের বিপ্লব
সেচ্ছাচার অনাচার শতাব্দীর ভ্রান্ত সংস্কার—
প্রীতিভরা কত স্মৃতি মথি মম কল্পনা পাথার—
মহাযোগী, ত্যাগী, ভোগী, নররূপে ওগো অবতার
অকুণ্ঠায় এসেছ হে স্বর্গসুখ করি পরিহার।
'অন্তরে সন্ন্যাসী সাজি দৃশ্যমান বিশ্ব কর ভোগ'—
এই মন্ত্রে দীক্ষা দিলে ছিন্ন করি মায়ার বন্ধন।
পাতকী তারিতে প্রভু প্রচারিলে শুদ্ধা ভক্তি যোগ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(উদাত্ত সঙ্গীতে তব)

প্রেমসিন্ধু দীনবন্ধু কর্ম্মী তুমি পতিতপাবন
মূর্ত্তিমান ব্রহ্মজ্ঞান পদস্পর্শে পবিত্র ভুবন।

[গান শেষ হইলে সকলে সমস্বরে জয়ধ্বনি করিলেন]

সকলে। জয় ভগবান শ্রীরামকৃষ্ণদেব কি জয়—

[কর্ম্মচারীর পুনঃপ্রবেশ]

কর্ম্মচারী। আপনারা চলুন এবার—

সকলে। বেশ, বেশ, চলুন—জয় রামকৃষ্ণ! জয় রামকৃষ্ণ!!

(আনন্দ সহকারে প্রস্থান)

পট পরিবর্ত্তন।

(৫ম দৃশ্য)

[শ্যামপুকুরের বাটী। একটি কক্ষে শ্রীরামকৃষ্ণ ভক্ত পরিবেষ্টিত হইয়া উপবিষ্ট। সাহেবী পোষাকে একটি ৩৫।৩৬ বৎসর বয়সের খৃষ্টান ভক্তের প্রবেশ ও ঠাকুরকে নতজানু হইয়া প্রণাম করিলেন।]

খৃষ্টান। 'ওহি রাম ঘট ঘটমে লেটা—'

শ্রীরামকৃষ্ণ। এক রাম তাঁর হাজার নাম। খৃষ্টানেরা যাঁকে গড্ বলে তাঁকেই হিন্দুরা রাম, কৃষ্ণ, ঈশ্বর এই সব বলে। পুকুরে অনেকগুলি ঘাট। এক ঘাটে হিন্দুরা জল খাচ্ছে, বলছে জল; ঈশ্বর। খৃষ্টানেরা আর ঘাটে খাচ্ছে, বলছে ওয়াটার; গড্, যীশু। মুসলমানেরা আর এক ঘাটে খাচ্ছে—বলছে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পানি ; আল্লা।

খৃষ্টান। মেরির ছেলে যিশু নয়। যীশু স্বয়ং ঈশ্বর।

(ভক্তদের প্রতি) ইনি এখন এই আছেন—আবার এক সময় ইনিই স্বয়ং ঈশ্বর। আপনারা এঁকে চিনতে পেরেছেন কিনা জানি না। আমি আগে থেকে এঁকে দেখেছি—এখন সাক্ষাৎ দেখছি। দেখেছিলাম এক বাগান। উনি উপরে আসনে বসে আছেন। মেজের উপর আর একজন বসে আছেন—তিনি তত উন্নত নন।

শ্রীরামকৃষ্ণ। তুমি কিছু দেখতে টেকতে পাও ?

খৃষ্টান। আজ্ঞে, বাটিতে যখন ছিলাম, তখন জোতিঃ দর্শন হত। তারপর যীশুকে দেখেছি। সে রূপ আর কি ব'লব! সে সৌন্দর্য্যের কাছে কি স্ত্রীর সৌন্দর্য্য!

[শ্রীরামকৃষ্ণ কিছুক্ষণের জন্য বাহিরে গেলেন। খৃষ্টান ভক্ত জামা, প্যাণ্টালুন খুলিয়া ভক্তদের দেখাইলেন, ভিতরে তিনি গৈরিক বসন পরিধান করেন।]

(কিয়ৎক্ষণ পরে শ্রীরামকৃষ্ণের পুনঃ প্রবেশ)

শ্রীরামকৃষ্ণ। এঁকে দেখলাম,—বীরের ভঙ্গিতে দাঁড়িয়ে আছে।

[শ্রীরামকৃষ্ণ সমাধিস্থ হইলেন ও পরে প্রকৃতিস্থ হইলেন। ভাবাবেশে খৃষ্টান ভক্তকে শেকহ্যাণ্ড করিলেন ও হাসিতে হাসিতে বলিতেছেন]

তুমি যা চাইছ, তা হয়ে যাবে।

খৃষ্টান। (করযোড়ে)—আমি সেদিন থেকে মন, প্রাণ, শরীর,—সব আপনাকে দিয়েছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[ঠাকুর ভাবাবেশে হাসিতেছেন ও পরে উপবেশন করিলেন]

শ্রীরামকৃষ্ণ। (একজন ভক্তকে) এঁকে নিয়ে গিয়ে যত্ন করে খাওয়াও।

(ভক্ত ও খৃষ্টানের প্রস্থান)

[ডাক্তারের প্রবেশ ও আসন গ্রহণ।]

শ্রীরামকৃষ্ণ। কারণানন্দের পর সচ্চিদানন্দ—কারণের কারণ কি বল ?

ডাক্তার। হাঁ—

[ঠাকুর সহাস্যে গাহিতে লাগিলেন]

গান

সুরাপান করি না আমি সুধা খাই জয় কালী বলে,
মন মাতালে মাতাল করে, মদ মাতালে মাতাল বলে !
গুরুদত্ত গুড় লয়ে, প্রবৃত্তি তায় মশলা দিয়ে (মা)
জ্ঞান শুড়িতে চুয়ায় ভাঁটি, পান করে মোর মন মাতালে।
মূল মন্ত্র যন্ত্র ভরা, শোধন করি বলে তারা,
প্রসাদ বলে এমন সুরা, খেলে চতুর্বর্গ মেলে।

[গান শেষে ঠাকুর ভাবাবেশে ডাক্তারের কোলে পা রাখিলেন।]

শ্রীরামকৃষ্ণ। উহ্! তুমি কি কথাই বলেছ! তাঁরি কোলে বসে আছি, তাঁকে ব্যারামের কথা বলবো না ত কাকে বোলব।—ডাকাতে হয় তাঁকেই ডাকবো!

[ঠাকুর চক্ষের জলে ভাসিতেছেন। ডাক্তারও অন্যান্য ভক্তগণ ভাবাবিষ্ট]

তুমি খুব শুদ্ধ! তা না হলে পা রাখতে পারি না! শান্ত ওহি হ্যায় যো রামরস চাখে—বিষয় কি ? ওতে আছে কি ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—টাকা কড়ি, মান, শরীরের সুখ, ওতে আছে কি? রামকো যো চিনা নাই দিল চিনা হ্যায় সো কেয়ারে। (ভাবাবেশে বলিতেছেন) ঐ গানটি হলে আমি থামবো—"হরিরস মদিরা—"

(একজন ভক্ত গাহিলেন)

গান

হরিরসমদিরা পিয়ে মম মানস মাতরে।
(একবার) লুটায়ে অবনী তল হরি হরি বলে কাঁদরে।
গভীর নিনাদে হরি নামে গগন ছাওরে,
নাচো হরি ব'লে, দুবাহু তুলে, হরিনাম বিলাও রে।
হরি প্রেমানন্দ রসে অনুদিন ভাসোরে,
গাও হরিনাম হও পূর্ণকাম, নীচ বাসনা নাশোরে।

(গান শেষ হইলে ঠাকুরের ভাবের উপশম হইল। গান শুনিয়া ডাক্তার খুব আনন্দ করিতে লাগিলেন।)

শ্রীরামকৃষ্ণ। (সহাস্যে) ছেলে বলেছিল, "বাবা, একটু চেখে দেখ; তারপর আমায় ছাড়তে বলত ছাড়া যাবে।" বাবা খেয়ে বল্লে,—"তুমি বাছা ছাড় আপত্তি নেই—কিন্তু আমি ছাড়ছি না!"

(ডাক্তার ও সকলের হাস্য)

পট পরিবর্ত্তন

(৬ষ্ঠ দৃশ্য)

[কাশীপুর উদ্যান বাটীর একটি কক্ষ। শ্রীরামকৃষ্ণ ভক্ত সঙ্গে আনন্দ করিতেছেন। একটি ভক্তকে চিবুক ধরিয়া আদর করিতেছেন।]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[ঠাকুর ভাবাবেশে হাসিতেছেন ও পরে উপবেশন করিলেন]

শ্রীরামকৃষ্ণ। (একজন ভক্তকে) এঁকে নিয়ে গিয়ে যত্ন করে খাওয়াও।

(ভক্ত ও খৃষ্টানের প্রস্থান)

[ডাক্তারের প্রবেশ ও আসন গ্রহণ।]

শ্রীরামকৃষ্ণ। কারণানন্দের পর সচ্চিদানন্দ—কারণের কারণ কি বল ?

ডাক্তার। হাঁ—

[ঠাকুর সহাস্যে গাহিতে লাগিলেন]

গান

সুরাপান করি না আমি সুধা খাই জয় কালী বলে,
মন মাতালে মাতাল করে, মদ মাতালে মাতাল বলে !
গুরুদত্ত গুড় লয়ে, প্রবৃত্তি তায় মশলা দিয়ে (মা)
জ্ঞান শুড়িতে চুয়ায় ভাঁটি, পান করে মোর মন মাতালে।
মূল মন্ত্র যন্ত্র ভরা, শোধন করি বলে তারা,
প্রসাদ বলে এমন সুরা, খেলে চতুর্বর্গ মেলে।

[গান শেষে ঠাকুর ভাবাবেশে ডাক্তারের কোলে পা রাখিলেন।]

শ্রীরামকৃষ্ণ। উহু! তুমি কি কথাই বলেছ! তাঁরি কোলে বসে আছি, তাঁকে ব্যারামের কথা বলবো না ত কাকে বোলব।— ডাকাতে হয় তাঁকেই ডাকবো!

[ঠাকুর চক্ষের জলে ভাসিতেছেন। ডাক্তারও অন্যান্য ভক্তগণ ভাবাবিষ্ট]

তুমি খুব শুদ্ধ! তা না হলে পা রাখতে পারি না! শান্ত ওহি হ্যায় যো রামরস চাখে—বিষয় কি ? ওতে আছে কি ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—টাকা কড়ি, মান, শরীরের সুখ, ওতে আছে কি? রামকো যো চিনা নাই দিল চিনা হ্যায় সো কেয়ারে। (ভাবাবেশে বলিতেছেন) ঐ গানটি হলে আমি থামবো— "হরিরস মদিরা—"

(একজন ভক্ত গাহিলেন)

গান

হরিরসমদিরা পিয়ে মম মানস মাতরে।
(একবার) লুটায়ে অবনী তল হরি হরি বলে কাঁদরে।
গভীর নিনাদে হরি নামে গগন ছাওরে,
নাচো হরি ব'লে, দুবাহু তুলে, হরিনাম বিলাও রে।
হরি প্রেমানন্দ রসে অনুদিন ভাসোরে,
গাও হরিনাম হও পূর্ণকাম, নীচ বাসনা নাশোরে।

(গান শেষ হইলে ঠাকুরের ভাবের উপশম হইল। গান শুনিয়া ডাক্তার খুব আনন্দ করিতে লাগিলেন।)

শ্রীরামকৃষ্ণ। (সহাস্যে) ছেলে বলেছিল, "বাবা, একটু চেখে দেখ; তারপর আমায় ছাড়তে বলত ছাড়া যাবে।" বাবা খেয়ে বল্লে,— "তুমি বাছা ছাড় আপত্তি নেই—কিন্তু আমি ছাড়ছি না!"

(ডাক্তার ও সকলের হাস্য)

পট পরিবর্ত্তন

(৬ষ্ঠ দৃশ্য)

[কাশীপুর উদ্যান বাটীর একটি কক্ষ। শ্রীরামকৃষ্ণ ভক্ত সঙ্গে আনন্দ করিতেছেন। একটি ভক্তকে চিবুক ধরিয়া আদর করিতেছেন।]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরামকৃষ্ণ। চৈতন্য হও—যে আন্তরিক ঈশ্বরকে ডেকেছে বা সন্ধ্যা-আহ্নিক করেছে তার এখানে আসতেই হবে—

[দুটি স্ত্রীলোক ভক্তের প্রবেশ। তাহারা প্রণাম করিলে ঠাকুর সমাধিস্থ হইয়া তাহাদের বক্ষ চরণ দ্বারা স্পর্শ করিলেন। উভয়ে অশ্রু বিসর্জন করিতেছেন।]

১ম স্ত্রীভক্ত। আপনার এত দয়া! (নারী ভক্তদ্বয়ের প্রণামান্তে প্রস্থান)

[শ্রীঠাকুর একটি ভক্তকে বলিতেছেন]

—তুই আমার বাপ—আমি তোর কোলে বসব। গোপালকে ডেকে আন—আজ তোদের সকলকে সব দিয়ে দোব—

[প্রভু সমবেত ভক্তগণকে ভাবাবেশে কাহাকেও বা বক্ষে স্পর্শ করিতেছেন কাহাকেও বা আলিঙ্গণ দিতেছেন। ভক্তমণ্ডলী সকলে আনন্দ বিহ্বল হইয়া কেহ নৃত্য করিতেছেন। দৃশ্যটি বড়ই মধুর। পরে শ্রীরামকৃষ্ণ উপবেশন করিলে ভক্তগণও স্ব স্ব আসন গ্রহণ করিলেন।]

শ্রীরামকৃষ্ণ। সব রামময় দেখছি। এক একবার মনে হয়, কাকে আর বলব। ছাখো না,—এই বাড়ী ভাড়া হয়েছে বলে কত রকম ভক্ত আসছে।

মাষ্টার। আর একটি উদ্দেশ্য আছে—লোক বাছা। পাঁচ বছর তপস্যা করে যা না হতো, এই ক'দিনে ভক্তদের তা হয়েছে। সাধনা, প্রেম, ভক্তি।

শ্রীরামকৃষ্ণ। হ্যাঁ, তা হলো বটে—এই নিরঞ্জন বাড়ী গিছলো। (নিরঞ্জনের প্রতি) তুই বল দেখি কি রকম বোধ হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিরঞ্জন। আজ্ঞে, আগে ভালবাসা ছিল বটে,—কিন্তু এখন ছেড়ে থাকতে পারবার যো নেই—

মাষ্টার। আমি একদিন দেখেছিলাম এরা কত বড়লোক।

শ্রীরামকৃষ্ণ। (সহাস্যে) কোথায়?

মাষ্টার। আজ্ঞে, শ্যামপুকুরে বাড়ীতে দেখেছিলাম। বোধ হলো, এরা এক একজন কত বাধা বিঘ্ন ঠেলে ওখানে এসে বসে রয়েছে—সেবার জন্য।

[মাষ্টারের কথা শুনিয়া ঠাকুর সমাধিস্থ হইলেন। কিছুক্ষণ পরে সমাধি ভঙ্গ হইল]

শ্রীরামকৃষ্ণ। দেখলাম সাকার থেকে সব নিরাকারে যাচ্ছে! আর আর কথা বলতে ইচ্ছা যাচ্ছে, কিন্তু পারছি না। আচ্ছা, ঐ নিরাকারের ঝোঁক্—ওটা কেবল লয় হবার জন্য, না?

মাষ্টার। (অবাক হইয়া) আজ্ঞা তাই হবে!

শ্রীরামকৃষ্ণ। লোক বাছা যা বলছ তা ঠিক। এই অসুখ হওয়াতে কে অন্তরঙ্গ কে বহিরঙ্গ, বোঝা যাচ্ছে। যারা সংসার ছেড়ে এখানে আছে, তারা অন্তরঙ্গ। আর যারা একবার এসে 'কেমন আছেন মশাই' জিজ্ঞাসা করে তারা বহিরঙ্গ। ভবনাথকে দেখলে না? শ্যামপুকুরে বরটী সেজে এলো। জিজ্ঞাসা করল 'কেমন আছেন'—তারপর আর দেখা নেই। নরেন্দ্রের খাতিরে ঐ রকম তাকে করি, কিন্তু মন নেই। যখন আরতি হ'ত, কুটীর উপর থেকে চীৎকার করতাম—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

'ওরে কে কোথায় ভক্ত আছিস আয়! ঐহিক লোকদের সঙ্গে আমার প্রাণ যায়'—

[নরেন্দ্রের প্রবেশ। ঠাকুর উৎফুল্ল হইয়া তাঁহাকে কাছে ডাকিয়া বসাইলেন।]

শ্রীরামকৃষ্ণ। তুই এতক্ষণ ছিলি কোথায়? (আদর করিতে করিতে) তোমরা সকলে একটু অন্য ঘরে যাও তো—(সকলের প্রস্থান) যদিও তোমাতে আমাতে অভেদ আত্মা—বাহ্য দৃষ্টিতে গুরু শিষ্যরূপে পৃথক পৃথক ছিলাম। (নরেন্দ্রের হাত ধরিয়া কিছুক্ষণ ভাবাবিষ্ট থাকিয়া) কিন্তু আজ তোমাকে আমার যথাসর্ব্বস্ব আমি অর্পণ ক'রে ভিখারী হ'য়ে নামে রামকৃষ্ণ রইলাম; তুমি রাজরাজেশ্বর হ'য়ে দ্বিতীয় রামকৃষ্ণ হ'লে—তুমি আমার কাজ করতে এসেছ—জগৎ শিক্ষক হয়ে তুমি লোক শিক্ষা দেবে--তাই তুমি যা চাচ্ছ—নির্ব্বিকল্প সমাধি তা এখন চাবি দেওয়া রইল—আগে আমার কাজ করবে—তারপর খুলে দেব। আর দেখো যেন এই কটা ছোঁড়া তোমার আশ্রয়ে এক সঙ্গে সাধন ভজন করে—(উভয়ের বক্ষ চক্ষের জলে ভাসিয়া যাইতে লাগিল)

[ভক্তগণের পুনঃ প্রবেশ। একে একে সকলে উপবেশন করিলেন।]

শ্রীরামকৃষ্ণ। (গলার ঘা দেখাইয়া) এটা কেমন করছে।

[ভক্তগণ উদ্বিগ্ন চিত্তে কে কি করিবেন, তাহার জন্য পরস্পরের দিকে তাকাইতে লাগিলেন। ঠাকুর কিন্তু পরক্ষণেই গান ধরিলেন]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গান।

কবে সমাধি হব শ্যামা চরণে।
অহং তত্ত্ব দূরে যাবে সংসার বাসনা সনে।
উপেক্ষিয়ে মহত্তত্ত্ব, ত্যজি চতুর্ব্বিংশ তত্ত্ব
সর্ব্ব তত্ত্বাতীত তত্ত্ব হেরি আপনে আপনে॥

(গাহিতে গাহিতে সমাধি)

[ভক্তরা সকলে অবাক হইয়া দেখিতেছে। কিয়ৎক্ষণ পরে ঠাকুর অর্দ্ধ বাহ্য দশায় বলিতেছেন।]

শ্রীরামকৃষ্ণ। আজ ভাতের পায়েস খাব—ভেতরে এত খিদে যে হাঁড়ি হাঁড়ি খিচুড়ী খাই, কিন্তু মহামায়া কিছুই খেতে দিচ্ছেন না। সারাদিন ভগবানের খেলা দেখে বিভোর, চিন্ময়ও বটেন, আবার চিদ্ঘনও বটেন! লীলায় সেই চিন্ময়ের জমাট। দেখছি তিনি অপরূপ বালক কৃষ্ণ হয়ে আপন মনে খেলাধূলো করছেন। নবীন মেঘের মত বরণ, জ্যোতিতে দিক আলো—রূপ যেন ঠিকরে পড়ছে—ওরে, ভুবনসুন্দর! পথ দিয়ে যত লোক যাচ্ছে, তাদের গায়ে ধূলো দিয়ে কত আনন্দ। কেউ গাল দিয়ে গেল ভ্রূক্ষেপ নাই, আবার কেউ আদর ক'রে কোলে ক'রতে এল অমনি দৌড়। আবার কেউ আনমনে যাচ্ছে, ঝাঁপ দিয়েই তার কোলে উঠলেন। বালকের খেলা কিনা, কোন হেতু নেই। যে আদর করলে তাকে উপেক্ষা, আর যে ভুলেও ডাকেনি তাকে কৃপা!!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[কিছুক্ষণ চুপ করিয়া থাকিয়া আপন হৃদয় স্পর্শ করিয়া বলিতেছেন]

যিনি রাম, যিনি কৃষ্ণ, তিনিই ইদানীং রামকৃষ্ণ। কালী! কালী!! (বরাভয় দান মানসে হস্তদ্বয় প্রসারিত করিয়া শয্যায় শুইয়া পড়িলেন, মুখমণ্ডল অপূর্ব্ব আনন্দে উদ্ভাসিত হইয়া উঠিল।)

পট পরিবর্ত্তন

(৭ম দৃশ্য)

[কাশীপুরের বাগান। নিভৃত কক্ষ। সারদা দেবী রন্ধন কার্যে ব্যাপৃতা। উনানে ভাত ফুটিতেছে। সারদা দেবী আনাজ কুটিতেছেন। এদিক ওদিক রন্ধনের সরঞ্জাম ছড়ান রহিয়াছে। পরে বঁটী সরাইয়া রাখিয়া গল বস্ত্র হইয়া করযোড়ে নমস্কার করিতেছেন।]

সারদা দেবী: নারায়ণ! নারায়ণ!! দাসী তোমায় করিছে প্রণাম—লহ প্রণাম মোর হে দেবতা—! দাসীরে রেখো পায় কোরনা বঞ্চনা। শুভ্র জোছনা যেমন তেমনি শুদ্ধ অমলিন কর মোরে—অন্য বাসনা যেন কভু নাহি স্পর্শে মোরে—বাসনা শুধু ও চরণ সেবিব—!

আহা—! দীর্ঘ দিন সঙ্গে রাখি কত শিক্ষা, কত জ্ঞান, কত উপদেশ দিলেন আপনি প্রভু। কি আনন্দে দিনগুলি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাটিতেছে মোর—হৃদয় আনন্দে ভরি রহে সর্ব্বক্ষণ—ধন্য আমি—ধন্য আমি—সার্থক জীবন মোর।

নাহি কিছু মাত্র ভেদজ্ঞান—স্ত্রীপুরুষ জ্ঞান বালকেও বা যদি সম্ভবে কণা মাত্র তাঁহাতে নাহি অনুভবি—দেহ-জ্ঞান শূণ্য একেবারে! কভু মনে হয় তিনিই পুরুষ তিনিই প্রকৃতি আবার। —অদ্ভুত লীলা হেরিতেছি যত আনন্দ সাগরে ডুবিতেছি তত। কি অপূর্ব্ব বালক ভাব! পুনঃ হেরি মহাজ্ঞানী—কখন জননীর ন্যায় স্নেহ পরায়ণ—কখন বা গুরু রূপে করেন শাসন কঠোর—। প্রেম ভক্তির অপূর্ব্ব মিলন দেখি তাঁহাতে—আবার কখন হেরি মহাযোগী মহাধ্যানে নিমগন যোগীশ্বর মহাদেব যেমন!—

এত বড় কঠিন পীড়া দৃকপাত নাহি তাহে ভক্ত সঙ্গে সদা আনন্দে মগন! হায় একি হ'ল—? একি নিমিত্ত করি দরশন? ডান চক্ষু নাচে কেন—? ওকি অন্ন বুঝি গেল পুড়িয়া—? (দ্রুত উঠিয়া ভাতের হাঁড়ি নামাইতে গিয়া কাপড়ে আগুন লাগিয়া গেল। দ্রুত নিবাইয়া ফেলিলেন) নাঃ—নাঃ, এ নহে শুভ লক্ষণ! মা—মা! রক্ষা কর—দয়াময়ী রক্ষা কর! আজি কি তবে ব্যাধি তাঁর বাড়িল অকস্মাৎ! যাই সংবাদ লই ত্বরা—ভক্ত মাঝে কেমনে বা যাই?—না—না—যাই উচাটন হয়েছে প্রাণ মোর প্রভুর মঙ্গল লাগি—যাই, যাই। (প্রস্থান)

পট পরিবর্ত্তন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৮ম দৃশ্য)

[কাশীপুর বাগান। কক্ষান্তর। শ্রীরামকৃষ্ণ সমাধিস্থ। বিছানায় অর্দ্ধ-শায়িত অবস্থায় রহিয়াছেন! মুখখানি হাস্য ও জ্যোতির্ম্মণ্ডিত দেখা যাইতেছে। নরেন্দ্র প্রমুখ দশবারটা ভক্ত চিন্তাকুল চিত্তে প্রভুর পাশে বা চরণতলে উপবিষ্ট বা দণ্ডায়মান হইয়া হরি ওঁ এই নাম ঘন ঘন উচ্চারণ করিতেছেন। নরেন্দ্র তানপুরা লইয়া গান গাহিতেছেন।]

গান।

নিবিড় আঁধারে মা তোর চমকে অরূপ রাশি
তাই যোগী ধ্যান ধরে হয়ে গিরি গুহাবাসী॥
অনন্ত আঁধার কোলে, মহানির্ব্বাণ হিল্লোলে
চির শান্তি পরিমল অবিরল যায় ভাসি।
মহাকাল রূপ ধরি, আঁধার বসন পরি
সমাধি মন্দিরে মা কে তুমি গো একা বসি;
অভয় পদ কমলে প্রেমের বিজলী জ্বলে
চিন্ময় মুখ মণ্ডলে শোভে অট্ট অট্ট হাসি॥

[গান শেষ হইলে দু'জন ডাক্তারের প্রবেশ। তাঁহারা প্রভুকে রীতিমত পরীক্ষা করিয়া দেখিতেছেন ও পরীক্ষা শেষে নরেন্দ্রকে বলিলেন।]

১ম ডাক্তার। Hopeless!—এ সমাধি ভাঙ্গা আর ভাঙ্গবে বলে মনে হচ্ছে না।

২য় ডাক্তার। তবে আরও তিন চারি ঘণ্টা রেখে দেখতে পার, এই পর্য্যন্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নরেন্দ্র। এই লেটো, কাগজ কলম দে, আর এই শরৎ তুই যা শ্রীমাকে খবরটা দে—মহা সমাধির খবরটা দে।

(শরতের প্রস্থান)

সকলে। মহা সমাধি! জয় রামকৃষ্ণ!—

নরদেব দেব জয় জয় নরদেব
শক্তিসমুদ্রসমুত্থতরঙ্গম্
দর্শিতপ্রেমবিজৃম্ভিত রঙ্গম
সংশয়রাক্ষসনাশংমহাস্ত্রম্
যামি গুরুং শরণং ভব বৈদ্যং
নরদেব দেব জয় জয় নরদেব
ওঁ স্থাপকায় চ ধর্ম্মস্য সর্ব্বধর্ম্ম স্বরূপিনে।
অবতার বরিষ্ঠায় শ্রীরামকৃষ্ণায় তে নমঃ॥

[সাদরামণির দ্রুত প্রবেশ। আলুথালু বেশে—আলুলায়িতা কেশে। মুখের ভাব দেখিলে মনে হয় উদ্যত শোকাবেগ অন্তরে দৃঢ় রূপে সংযত। উদাস দৃষ্টি অথচ সে দৃষ্টিতে ভবিষ্যতের এক সুবৃহৎ ইঙ্গিত ফুটিয়া রহিয়াছে।]

সারদাদেবী। হায়! একি হ'ল—চলে গেল! কোথায় গেল!—আমার মা কালী কোথায় চলে গেল—কোথায় চলে গেল আমার মা কালী!--

[শূন্যপানে দৃষ্টি রাখিয়া স্থির হইয়া দাঁড়াইয়া রহিলেন। উপস্থিত সকল ভক্তগণ সরদাদেবীর সম্মুখে নতজানু হইয়া প্রণত হইলে সারদাদেবী বরাভয় দান মানসে দুই হস্ত ভক্তগণের মস্তকোপরি প্রসারিত রাখিলেন।]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভক্তগণ। জননীং সারদাং দেবীং রামকৃষ্ণম জগদগুরুম্
পাদপদ্মে তয়োশ্চিত্বা প্রণমামি মুহুর্মুহুঃ॥

[নেপথ্যে শঙ্খধ্বনি ও জয় ভগবান শ্রীরামকৃষ্ণ পরমহংসদেব কী জয়! তুমুলধ্বনি শ্রুত হইল।]

যবনিকা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi